২টি অডিও সিডি BBC জানালার • ফ্রি

# BBC জানালা ইংরেজি শেখার বই

প্রয়োজনীয় ইংরেজি






কর্মক্ষেত্রে ব্যবহৃত ইংরেজি

BBC জানালা

প্রথম আলো

# BBC জানালা
# ইংরেজি শেখার বই

প্রয়োজনীয় ইংরেজি
কর্মক্ষেত্রে ব্যবহৃত ইংরেজি

BBC জানালা ইংরেজি শেখার বই
গ্রন্থস্বত্ব © প্রথমা প্রকাশন
প্রথম প্রকাশ : কার্তিক ১৪১৮, নভেম্বর ২০১১
প্রকাশক : প্রথমা প্রকাশন
সিএ ভবন, ১০০ কাজী নজরুল ইসলাম এভিনিউ
কারওয়ান বাজার, ঢাকা ১২১৫, বাংলাদেশ
মুদ্রণ : কমলা প্রিন্টার্স
৮৭ পুরানা পল্টন লাইন, ঢাকা ১০০০

**মূল্য : ১০০ টাকা**

*BBC Janala English Learning Book*
Published in Bangladesh by Prothoma Prokashan
CA Bhaban, 100 Kazi Nazrul Islam Avenue
Karwan Bazar, Dhaka 1215, Bangladesh
Telephone: 8110081
e-mail: prothoma@prothom-alo.info
Price: Taka 100 Only

ISBN 978 984 8765 84 5

# সূচি



## প্রয়োজনীয় ইংরেজি


আপনার সঙ্গে পরিচিত হয়ে খুশি হলাম ৯
আপনি কী করেন? ১২
এখন সময় কত? ১৫
আপনার প্রিয় খেলা কোনটি? ১৮
আপনি কোথায় থাকেন? ২১
আপনার শখ কী? ২৪
হরেক রকম খাবার ২৭
আজ আবহাওয়া কেমন? ৩০
আজ কত তারিখ? ৩৩
আপনি কি জানেন পোস্ট অফিস কোথায়? ৩৬
আমরা কখন দেখা করব? ৩৯


## কর্মক্ষেত্রে ব্যবহৃত ইংরেজি


আপনি কি আজকের মিটিংয়ে আসছেন? ৪২
আপনি কি জরুরি কাগজগুলো পেয়েছেন? ৪৫
আমি কি কিছু নমুনা দেখতে পারি? ৪৮
এই জিনিসটির দাম কত? ৫১
আপনি কী করেন? ৫৪
আপনি কোথায় কাজ করেন? ৫৭
আমি কি অতিরিক্ত শিফটে কাজ করতে পারি? ৬০
এখানে কতজন কাজ করেন? ৬৩
আপনার সঙ্গে পরিচিত হয়ে খুশি হলাম ৬৬



**শব্দ-তালিকা** ৬৯

# আমাদের কথা

BBC জানালার জগতে আপনাকে স্বাগত! প্রকাশিত হলো BBC জানালা ইংরেজি শেখার বই। ইংরেজি শেখার পথে আপনি আজ আরও এক ধাপ এগিয়ে গেলেন।

BBC জানালা সব সময়ই আপনাকে নতুন নতুন উপায়ে ইংরেজি শিখতে সাহায্য করেছে। টেলিভিশন, মোবাইল, ওয়েবসাইট, সংবাদপত্র ও সিডিতে প্রকাশিত লেসনের মাধ্যমে আমরা সেই চেষ্টাই চালিয়ে যাচ্ছি। তারই ধারাবাহিকতার ফল এই বইটি। আপনি বইটিতে *প্রথম আলোতে* প্রকাশিত BBC জানালার ইংরেজি লেসনগুলো একত্রে পাবেন। ফলে আপনার প্রয়োজনীয় ও পছন্দের লেসনগুলো আপনি সংগ্রহে রাখতে পারবেন। আরও সহজে ঘরে বসে যেকোনো সময়ে ইংরেজি শিখতে পারবেন। চাইলে শেয়ার করতে পারবেন আপনার বন্ধু বা কাছের মানুষের সঙ্গে।

BBC জানালা **যুক্তরাজ্যের আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (ডিএফআইডি)**-এর আওতাভুক্ত ইউকেএইড-এর অর্থায়নে পরিচালিত **ইংলিশ ইন অ্যাকশন** প্রকল্পের একটি অংশ, যার লক্ষ্য হলো ২০১৭ সালের মধ্যে বাংলাদেশের আড়াই কোটি মানুষের ইংরেজি ভাষার দক্ষতা বাড়িয়ে তোলা। আমাদের এই প্রয়াসে সঙ্গী হওয়ার জন্য ধন্যবাদ জানাই *প্রথম আলোকে*।

আপনার ইংরেজি শেখার প্রচেষ্টা অব্যাহত থাকুক; আরও উপভোগ্য ও কার্যকর হয়ে উঠুক এই প্রত্যাশা রইল।

আপনি যদি আগে কখনো ইংরেজি না-ও শিখে থাকেন, তবুও BBC জানালা আপনাকে বন্ধুর মতোই সাহায্য করবে।

আমরা বিশ্বাস করি, আপনি চাইলেই পারবেন!

**শারলট ইমবার্ট**
পরিচালক
বিবিসি ওয়ার্ল্ড সার্ভিস ট্রাস্ট বাংলাদেশ।
২১ সেপ্টেম্বর, ২০১১

# আমাদের কথা

আমাদের দেশে ইংরেজি নিয়ে দুশ্চিন্তা সবার। ছাত্র, শিক্ষক, অভিভাবক—আমরা কেউ-ই এই তালিকার বাইরে নই। আমাদের দেশে শহরের স্কুলগুলোতে ইংরেজি শিক্ষার মান কিছুটা ভালো হলেও শহরের বাইরের অবস্থা খুবই খারাপ। এটাই বাস্তবতা। আবার যাঁরা মোটামুটি ইংরেজি পড়তে বা লিখতে পারেন, তাঁদের অনেকেই ইংরেজিতে কথা বলার ক্ষেত্রে জড়তা বোধ করেন, কিছুটা হীনম্মন্যতায়ও ভোগেন।

এই দৈনন্দিন বাস্তবতা জড়িয়ে গেছে আমাদের অনেকের জীবনে। সেই ভাবনা থেকেই বিবিসি ওয়ার্ল্ড সার্ভিস ট্রাস্টের সাহায্যে BBC জানালার ইংরেজি শিক্ষার কার্যক্রমে *প্রথম আলো* অংশগ্রহণ করে এবং সপ্তাহে তিন দিন পত্রিকার পড়াশোনা পাতায় এর লেসন (পাঠ্যক্রম) প্রকাশ করা হচ্ছে। শিক্ষার্থীদের ওপর ব্যাপক গবেষণা করে এবং অভিজ্ঞ ব্রিটিশ শিক্ষকদের মাধ্যমে তৈরি এই লেসনগুলো *প্রথম আলোর* পাঠকদের উপকারে এসেছে। অনেকেই লেসনগুলো পত্রিকা থেকে কেটে নিজের সংগ্রহে রাখছেন এবং চর্চা করছেন।

সে জন্য প্রথম থেকেই পুরো পাঠ্যক্রমটি বই আকারে প্রকাশ করার জন্য সচেতন পাঠকদের পক্ষ থেকে একটা দাবি ছিল। ভাবনাটা শুরু থেকে *প্রথম আলোর* সংশ্লিষ্ট ব্যাক্তিদের মধ্যেও ছিল। এই দুইয়ের সম্মিলনে প্রথমা প্রকাশন থেকে প্রকাশিত হলো BBC জানালা ইংরেজি শেখার বই। এটা আমাদের এই প্রয়াসের শুরু মাত্র। এর ধারাবাহিকতায় ভবিষ্যতে আরও বই প্রকাশিত হবে।

এখানে অবশ্যই উল্লেখ করতে চাই, বই আকারে প্রকাশের সময় *প্রথম আলোতে* প্রকাশিত লেসনগুলোতে কিছু পরিবর্তন আনা হয়েছে। আর এ কাজটাও করেছেন অভিজ্ঞ ব্রিটিশ শিক্ষকেরা। এ জন্য তাঁদের ধন্যবাদ। এই উদ্যোগের জন্য আরও ধন্যবাদ জানাই বিবিসি ওয়ার্ল্ড সার্ভিস ট্রাস্ট, *প্রথম আলো* ও প্রথমা প্রকাশনের কর্মীদের, যাঁদের আগ্রহ ও প্রয়াসের কারণেই এই বইয়ের ভাবনা বাস্তবে রূপ পেল।

এই বইয়ের লেসনগুলো তৈরি করা হয়েছে সর্বস্তরের পাঠকের কথা ভেবেই। এখন তাদের কাজে লাগলেই আমরা আমাদের এই প্রয়াস সফল মনে করব।

**মতিউর রহমান**
সম্পাদক
প্রথম আলো
২৫ সেপ্টেম্বর, ২০১১

# বইটি ব্যবহারের পরামর্শ

*BBC জানালা ইংরেজি শেখার বই*-এ আপনাকে স্বাগত। এই বইয়ে আছে **প্রয়োজনীয় ইংরেজি** ও **কর্মক্ষেত্রে ব্যবহৃত ইংরেজি** লেসন। এই বইয়ের লেসনগুলো পড়ে ও চর্চা করে আপনি বিভিন্ন ইংরেজি শব্দ ও বাক্য শিখতে পারবেন। এই লেসনগুলো নিয়মিতভাবে চর্চা করে আপনি চাকরি, ব্যবসা ও আপনার দৈনন্দিন জীবনের বিভিন্ন প্রয়োজনে আরও ভালোভাবে ইংরেজি ভাষা ব্যবহার করতে পারবেন। বিদেশে যাওয়া, কোনো অতিথির সঙ্গে কথা বলা, কর্মক্ষেত্রে কথা বলা, বন্ধুদের সঙ্গে গল্প করা, অথবা নতুন একটি ভাষা আয়ত্ত করা—প্রয়োজন যাই হোক না কেন, এই বইটি পড়ে আপনি অনেক আনন্দ নিয়ে ইংরেজি শিখতে পারবেন।

এই বইয়ের প্রতিটি লেসনে আছে ছবি, সংলাপ, দরকারি ইংরেজি শব্দসহ মজার সব অনুশীলনী। লেসনগুলো আপনি একাই চর্চা করতে পারেন, অথবা আপনার বন্ধু ও পরিবারের সদস্যদের সঙ্গেও চর্চা করতে পারেন। বন্ধুদের সঙ্গে চর্চা করার সময় একে অন্যকে সহায়তা করুন এবং লেসনের অনুশীলনীগুলো নিয়মিতভাবে চর্চা করুন।

এই বইয়ে প্রতিটি লেসনের শেষে বিভিন্ন অনুশীলনীর উত্তর দেওয়া আছে। এতে করে আপনি যেকোনো লেসন শেষ করার পর আপনার উত্তরগুলো সহজেই মিলিয়ে নিতে পারবেন। এ ছাড়া বইয়ের শেষে আছে **শব্দ-তালিকা**। শব্দ-তালিকা পড়ে আপনি সঠিক উচ্চারণের পরামর্শসহ প্রয়োজনীয় বিভিন্ন শব্দের অর্থ জানতে পারবেন।

এই বইয়ের লেসনগুলো পড়ার পাশাপাশি বিভিন্ন লেসনে থাকা বিষয়গুলো ব্যবহার করে আপনি আরও অনেকভাবে ইংরেজি চর্চা করতে পারবেন। এ বিষয়ে ধারণা পাওয়ার জন্য নিচের পরামর্শগুলো লক্ষ করুন।

## লেসনের ছবিগুলো ব্যবহার করুন

এই বইয়ের বিভিন্ন লেসনে ইংরেজি শেখার সুবিধার্থে অনেক ছবি ব্যবহার করা হয়েছে। লেসনে ব্যবহৃত ব্যক্তির ছবিগুলো তাদের প্রকৃত পরিচয় বহন করে না; বিভিন্ন চরিত্রের মডেল হিসেবে তাদের ছবি ব্যবহার করা হয়েছে।

লেসনের ছবিগুলো মনোযোগ দিয়ে লক্ষ করুন। ছবির বিষয়গুলো বুঝতে চেষ্টা করুন। এবার সেই ছবিগুলো সম্পর্কে আপনি নিজে নিজেই ইংরেজিতে কিছু বলতে চেষ্টা করুন। আপনি যেসব ইংরেজি শব্দ জানেন, সেগুলো ব্যবহার করে ইংরেজিতে বাক্য তৈরি করুন।

আপনার পরিবারের সদস্য বা বন্ধুদের সঙ্গে নিয়ে লেসনের ছবিগুলো দেখুন। এবার সেই ছবিগুলো নিয়ে তাদের সঙ্গে ইংরেজিতে কথা বলুন। ছবিগুলো সম্পর্কে লেসনে যেসব প্রশ্ন আছে, সেগুলোর উত্তর দিন। তারপর ছবির বিষয়গুলো নিয়ে এ রকম আরও কিছু নতুন প্রশ্ন ও উত্তর তৈরি করে আপনার পরিবারের সদস্য বা বন্ধুদের সঙ্গে সেগুলো চর্চা করুন। ছবিগুলো নিয়ে আপনারা বিভিন্ন ধরনের প্রশ্ন করতে পারেন। যেমন :

- ছবিতে আপনি কী দেখছেন?
- ছবিটি কোথায় তোলা হয়েছে?
- ছবিতে কি কোনো ব্যক্তিকে দেখা যাচ্ছে?
- ছবিতে থাকা ব্যক্তিদের পরিচয় কী?
- ছবিতে ব্যক্তিরা কোথায় আছেন?
- তারা কী ধরনের পোশাক পরে আছেন?
- আপনি কি ছবির বিষয় সম্পর্কে বর্ণনা দিতে পারবেন?
- ছবির ব্যক্তিরা কী করছেন? তারা কী বলছেন?
- ছবিতে কি কোনো বস্তু দেখা যাচ্ছে? সেগুলো কী? সেগুলো কোথায় রাখা আছে?
- ছবিটি কি আপনার ভালো লেগেছে? কেন ভালো লেগেছে? অথবা, ভালো লাগেনি কেন?

এভাবে ছবিগুলো সম্পর্কে নতুন কিছু ইংরেজি শব্দ ও বাক্য আপনার নোটবুকে লিখে রাখুন।

## লেসনের কথোপকথনগুলো ব্যবহার করুন

এই বইয়ের লেসনগুলোতে যখন কোনো কথোপকথন দেখবেন, তখন সেই কথোপকথনগুলো মনোযোগ দিয়ে পড়ুন এবং সেগুলো ভালোভাবে বুঝতে চেষ্টা করুন। কথোপকথনের নতুন ইংরেজি শব্দের অর্থ ও সেগুলো উচ্চারণের জন্য পরামর্শ পেতে এই বইয়ের শেষে শব্দ-তালিকা দেখুন।

বিভিন্ন লেসনে দুই বা তার অধিক ব্যক্তির মধ্যে অনেক কথোপকথন আছে। আপনার পরিবারের সদস্য বা বন্ধুদের সঙ্গে সেই কথোপকথনগুলো চর্চা করুন। চর্চা করার সময় বিভিন্ন চরিত্রের সংলাপগুলো স্পষ্টভাবে উচ্চারণ করুন। এভাবে কথোপকথনগুলো বারবার চর্চা করুন। আপনি যত বেশি চর্চা করবেন, ইংরেজিতে আপনার দক্ষতা ততই বাড়বে।

বিভিন্ন লেসনের কথোপকথনগুলো লক্ষ করুন। এবার সেই কথোপকথনগুলো অনুসরণ করে আপনি ইংরেজিতে নতুন কিছু কথোপকথন তৈরি করুন। লেখার সময় এই বইয়ের অন্যান্য লেসনে শেখা শব্দ ও বাক্যগুলো ব্যবহার করুন।

বিভিন্ন লেসনের কথোপকথনগুলো আপনার নোটবুকে লিখুন। লেখার সময় বাক্যে কিছু স্থানে শূন্যস্থান রাখুন। এবার চেষ্টা করে দেখুন তো, সঠিক শব্দ ব্যবহার করে আপনি শূন্যস্থানগুলো পূরণ করতে পারেন কি না।

বিভিন্ন লেসনের কথোপকথনগুলো আপনার নোটবুকে লিখুন। লেখার সময় বাক্যের শব্দগুলো এলোমেলোভাবে লিখুন। এবার চেষ্টা করে দেখুন তো, শব্দগুলো সঠিকভাবে সাজিয়ে কথোপকথনের বাক্যগুলো লিখতে পারেন কি না।

## নতুন শব্দ শিখুন

এই বইয়ের লেসনগুলোতে আপনি অনেক নতুন ইংরেজি শব্দ শিখতে পারবেন। যত বেশি নতুন শব্দ শিখবেন ইংরেজিতে আপনার কথা বলার দক্ষতা তত বাড়বে। বিভিন্ন লেসনে শেখা নতুন শব্দগুলো বাংলা অর্থসহ একটি নোটবুকে লিখে রাখুন। এবার নতুন শব্দগুলো ব্যবহার করে ছোট ছোট বাক্য তৈরি করুন।

আপনার পরিবারের সদস্য ও বন্ধুদের সঙ্গে নিয়ে নতুন ইংরেজি শব্দগুলোর বানান চর্চা করুন। এ বিষয়ে আপনার দক্ষতা কতটুকু, তা যাচাই করার জন্য একে অন্যকে ইংরেজি শব্দের বানান জিজ্ঞাসা করুন ও উত্তর দিন।

বিভিন্ন লেসনে শেখা নতুন ইংরেজি শব্দগুলো ব্যবহার করে বাক্য তৈরি করুন। সেই বাক্যগুলো উচ্চারণ করে বলুন, অথবা আপনার নোটবুকে লিখে রাখুন।

আমরা আশা করি এই বইয়ের ইংরেজি লেসনগুলো আপনি অনেক আনন্দ নিয়ে পড়বেন এবং সেগুলো আপনার দৈনন্দিন জীবনে অনেক উপকারে আসবে। এই বইয়ে যা কিছু শিখছেন, সেসব অবশ্যই চর্চা করুন এবং প্রতিদিন ইংরেজিতে কথা বলার সময় সেগুলো ব্যবহার করুন। নিয়মিতভাবে চর্চা করার জন্য আপনার পরিবারের সদস্য বা বন্ধুদের সঙ্গে নিয়ে একটি ইংলিশ ক্লাব গড়ে তুলতে পারেন। সেই ক্লাবে প্রতিদিন একটি নির্দিষ্ট সময়ে আপনারা ইংরেজি চর্চা করতে পারেন।

মনে রাখবেন, আপনি যত বেশি চর্চা করবেন, ইংরেজিতে আপনার দক্ষতা ততই বাড়বে।

## আপনার মতামত পাঠিয়ে দিন

এই বইয়ের যেকোনো বিষয় নিয়ে আপনি আপনার মতামত আমাদের কাছে পাঠিয়ে দিতে পারেন। মোবাইল ফোনের এসএমএস-এর মাধ্যমে মতামত পাঠান :

আপনার মোবাইলের মেসেজ অপশনে গিয়ে লিখুন → Feedback <space> PA <space> আপনার মতামত → পাঠিয়ে দিন **3000** নম্বরে

- ইমেইল-এর মাধ্যমে মতামত পাঠান এই ঠিকানায় :bbcjanala@bbcwstbd.org
- চিঠির মাধ্যমে মতামত পাঠান এই ঠিকানায় : **জিপিও বক্স ৬১৪৬, গুলশান, ঢাকা**

# প্রয়োজনীয় ইংরেজি

## আপনার সঙ্গে পরিচিত হয়ে খুশি হলাম : প্রথম অংশ



হ্যালো, আমি মিশা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

কারও সঙ্গে কীভাবে পরিচিত হতে হয়।

- **প্রথম অংশে আমরা শিখব**—কারও সঙ্গে পরিচিত হওয়ার সময় কী বলতে হয়।
- দ্বিতীয় অংশে আমরা শিখব—কারও বাসস্থান সম্পর্কে কীভাবে কিছু জিজ্ঞাসা করতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—নিজের সম্পর্কে কীভাবে কিছু বলতে হয়।

---

### অনুশীলনী-এক

*আয়েশা, রিপন ও জয়-এর মধ্যকার কথোপকথনটি লক্ষ করুন। অনুমান করে বলুন তো, তারা কি পূর্ব-পরিচিত? নাকি আজই তাদের প্রথম দেখা হলো? আপনি কীভাবে তা বুঝতে পারবেন?*



Ayesha



Ripon



Joy

| | | |
|---|---|---|
| **Ayesha** | : | Hi, my name is Ayesha. What is your name? |
| **Ripon** | : | Hi, I am Ripon. Nice to meet you, Ayesha. |
| **Ayesha** | : | Nice to meet you, Ripon. This is my friend. His name is Joy. |
| **Ripon** | : | Hi, Joy. Nice to meet you. |
| **Joy** | : | Nice to meet you too. |

### অনুশীলনী-দুই

*অনুশীলনী-এক-এর কথোপকথনটি আবার লক্ষ করুন। বাংলা অর্থসহ নিচের বাক্যগুলো পড়ুন এবং চর্চা করুন।*

| |
|---|
| **Hi, my name is Ayesha.** |
| হাই, আমার নাম আয়েশা। |
| **What is your name?** |
| আপনার নাম কী? |
| **Nice to meet you.** |
| আপনার সঙ্গে পরিচিত হয়ে খুশি হলাম। |
| **This is my friend.** |
| ইনি আমার বন্ধু। |
| **Nice to meet you too.** |
| আপনার সঙ্গেও পরিচিত হয়ে খুশি হলাম। |

### অনুশীলনী-তিন

*এবার আপনার একজন বন্ধুর সঙ্গে অনুশীলনী-এক-এর কথোপকথনটি চর্চা করুন। এজন্য আয়েশা, রিপন ও জয়ের চরিত্রগুলো নিজেদের মধ্যে পরিবর্তন করে নিন। সংলাপগুলো চর্চা করার সময়* **Nice to meet you** *বলতে ভুলবেন না।*

# প্রয়োজনীয় ইংরেজি

## আপনার সঙ্গে পরিচিত হয়ে খুশি হলাম : দ্বিতীয় অংশ



হ্যালো, আমি মিশা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

কারও সঙ্গে কীভাবে পরিচিত হতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—কারও সঙ্গে পরিচিত হওয়ার সময় কী বলতে হয়।
- **দ্বিতীয় অংশে আমরা শিখব**—কারও বাসস্থান সম্পর্কে কীভাবে কিছু জিজ্ঞাসা করতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—নিজের সম্পর্কে কীভাবে কিছু বলতে হয়।

---

### অনুশীলনী-এক

*নিচে চারজন ব্যক্তির ছবি দেওয়া আছে। প্রতিটি ছবির নিচে তাদের নাম ও দেশের নাম এবং ছবির নিচে একটি ছকে তাদের জাতীয়তার নাম লেখা আছে। এই ব্যক্তিদের সঙ্গে তাদের দেশ ও জাতীয়তার নামগুলো মিলিয়ে নিন।*

১

Nupur
Bangladesh

২

John
the USA

৩

Alex
the UK

৪

Delwar
India

| | | |
|---|---|---|
| ক. | the USA | American |
| | (যুক্তরাষ্ট্র) | (আমেরিকান) |
| খ. | Bangladesh | Bangladeshi |
| | (বাংলাদেশ) | (বাংলাদেশি) |
| গ. | India | Indian |
| | (ভারত) | (ভারতীয়) |
| ঘ. | the UK | British |
| | (যুক্তরাজ্য) | (ব্রিটিশ) |

### অনুশীলনী-দুই

*ওপরের ছবিগুলো মনোযোগ দিয়ে লক্ষ করুন। এবার নিচের ও ডান দিকের অসম্পূর্ণ বাক্যগুলো দেখুন এবং সঠিক দেশ ও জাতীয়তার নাম ব্যবহার করে বাক্যের শূন্যস্থানগুলো পূরণ করুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

১. Nupur is from Bangladesh.
She is Bangladeshi.

২. John is from _____________.
He is _____________.

৩. Alex is from _____________.
She is _____________.

৪. Delwar is from _____________.
He is _____________.

### অনুশীলনী-তিন

*নিচে নূপুর ও দেলোয়ারের কথোপকথনটি পড়ুন। বলুন তো, নূপুর কোথায় থাকেন? এবং দেলোয়ার কোথায় থাকেন?*

**Nupur :** Hi, my name is Nupur. I am from Khulna in Bangladesh. I am Bangladeshi. Where are you from?

**Delwar :** I am Delwar, I am from Kolkata in India. I am Indian. Nice to meet you, Nupur.

**Nupur :** Nice to meet you too, Delwar.

*এবার আপনার পালা। নিচের শূন্যস্থানে আপনার নাম ও জাতীয়তা লিখুন।*

I am from ________ (দেশ). I am_______(জাতীয়তা).

*এবার আপনার একজন বন্ধুকে তার দেশ ও জাতীয়তার নাম জিজ্ঞাসা করুন :*

**Where are you from? What is your nationality?**

*নিচের শূন্যস্থানগুলোতে আপনার বন্ধুর দেশ ও জাতীয়তার নাম লিখুন।*

My friend is from ________ (দেশ).
He/She is ________ (জাতীয়তা).

**উত্তর**

অনুশীলনী এক :১-খ, ২-ক, ৩-ঘ, ৪-গ

অনুশীলনী দুই : ২-the USA, American; ৩-the UK, British; ৪-India, Indian.

অনুশীলনী তিন : নূপুর বাংলাদেশে এবং দেলোয়ার ভারতে থাকেন।

# প্রয়োজনীয় ইংরেজি

## আপনার সঙ্গে পরিচিত হয়ে খুশি হলাম : তৃতীয় অংশ



হ্যালো, আমি মিশা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

কারও সঙ্গে কীভাবে পরিচিত হতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—কারও সঙ্গে পরিচিত হওয়ার সময় কী বলতে হয়।
- দ্বিতীয় অংশে আমরা শিখেছি—কারও বাসস্থান সম্পর্কে কীভাবে কিছু জিজ্ঞাসা করতে হয়।
- **তৃতীয় অংশে আমরা শিখব**—নিজের সম্পর্কে কীভাবে কিছু বলতে হয়।

---

## অনুশীলনী-এক

*সালমা, শিমুল ও আনোয়ার-এর কথোপকথনটি লক্ষ করুন। অনুমান করে বলুন তো, তারা কি পূর্ব-পরিচিত? নাকি আজই তাদের প্রথম দেখা হলো? আপনি কীভাবে তা বুঝতে পারবেন?*


Salma


Shimul


Anwar

**Salma** : Hi, I am Salma.
What is your name?
**Shimul** : Hi, I am Shimul.
Nice to meet you, Salma.
**Salma** : Nice to meet you too, Shimul.
Where are you from?
**Shimul** : I am from Bangladesh.
Where are you from?
**Salma** : I am British. This is my friend, Anwar.
**Shimul** : Nice to meet you. Where are you from?
**Anwar** : Hi, Shimul. Nice to meet you too.
I am from India.

## অনুশীলনী-দুই

*অনুশীলনী-এক-এর কথোপকথনটি আবার পড়ুন। এবার নিচের বাক্যগুলো লক্ষ করুন। সঠিক বাক্যটির পাশে* **T** *লিখুন এবং ভুল বাক্যটির পাশে* **F** *লিখুন।* **T** *অর্থাৎ* **True**, *মানে সত্য এবং* **F** *অর্থাৎ* **False**, *মানে মিথ্যা। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

| | |
|---|---|
| ক. Salma is from India. | [F] |
| খ. Anwar is British. | [ ] |
| গ. Shimul is from Bangladesh. | [ ] |

## অনুশীলনী-তিন

*অনুশীলনী-এক-এর কথোপকথনটি আবার লক্ষ করুন। নাম ও বাসস্থান সম্পর্কে কিছু বলার সময় ইংরেজিতে আমরা* **verb be** *ব্যবহার করেছি। লক্ষ করুন, সেখানে* **subject** *অনুযায়ী* **verb be** *পরিবর্তন করা হয়েছে। নিচের ছকে* **verb be**-*গুলো মনোযোগ দিয়ে পড়ুন।*

| | |
|---|---|
| I | **am** |
| you | **are** |
| he | **is** |
| she | **is** |

## অনুশীলনী-চার

*অনুশীলনী-এক-এর বিভিন্ন বাক্যে ব্যবহৃত* verb **be**-*গুলো ভালোভাবে দেখুন। এবার নিচের বাক্যগুলো পড়ুন। এখানে প্রতিটি বাক্যে তিনটি করে* verb **be** *লেখা রয়েছে। সঠিক* verb **be**-*গুলোর ওপর টিক চিহ্ন দিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

১. I am/is/are Salma. (✓ am)
I am/are/is from the UK.
I am/are/is British.
২. Where am/are/is you from?
৩. He am/are/is from India.
He am/are/is Indian.

**উত্তর**
অনুশীলনী-দুই : খ-F, গ-T
অনুশীলনী-চার : ১-am, am, ২-are, ৩-is, is

BBC জানালা
www.bbcjanala.com

প্রথম আলো
The Daily Prothom Alo

# প্রয়োজনীয় ইংরেজি

## আপনি কী করেন? : প্রথম অংশ



হ্যালো, আমি মিশা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

কারও কাজ সম্পর্কে কীভাবে কিছু জিজ্ঞাসা করতে হয় এবং নিজের কাজ সম্পর্কে কীভাবে কিছু বলতে হয়।

- **প্রথম অংশে আমরা শিখব**—বিভিন্ন কাজের জন্য ব্যবহৃত প্রয়োজনীয় কিছু ইংরেজি শব্দ।
- দ্বিতীয় অংশে আমরা বিভিন্ন কাজ ও কর্মক্ষেত্র—বিষয়ক কিছু লেখা পড়ব।
- তৃতীয় অংশে আমরা শিখব—নিজের কাজ সম্পর্কে কীভাবে কিছু বলতে হয়।

---

## অনুশীলনী-এক

*বিভিন্ন ব্যক্তি ও তাদের কাজের ছবিগুলো লক্ষ করুন। প্রতিটি ছবির নিচে ইংরেজি ও বাংলায় তাদের কাজের নাম দেওয়া আছে। কাজের নাম—বিষয়ক শব্দগুলো মনোযোগ দিয়ে পড়ুন এবং আপনার একজন বন্ধুর সঙ্গে চর্চা করুন।*



ক. housewife (গৃহিণী)



খ. builder (নির্মাণকর্মী)



গ. teacher (শিক্ষক)



ঘ. mechanic (মিস্ত্রি)



ঙ. student (শিক্ষার্থী)



চ. shopkeeper (দোকানি)



ছ. doctor (চিকিৎসক)



জ. tailor (দর্জি)

## অনুশীলনী-দুই

*অনুশীলনী-এক-এর ছবিগুলো লক্ষ করুন। এবার বলুন তো, ছবির সেই ব্যক্তিরা কোথায় কাজ করেন? যেমন : একজন চিকিৎসক কাজ করেন হাসপাতালে। ডান দিকে বিভিন্ন কর্মস্থানের নাম দেওয়া আছে। বলুন তো, কোন কর্মস্থানে কারা কাজ করেন? আপনার উত্তরগুলো পাশের শূন্যস্থানগুলোতে লিখুন। লেখার সময় অনুশীলনী-এক থেকে সাহায্য নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

| | |
|---|---|
| ১. workshop *mechanic* | ৫. hospital ________ |
| ২. home ____________ | ৬. shop ____________ |
| ৩. building site ______ | ৭. university _______ |
| ৪. school ___________ | ৮. clothes shop _____ |

**উত্তর**
অনুশীলনী-দুই : ২-housewife, ৩-builder, ৪-teacher/student, ৫-doctor, ৬-shopkeeper, ৭-student/teacher, ৮-tailor

# প্রয়োজনীয় ইংরেজি

## আপনি কী করেন? : দ্বিতীয় অংশ



হ্যালো, আমি মিশা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

## এই লেসনে আপনি শিখবেন :

কারও কাজ সম্পর্কে কীভাবে কিছু জিজ্ঞাসা করতে হয় এবং নিজের কাজ সম্পর্কে কীভাবে কিছু বলতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—বিভিন্ন কাজের জন্য ব্যবহৃত প্রয়োজনীয় কিছু ইংরেজি শব্দ।
- **দ্বিতীয় অংশে আমরা** বিভিন্ন কাজ ও কর্মক্ষেত্র—বিষয়ক কিছু লেখা পড়ব।
- তৃতীয় অংশে আমরা শিখব—নিজের কাজ সম্পর্কে কীভাবে কিছু বলতে হয়।

### অনুশীলনী-এক

*নিচে চারজন ব্যক্তি তাদের কাজ সম্পর্কে কিছু বর্ণনা দিয়েছেন। এই বর্ণনাগুলো পড়ে আপনি তাদের কাজ সম্পর্কে ধারণা পাবেন। বর্ণনাগুলো পড়ুন, ছবিগুলো দেখুন এবং প্রত্যেকের লেখার নিচের শূন্যস্থানে তাদের পরিচয়টি লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*



১ My name is Sanjay and I work in a workshop in Rangpur. I fix buses so that they are safe for people. I am a *mechanic*.



২ My name is Shamima and I live in Jessore. I take care of my children and do the cooking. I work at home. I am a _________.



৩ My name is Sultana. I work in a hospital in Bogra. I take care of sick patients. My job is to make people better. I am a _________.



৪ My name is Munira. I study Law at Dhaka University. When I graduate, I want to be a famous lawyer. I am a _________.

### অনুশীলনী-দুই

*অনুশীলনী-এক-এর ছবিগুলো আবার দেখুন এবং চারজন ব্যক্তির কাজের বিবরণগুলো মনোযোগ দিয়ে পড়ুন। নিচে বাঁ-দিকে কিছু কাজের নাম ও ডান দিকে সেই কাজ-বিষয়ক কিছু শব্দ দেওয়া আছে। যেমন: একজন মিস্ত্রির কাজের সঙ্গে মিল রেখে এই শব্দগুলো লেখা হয়েছে—* **workshop, buses, fix** *। বাঁ-দিকের নামগুলো ডান দিকের শব্দগুলোর সঙ্গে মিলিয়ে নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

| | |
|---|---|
| ১. mechanic (→ খ) | ক. children, cooking, home |
| ২. doctor | খ. workshop, buses, fix |
| ৩. student | গ. hospital, patients, sick |
| ৪. housewife | ঘ. university, study, graduate |

### অনুশীলনী-তিন

*এবার আপনার পালা। আপনি আপনার কাজ সম্পর্কে ইংরেজিতে কিছু বাক্য লিখুন। লেখার সময় এই লেসনে শেখা বাক্যগুলো ব্যবহার করুন। যেমন:*

My name is_______________ (আপনার নাম).
I am a/an _______________ (আপনার কর্মক্ষেত্র).
I ____________________________________
____________________________(আপনার কাজের বর্ণনা).

**উত্তর**
অনুশীলনী-এক : ২-housewife, ৩-doctor, ৪-student
অনুশীলনী-দুই : ২-গ, ৩-ঘ, ৪-ক

# প্রয়োজনীয় ইংরেজি

## আপনি কী করেন? : তৃতীয় অংশ



হ্যালো, আমি মিশা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

## এই লেসনে আপনি শিখবেন :

কারও কাজ সম্পর্কে কীভাবে কিছু জিজ্ঞাসা করতে হয় এবং নিজের কাজ সম্পর্কে কীভাবে কিছু বলতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—বিভিন্ন কাজের জন্য ব্যবহৃত প্রয়োজনীয় কিছু ইংরেজি শব্দ।
- দ্বিতীয় অংশে আমরা বিভিন্ন কাজ ও কর্মক্ষেত্র—বিষয়ক কিছু লেখা পড়েছি।
- **তৃতীয় অংশে আমরা শিখব**—নিজের কাজ সম্পর্কে কীভাবে কিছু বলতে হয়।

---

### অনুশীলনী-এক

*নিচের ছবিতে যাকে দেখছেন, তার নাম তৃণা। বলুন তো, তৃণা কী করেন? ছবির নিচে তৃণার কথাগুলো পড়ুন। দেখুন তো, তার কাজ সম্পর্কে আপনার ধারণাটি সঠিক ছিল কি না?*




My name is Trina. I am a teacher. I live and work in Barisal in Bangladesh. I work in a primary school. I teach English to children from seven in the morning until one in the afternoon every day.

### অনুশীলনী-দুই

*অনুশীলনী-এক-এ দেওয়া তৃণার কথাগুলো আবার পড়ুন। এবার নিচের প্রশ্নগুলোর উত্তর দিয়ে শূন্যস্থানগুলো পূরণ করুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

১. What is her name? Her name is ___Trina___.
২. What does she do? She is a ________________.
৩. Where does she live? She lives in ____________.
৪. Where does she work? She works in a ________.
৫. What time does she work? She works from ____________ until ____________.

### অনুশীলনী-তিন

*এবার আপনার পালা। আপনার নিজের কাজ সম্পর্কে নিচের প্রশ্নগুলো পড়ুন এবং সঠিক উত্তর দিয়ে শূন্যস্থানগুলো পূরণ করুন।*

১. What is your name? My name is ____________.
২. What do you do? I am a/an ________________.
৩. Where do you work? I work in ____________.
৪. What time do you work? I work from ________ until ________.

### অনুশীলনী-চার

*এবার আপনার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে অনুশীলনী-তিন-এর প্রশ্নগুলো চর্চা করুন। আপনার বন্ধুকে ইংরেজিতে প্রশ্নগুলো করুন এবং তাকে ইংরেজিতে উত্তরগুলো লিখতে বলুন।*

### অনুশীলনী-পাঁচ

*এবার তৃণার মতো আপনিও নিজের কাজ নিয়ে ইংরেজিতে কিছু লিখুন। লেখার সময় অনুশীলনী-এক থেকে সাহায্য নিন। আপনি এভাবে আপনার লেখা শুরু করতে পারেন :*

My name is __________________ (আপনার নাম).
I am a/an ______________________ (আপনার কাজ).
I live in ______________________ (আপনার দেশ).

**উত্তর**
অনুশীলনী-দুই : ২-teacher, ৩-Barisal in Bangladesh, ৪-primary school, ৫-seven in the morning until one in the afternoon.

# প্রয়োজনীয় ইংরেজি

## এখন সময় কত? : প্রথম অংশ



হ্যালো, আমি অ্যালেক্স। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

## এই লেসনে আপনি শিখবেন :

ইংরেজিতে কীভাবে সময় জিজ্ঞাসা করতে হয় এবং কীভাবে সময় জানাতে হয়।


- **প্রথম অংশে আমরা শিখব**—সময় জানানোর জন্য ইংরেজিতে কী ধরনের বাক্য ব্যবহার করা হয়।
- দ্বিতীয় অংশে আমরা সময়—বিষয়ক কিছু লেখা পড়ব এবং বিভিন্ন দেশের সময় সম্পর্কে জানব।
- তৃতীয় অংশে আমরা শিখব—সময় সম্পর্কে ইংরেজিতে কীভাবে কিছু বলতে ও লিখতে হয়।

---


### অনুশীলনী-এক

*নিচে ঘড়ির ছবিগুলো লক্ষ করুন। প্রতিটি ঘড়িতে নির্দিষ্ট কিছু সময় উল্লেখ করা হয়েছে। ডান দিকে ইংরেজিতে ও বাংলায় কিছু সময় লেখা আছে। সেই সময়গুলো ছবির সময়গুলোর সঙ্গে সঠিকভাবে মিলিয়ে নিন এবং আপনার উত্তরগুলো ছবির নিচের শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*


**ঘড়ি**

১. 


It is four o'clock.

২. 


__________

৩. 


__________

৪. 


__________

৫. 

__________

৬. 

__________

৭. 

__________

**সময়**

ক. It is one thirty.
এখন সময় একটা ত্রিশ মিনিট।

খ. It is four o'clock.
এখন সময় চারটা।

গ. It is midnight.
এখন মধ্যরাত।

ঘ. It is six forty-five.
এখন সময় ছয়টা পঁয়তাল্লিশ মিনিট।

ঙ. It is eleven fifteen.
এখন সময় এগারটা পনের মিনিট।

চ. It is ten twenty-five.
এখন সময় দশটা পঁচিশ মিনিট।

ছ. It is nine fifty.
এখন সময় নয়টা পঞ্চাশ মিনিট।

### অনুশীলনী-দুই

*এবার অনুশীলনী-এক-এ ইংরেজিতে লেখা সময়গুলো উচ্চারণ করে চর্চা করুন।*

*আপনার নিজের ঘড়িটি লক্ষ করুন। ইংরেজিতে বলুন তো, আপনার ঘড়িতে এখন কয়টা বাজে?*

**উত্তর**
অনুশীলনী-এক : ২-ক, ৩-ঙ, ৪-চ, ৫-গ, ৬-ছ, ৭-ঘ

BBC জানালা
www.bbcjanala.com

প্রথম আলো
The Daily Prothom Alo

# প্রয়োজনীয় ইংরেজি

## এখন সময় কত? : দ্বিতীয় অংশ



হ্যালো, আমি অ্যালেক্স। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

## এই লেসনে আপনি শিখবেন :

ইংরেজিতে কীভাবে সময় জিজ্ঞাসা করতে হয় এবং কীভাবে সময় জানাতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—সময় জানানোর জন্য ইংরেজিতে কী ধরনের বাক্য ব্যবহার করা হয়।
- **দ্বিতীয় অংশে আমরা** সময়—বিষয়ক কিছু লেখা পড়ব এবং বিভিন্ন দেশের সময় সম্পর্কে জানব।
- তৃতীয় অংশে আমরা শিখব—সময় সম্পর্কে ইংরেজিতে কীভাবে কিছু বলতে ও লিখতে হয়।

### অনুশীলনী-এক

*রাজীব ও তার পরিবার সম্পর্কে নিচের লেখাটি পড়ুন। রাজীবের কয়েকজন আত্মীয় বিদেশে থাকেন। এই লেখায় বাংলাদেশের স্থানীয় সময় এবং দুবাই ও কুয়ালালামপুরের সঙ্গে বাংলাদেশের সময়ের পার্থক্যের বিষয়টি উল্লেখ করা হয়েছে।*



Rajib lives in Dhaka with his parents. Rajib's brother works in Dubai. Rajib calls his brother every day, but the times in Dhaka and Dubai are different. When it is ten o'clock in Dhaka, it is eight o'clock in Dubai.

Rajib's cousin lives in Kuala Lumpur. The times in Dhaka and Kuala Lumpur are very different. When it is ten o'clock in Dhaka, it is twelve o'clock in Kuala Lumpur. He calls his cousin every week.

*ওপরের লেখাটি আবার পড়ুন এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দিন।*

১. Which three places are talked about?

.......................................................................................

২. Do they have the same time or different times?

.......................................................................................

### অনুশীলনী-দুই

*অনুশীলনী-এক-এর লেখাটি ধীরে ধীরে আবার পড়ুন এবং ডান দিকের প্রশ্নগুলোর উত্তর দিন। এখানে চারটি প্রশ্ন রয়েছে এবং প্রতিটি প্রশ্নের তিনটি সম্ভাব্য উত্তর রয়েছে। সঠিক উত্তরটি বাছাই করুন এবং তার পাশে টিক চিহ্ন দিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

১. Who lives in Dubai?
ক. Rajib’s cousin খ. Rajib’s parents গ. Rajib’s brother ✓

২. Who lives in Kuala Lumpur?
ক. Rajib’s cousin খ. Rajib’s parents গ. Rajib’s brother

৩. What time is it in Dubai when it is ten o'clock in Dhaka?
ক. nine o'clock খ. eight o'clock গ. ten o'clock

৪. How often does Rajib call his cousin?
ক. every month খ. every day গ. every week

### অনুশীলনী-তিন

*এবার ইংরেজিতে কথা বলা চর্চা করুন। নিচের প্রশ্নগুলো পড়ুন এবং স্পষ্টভাবে উচ্চারণ করে ইংরেজিতে উত্তর দিন।*

১. এখন ঢাকার সময় যদি বেলা তিনটা হয়, তবে দুবাইতে এখন কয়টা বাজে?

২. এখন ঢাকার সময় যদি বেলা তিনটা হয়, তবে কুয়ালালামপুরে এখন কয়টা বাজে?

### অনুশীলনী-চার

*ধরুন, রাজীবের মতো আপনারও কয়েকজন আত্মীয় বিদেশে থাকেন। এবার আপনি সেসব দেশ ও বাংলাদেশের স্থানীয় সময় নিয়ে ইংরেজিতে কিছু লিখুন। লেখার সময় এই লেসনে শেখা বাক্যগুলো ব্যবহার করুন। যেমন :*

I am Kamal. I live in Sylhet. My brother lives in London. The times in Sylhet and London are different. When it is twelve o'clock in Sylhet, it is six o'clock in London.

**উত্তর**
অনুশীলনী-এক : ১-Dhaka, Dubai এবং Kuala Lumpur, ২-সেই স্থানগুলোর সময় ভিন্ন।
অনুশীলনী-দুই : ২-ক, ৩-খ, ৪-গ
অনুশীলনী-তিন : ১-It is one o’clock in Dubai.
২- It is five o’clock in Kuala Lumpur.

BBC জানালা

www.bbcjanala.com

প্রথম আলো

The Daily Prothom Alo

# প্রয়োজনীয় ইংরেজি

## এখন সময় কত? : তৃতীয় অংশ



হ্যালো, আমি অ্যালেক্স। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

## এই লেসনে আপনি শিখবেন :

ইংরেজিতে কীভাবে সময় জিজ্ঞাসা করতে হয় এবং কীভাবে সময় জানাতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—সময় জানানোর জন্য ইংরেজিতে কী ধরনের বাক্য ব্যবহার করা হয়।
- দ্বিতীয় অংশে আমরা সময়—বিষয়ক কিছু লেখা পড়েছি এবং বিভিন্ন দেশের সময় সম্পর্কে জেনেছি।
- **তৃতীয় অংশে আমরা শিখব**—সময় সম্পর্কে ইংরেজিতে কীভাবে কিছু বলতে ও লিখতে হয়।

## অনুশীলনী-এক

*এই লেসনের দ্বিতীয় অংশে আমরা রাজীব ও তার পরিবার সম্পর্কে একটি লেখা পড়েছিলাম। সেই লেখাটি নিশ্চয়ই আপনার মনে আছে। এই অংশে আমরা রাজীবের সম্পর্কে আরও কিছু জানব।*



Rajib lives with his parents in Dhaka. He gets up at six thirty in the morning every day, helps his mother around the house and then has breakfast at seven o'clock. He goes to school at eight o'clock and gets home at two thirty. Rajib enjoys school and works hard. He wants to be an engineer.

After school, Rajib likes playing cricket with his friends. In the evening, he does his homework. At nine o'clock, he calls his brother who lives in Dubai.

*ওপরের লেখাটি মনোযোগ দিয়ে পড়ুন এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দিন। প্রতিটি প্রশ্নের তিনটি করে সম্ভাব্য উত্তর রয়েছে। সঠিক উত্তরের পাশে টিক চিহ্ন দিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

১. Rajib is having breakfast. What time is it?
ক. It is six o'clock.
খ. It is seven o'clock. ✓

২. Rajib is calling his brother in Dubai. What time is it?
ক. It is seven o'clock.
খ. It is nine o'clock.

৩. ১ নং প্রশ্নটি মনোযোগ দিয়ে লক্ষ করুন। এবার নিচের দুটি প্রশ্ন দেখুন এবং সঠিক বাক্যটি নিচের শূন্যস্থানে লিখুন।
ক. What it is time?
খ. What time is it?

______________

৪. ২ নং প্রশ্নটি মনোযোগ দিয়ে লক্ষ করুন। এবার নিচের দুটি প্রশ্ন দেখুন এবং সঠিক বাক্যটি নিচের শূন্যস্থানে লিখুন।
ক. It is seven o'clock.
খ. Seven o'clock it is.

______________

## অনুশীলনী-দুই

চমৎকার! এখন আপনি জেনে গেছেন ইংরেজিতে কীভাবে সময় জিজ্ঞাসা করতে হয় এবং কীভাবে সময় জানাতে হয়। ইংরেজিতে আরও ভালো করার জন্য এবার কিছু বাক্য উচ্চারণ করে চর্চা করুন।

*নিচের ঘড়িগুলো মনোযোগ দিয়ে লক্ষ করুন। একজন বন্ধুকে সঙ্গে নিয়ে প্রতিটি ঘড়ি আলাদাভাবে দেখুন এবং কোন ঘড়িতে কয়টা বাজে তা আপনার বন্ধুকে ইংরেজিতে জিজ্ঞাসা করুন। একইভাবে আপনিও বিভিন্ন ঘড়ির সময়গুলো ইংরেজিতে বলুন। বলার সময়* **it is** *বলতে ভুলবেন না। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*



১. It is three o'clock.



২. ______________



৩. ______________



৪. ______________

**উত্তর**

অনুশীলনী-এক : ২-খ, ৩-খ, ৪-ক

অনুশীলনী-দুই : ২-It is eight thirty. ৩-It is six o'clock. ৪-It is one forty-five.

# প্রয়োজনীয় ইংরেজি

## আপনার প্রিয় খেলা কোনটি? : প্রথম অংশ



হ্যালো, আমি মিশা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

খেলাধুলা নিয়ে কীভাবে কিছু বলতে ও লিখতে হয়।

- **প্রথম অংশে আমরা শিখব**—প্রিয় খেলা নিয়ে কীভাবে কিছু বলতে হয়।
- দ্বিতীয় অংশে আমরা শিখব—পছন্দের ও অপছন্দের খেলা নিয়ে কীভাবে কিছু বলতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—খেলাধুলা করা ও দেখা সম্পর্কে কীভাবে কিছু বলতে হয়।


### অনুশীলনী-এক

*২০১০ সালের জানুয়ারি মাসে বাংলাদেশে প্রথমবারের মতো সাউথ এশিয়ান গেমস অনুষ্ঠিত হয়েছে। আপনি কি জানেন, সেই প্রতিযোগিতার কোন কোন খেলায় বাংলাদেশ দল পদক পেয়েছে? আপনার কি সেই খেলাগুলোর নাম মনে আছে? এ বিষয়ে নিচের ছবিগুলো দেখুন।*

**cricket**



**kabaddi**



**football**



**badminton**



### অনুশীলনী-দুই

রাজীবের কথা আপনার মনে আছে? আগের কয়েকটি লেসনে আমরা রাজীবের কথা পড়েছিলাম। তার সম্পর্কে নতুন কিছু তথ্য নিচে দেওয়া হলো।



Rajib lives with his parents in Dhaka. He gets up early in the morning and goes to school at eight o'clock. He gets home at two thirty. Then he likes playing cricket with his friends. His favourite sport is cricket and his favourite player is Tamim Iqbal. He also likes watching cricket on television. Rajib's younger sister, Nadira, does not like cricket. Her favourite sport is badminton. Rajib does not like badminton.

*অনুশীলনী-দুই-এ দেওয়া ইংরেজি বাক্যগুলো মনোযোগ দিয়ে পড়ুন। এবার নিচের বাক্যগুলো থেকে সত্য/মিথ্যা নির্ধারণ করুন। সঠিক বাক্যটির পাশে* **T** *লিখুন এবং ভুল বাক্যটির পাশে* **F** *লিখুন।* **T** *মানে* **True**, *অর্থাৎ সত্য এবং* **F** *মানে* **False**, *অর্থাৎ মিথ্যা। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

| | | |
|---|---|---|
| ১. | Rajib's favourite sport is cricket. | [T] |
| ২. | Nadira likes cricket. | [ ] |
| ৩. | Rajib's favourite player is Ashraful. | [ ] |
| ৪. | Nadira's favourite sport is badminton. | [ ] |
| ৫. | Rajib does not like badminton. | [ ] |

### অনুশীলনী-তিন

*রাজীব ও নাদিরাকে তাদের সবচেয়ে পছন্দের খেলা সম্পর্কে আমরা জিজ্ঞাসা করেছিলাম। নিচের লেখাগুলো পড়ে তাদের পছন্দের খেলা সম্পর্কে জেনে নিন।*

What's your favourite sport, Rajib? — I like cricket.

What's your favourite sport, Nadira? — I like badminton.

কারও পছন্দের খেলা সম্পর্কে জানার জন্য ইংরেজিতে আমরা বলি-

**What's your favourite sport?**

এখানে **What's** হলো **What is**-এর সংক্ষিপ্ত রূপ।

নিজের পছন্দের খেলা নিয়ে কিছু বলার সময় ইংরেজিতে আমরা বলি-

**I like cricket.** অথবা **I like badminton.**

*রাজীব ও নাদিরার প্রশ্ন-উত্তরগুলো আবার পড়ুন। এবার রাজীবের জায়গায় আপনার নিজের নাম লিখুন এবং নাদিরার জায়গায় আপনার বন্ধুর নাম লিখুন। তারপর আপনার বন্ধুর সঙ্গে বাক্যগুলো চর্চা করুন।*

**উত্তর**

অনুশীলনী-দুই : ২-F, ৩-F, ৪-T, ৫-T

# প্রয়োজনীয় ইংরেজি

## আপনার প্রিয় খেলা কোনটি? : দ্বিতীয় অংশ



হ্যালো, আমি মিশা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।


### এই লেসনে আপনি শিখবেন :

খেলাধুলা নিয়ে কীভাবে কিছু বলতে ও লিখতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—প্রিয় খেলা নিয়ে কীভাবে কিছু বলতে হয়।
- **দ্বিতীয় অংশে আমরা শিখব**—পছন্দের ও অপছন্দের খেলা নিয়ে কীভাবে কিছু বলতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—খেলাধুলা করা ও দেখা সম্পর্কে কীভাবে কিছু বলতে হয়।

### অনুশীলনী-এক

*নিচে বাংলাদেশের জনপ্রিয় কিছু খেলার ছবি দেওয়া আছে। বলুন তো, এগুলোর মধ্যে আপনার প্রিয় খেলা কোনটি?*




রাজীবের কথা আপনার মনে আছে? আগের কয়েকটি লেসনে আমরা রাজীবের কথা পড়েছিলাম। তার সম্পর্কে নতুন কিছু তথ্য নিচে দেওয়া হলো।



Rajib watches sports on television. He likes playing cricket when he gets home from school. He sometimes watches other sports with his friends, but he does not like running or badminton because he thinks they are boring.

Rajib's sister, Nadira, likes badminton very much, but she does not like cricket or football because they are too boring!

### অনুশীলনী-দুই

*অনুশীলনী-এক-এ দেওয়া রাজিবের কথাগুলো আবার পড়ুন। এবার ডানদিকের বাক্যগুলো লক্ষ করুন। এখানে রাজীব ও নাদিরা তাদের পছন্দের ও অপছন্দের খেলা সম্পর্কে কিছু বলেছেন। বক্সের লেখাগুলো পড়ে বলুন তো, কার প্রিয় খেলা কোনটি? রাজিব ও নাদিরার নাম ব্যবহার করে বক্সের নিচের শূন্যস্থানগুলো পূরণ করুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

১. I like cricket, but I don't like badminton.
Rajib

২. I like badminton, but I don't like cricket. It is boring.
________

৩. I don't like football, but I like badminton.
________

৪. I don't like running, but I like cricket.
________

### অনুশীলনী-তিন

পছন্দের খেলা নিয়ে কিছু বলার সময় ইংরেজিতে আমরা বলি-

**I like + খেলার নাম.**

**I like cricket.**

ক্রিকেট যদি পছন্দের খেলা না হয়, তবে ইংরেজিতে আমরা বলি-

**I don't like cricket.**

এখানে **I don't** হলো **I do not**-এর সংক্ষিপ্ত রূপ।

*অনুশীলনী-এক ও অনুশীলনী-দুই-এর বাক্যগুলো আবার পড়ুন এবং একজন বন্ধুকে নিয়ে সেগুলো চর্চা করুন। চর্চা করার সময় আপনার পছন্দের ও অপছন্দের খেলার নামগুলো ব্যবহার করুন।*

### অনুশীলনী-চার

*এবার আপনার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে **খেলাধুলা** বিষয়ে ইংরেজিতে কিছু বাক্য লেখা চর্চা করুন। লেখার সময় অনুশীলনী-এক থেকে সাহায্য নিন। আপনি নিচের শূন্যস্থানগুলো পূরণ করে আপনার লেখা শুরু করতে পারেন।*

I like ____________, but I ____________.

I don't like ____________. It is boring.

My favourite sport is ____________.

**উত্তর**

অনুশীলনী-দুই : ২-Nadira, ৩-Nadira, ৪-Rajib

# প্রয়োজনীয় ইংরেজি

## আপনার প্রিয় খেলা কোনটি? : তৃতীয় অংশ



হ্যালো, আমি মিশা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

খেলাধুলা নিয়ে কীভাবে কিছু বলতে ও লিখতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—প্রিয় খেলা নিয়ে কীভাবে কিছু বলতে হয়।
- দ্বিতীয় অংশে আমরা শিখেছি—পছন্দের ও অপছন্দের খেলা নিয়ে কীভাবে কিছু বলতে হয়।
- **তৃতীয় অংশে আমরা শিখব**—খেলাধুলা করা ও দেখা সম্পর্কে কীভাবে কিছু বলতে হয়।

---

### অনুশীলনী-এক

বাংলাদেশে সবচেয়ে জনপ্রিয় দুটি খেলা হলো ক্রিকেট ও ফুটবল। অনেকেই ক্রিকেট ও ফুটবল খেলতে পছন্দ করেন, আবার অনেকেই খেলাগুলো টিভিতে দেখতে পছন্দ করেন।

**cricket**



**football**



রাজীবের কথা মনে আছে আপনার? আগের কয়েকটি লেসনে আমরা রাজীবের কথা পড়েছিলাম। তার সম্পর্কে নতুন কিছু তথ্য নিচে দেওয়া হলো।



Rajib's favourite sport is cricket. He likes watching cricket and football on television and he likes playing cricket in his school team. His friend, Shorab, also likes sport. Shorab's favourite sport is football, but he does not like playing football in a team. He likes watching football matches on television.

### অনুশীলনী-দুই

*অনুশীলনী-এক-এ রাজীবের কথাগুলো আবার পড়ুন। সেখানে খেলাধুলা করা ও দেখা— বিষয়ক বাক্যগুলো লক্ষ করুন। সেখানে **খেলা** অর্থাৎ* **verb play**-*এর সঙ্গে* **ing** *যোগ করা হয়েছে এবং **দেখা** অর্থাৎ* **verb watch**-*এর সঙ্গে* **ing** *যোগ করা হয়েছে। এবার সেই লেখায় কতবার* **playing** *ও* **watching** *ব্যবহার করা হয়েছে তা খুঁজে বের করুন এবং সেগুলোর নিচে দাগ দিন।*

*নিচের বাক্যগুলো লক্ষ করুন। এবার* **playing** *ও* **watching** *শব্দগুলো ব্যবহার করে বাক্যের শূন্যস্থানগুলো পূরণ করুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

১. Rajib likes _playing_ cricket in his school team.
২. Shorab likes __________ football matches on television.
৩. Shorab does not like __________ football in a team.
৪. Rajib likes __________ cricket and football on television.

### অনুশীলনী-তিন

*এবার আপনার একজন বন্ধুকে জিজ্ঞাসা করুন, তিনি কি খেলাধুলা করতে পছন্দ করেন? নাকি দেখতে পছন্দ করেন? এ বিষয়ে ইংরেজিতে কিছু বাক্য লিখুন। লেখার সময় অনুশীলনী-এক থেকে সাহায্য নিন।*

__________ (আপনার বন্ধুর নাম) is my friend.

He likes ______________________________.

**উত্তর**

অনুশীলনী-দুই : ২-watching, ৩-playing, ৪-watching

# প্রয়োজনীয় ইংরেজি

## আপনি কোথায় থাকেন? : প্রথম অংশ



হ্যালো, আমি মিশা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

নিজেদের বাসস্থান সম্পর্কে কীভাবে কিছু বলতে হয়।

- **প্রথম অংশে আমরা শিখব**—বাড়ির বিভিন্ন ঘরের বর্ণনা কীভাবে দিতে হয়।
- দ্বিতীয় অংশে আমরা শিখব—বাড়ির বিভিন্ন ঘরের কার্যকারিতা নিয়ে কীভাবে কিছু বলতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—নিজের পছন্দের ঘরের বর্ণনা কীভাবে দিতে হয়।

### অনুশীলনী-এক

*নিচের ছবিগুলো লক্ষ করুন। এখানে একটি বাড়ির বিভিন্ন ঘর বা স্থান দেখা যাচ্ছে। ছবির বাঁ-দিকে কয়েকটি ঘর ও স্থানের নাম ইংরেজিতে লেখা রয়েছে। সেই নামগুলো সঠিক ছবির সঙ্গে মিলিয়ে নিন। প্রথমটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

১. living room
বসার ঘর

২. bathroom
বাথরুম

৩. kitchen
রান্নাঘর

৪. bedroom
শোবার ঘর

৫. garden
বাগান

ক.


খ.


গ.


ঘ.


ঙ.


### অনুশীলনী-দুই

*অনুশীলনী-এক-এর ছবিগুলো আবার দেখুন। প্রতিটি ঘরে ও বাগানে আপনি কী কী দেখছেন? এবার বিভিন্ন ঘরের আসবাব ও বস্তু–বিষয়ক নিচের শব্দগুলো লক্ষ করুন। শব্দগুলোর নিচে একটি টেবিল আছে এবং টেবিলে কয়েকটি ঘরের নাম লেখা আছে। বিভিন্ন ঘরের সঙ্গে মিল রেখে বিভিন্ন বস্তুর নামগুলো টেবিলের নির্দিষ্ট ঘরে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

- bed (বিছানা)
- toilet (টয়লেট)
- sofa (সোফা)
- stove (চুলা)
- refrigerator (রেফ্রিজারেটর)
- television (টেলিভিশন)
- closet (কাপড় রাখার ছোট বাক্স)

| | | |
|---|---|---|
| bathroom | toilet | |
| kitchen | | |
| living room | | |
| bedroom | | |

**উত্তর**

অনুশীলনী-এক :২-গ, ৩-ঙ, ৪-ঘ, ৫-ক

অনুশীলনী-দুই: **kitchen**: refrigerator, stove; **living room**: sofa, television; **bedroom**: bed, closet

# প্রয়োজনীয় ইংরেজি

## আপনি কোথায় থাকেন? : দ্বিতীয় অংশ



হ্যালো, আমি মিশা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

নিজেদের বাসস্থান সম্বন্ধে কীভাবে কিছু বলতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—বাড়ির বিভিন্ন ঘরের বর্ণনা কীভাবে দিতে হয়।
- **দ্বিতীয় অংশে আমরা শিখব**—বাড়ির বিভিন্ন ঘরের কার্যকারিতা নিয়ে কীভাবে কিছু বলতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—নিজের পছন্দের ঘরের বর্ণনা কীভাবে দিতে হয়।

### অনুশীলনী-এক

*প্রথম অংশে আমরা একটি বাড়ির বিভিন্ন ঘরের নাম শিখেছি। আপনার নিশ্চয়ই সেগুলো মনে আছে? নিচে একটি বাড়ির বিভিন্ন ঘর ও স্থানের নাম ইংরেজিতে ও বাংলায় লেখা আছে। ইংরেজি নামগুলো বাংলা নামগুলোর সঙ্গে মিলিয়ে নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

| | |
|---|---|
| ১. living room | ক. বাথরুম |
| ২. bedroom | খ. বাগান |
| ৩. kitchen | গ. শোবার ঘর |
| ৪. bathroom | ঘ. বসার ঘর |
| ৫. garden | ঙ. রান্নাঘর |

### অনুশীলনী-দুই

*নিচের ছকটি লক্ষ করুন। ছকে বিভিন্ন ঘরের নাম লেখা আছে। এসব ঘরে করা হয় এমন কিছু কাজের কথা ছকের ওপরে লেখা আছে। কাজের এই কথাগুলো নির্দিষ্ট ঘরের কলামে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

cook dinner
খাবার রান্না করা

go to sleep
ঘুমাতে যাওয়া

brush my teeth
দাঁত ব্রাশ করা

watch television
টিভি দেখা

| | |
|---|---|
| bathroom | brush my teeth |
| kitchen | |
| living room | |
| bedroom | |

### অনুশীলনী-তিন

*অনুশীলনী-দুই-এর ছকটি লক্ষ করুন। এবার বলুন তো, আপনি কোন ঘরে কী কী কাজ করেন? আপনার বিভিন্ন কাজের কথা লিখে নিচের শূন্যস্থানগুলো পূরণ করুন।*



১. I brush my teeth in the bathroom.
২. I go to sleep in the ______________.
৩. I ________________ in the living room.
৪. I go to bed in the ______________.
৫. I ________________ in the kitchen.

**উত্তর**

অনুশীলনী-এক : ২-গ, ৩-ঙ, ৪-ক, ৫-খ
অনুশীলনী-দুই : **kitchen**-cook dinner, **living room**-watch television, **bedroom**-go to sleep
অনুশীলনী-তিন : ২-bedroom, ৩-watch television, ৪-bedroom, ৫-cook dinner

BBC জানালা
www.bbcjanala.com

প্রথম আলো
The Daily Prothom Alo

# প্রয়োজনীয় ইংরেজি

## আপনি কোথায় থাকেন? : তৃতীয় অংশ



হ্যালো, আমি মিশা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

নিজেদের বাসস্থান সম্বন্ধে কীভাবে কিছু বলতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—বাড়ির বিভিন্ন ঘরের বর্ণনা কীভাবে দিতে হয়।
- দ্বিতীয় অংশে আমরা শিখেছি—বাড়ির বিভিন্ন ঘরের কার্যকারিতা নিয়ে কীভাবে কিছু বলতে হয়।
- **তৃতীয় অংশে আমরা শিখব**—নিজের পছন্দের ঘরের বর্ণনা কীভাবে দিতে হয়।

---

### অনুশীলনী-এক

*নিচে তিনজন ব্যক্তি তাদের পছন্দের ঘর এবং সেসব ঘরে তারা কী করতে পছন্দ করেন, সে বিষয়ে কিছু কথা বলেছেন। তাদের কথাগুলো পড়ুন।*



My favourite room is the living room. After doing the housework and putting the children to bed, I like watching television. —**Ruksana**



My favourite room is the bedroom. I like gossiping with my friends and listening to music. —**Sharmin**



My favourite room is the kitchen. I like smelling all the different food my wife cooks. Most of all, I love eating it. —**Mizan**

### অনুশীলনী-দুই

*অনুশীলনী-এক-এর লেখাগুলো আবার পড়ুন। এবার নিচের বাক্যগুলো থেকে সত্য/মিথ্যা নির্ধারণ করুন। সত্য বাক্যটির পাশে* **T** (True) *লিখুন এবং মিথ্যা বাক্যটির পাশে* **F** (False) *লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

১. Sharmin likes the bedroom. [ **T** ]
২. Mizan loves eating his wife's cooking. [ ]
৩. Ruksana does not like the living room. [ ]

যখন কোনো কিছু পছন্দ বা ভালোলাগার কথা বলা হয়, তখন ইংরেজিতে আমরা বলি-

**like + verb+ing** বা **love + verb+ing**

**Mizan loves smelling the different food his wife cooks.**

### অনুশীলনী-তিন

*অনুশীলনী-এক-এর লেখাগুলো মনোযোগ দিয়ে আবার পড়ুন। সেখানে* **like + verb+ing** বা **love + verb+ing** *ব্যবহার করা হয়েছে এমন লেখাগুলো খুঁজে বের করুন।*

*এবার* **like + verb+ing** এবং **love + verb+ing** *ব্যবহার করে নিচে তিনটি বাক্য লিখুন।*

১. ______________________
২. ______________________
৩. ______________________

### অনুশীলনী-চার

*এবার আপনার একজন বন্ধুকে আপনার পছন্দের ঘর সম্পর্কে ইংরেজিতে কিছু বলুন। তারপর আপনার বন্ধুকে তার পছন্দের ঘর সম্পর্কে কিছু জিজ্ঞাসা করুন, কেন সেই ঘরটি তার পছন্দের?*

### অনুশীলনী-পাঁচ

*আপনার বাড়িতে কোন ঘরটি আপনি সবচেয়ে বেশি পছন্দ করেন? এবং কেন? এ বিষয়ে আপনি ইংরেজিতে কয়েকটি বাক্য লিখুন। লেখার সময় অনুশীলনী-এক-এর বাক্যগুলো থেকে সাহায্য নিন।*

১. My favourite room is the ______________.
২. I like ______________.
৩. I love ______________.

**উত্তর**
অনুশীলনী-২ : ২-T, ৩-F

# প্রয়োজনীয় ইংরেজি

## আপনার শখ কী? : প্রথম অংশ



হ্যালো, আমি মিশা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

অবসর সময়ের বিভিন্ন কাজ নিয়ে কীভাবে কিছু বলতে হয়।

- **প্রথম অংশে আমরা শিখব**—শখ বা অবসর সময়ের বিভিন্ন কাজ—বিষয়ক কিছু ইংরেজি শব্দ।
- দ্বিতীয় অংশে আমরা অবসর সময়ের বিভিন্ন কাজ নিয়ে ইংরেজিতে কিছু পড়ব।
- তৃতীয় অংশে আমরা শিখব—অবসর সময়ের বিভিন্ন কাজ নিয়ে ইংরেজিতে কীভাবে কিছু বলতে হয়।

---

### অনুশীলনী-এক

*অবসর সময়ে করা হয় এমন বিভিন্ন কাজের কথা নিচে লেখা আছে এবং এ-বিষয়ক কিছু ছবি দেওয়া আছে। অবসর সময়ের কাজগুলো সঠিক ছবির সঙ্গে মিলিয়ে নিন এবং সেগুলো ছবির নিচের শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

| | | |
|---|---|---|
| watching television | meeting friends | playing games |
| listening to music | going shopping | playing cricket |
| cooking | dancing | reading |




ক. watching television



খ. ____________



গ. ____________



ঘ. ____________



ঙ. ____________



চ. ____________



ছ. ____________



জ. ____________



ঝ. ____________

### অনুশীলনী-দুই

*অবসর সময়ে আপনি কী করতে পছন্দ করেন? অনুশীলনী-এক-এর ছবিগুলো দেখুন। সেগুলোর মধ্যে আপনার পছন্দের কাজগুলো নিচের টেবিলের বাঁ দিকে ও অপছন্দের কাজগুলো টেবিলের ডান দিকে লিখুন। প্রথম দুটি উত্তর উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

| I like<br>পছন্দ করি | I don't like<br>পছন্দ করি না |
|---|---|
| playing cricket | shopping |
| | |
| | |

**উত্তর**

অনুশীলনী-এক : খ-going shopping, গ-cooking, ঘ-playing cricket, ঙ-reading, চ-listening to music, ছ-meeting friends, জ-playing games, ঝ-dancing

BBC জানালা
www.bbcjanala.com

প্রথম আলো
The Daily Prothom Alo

# প্রয়োজনীয় ইংরেজি

## আপনার শখ কী? : দ্বিতীয় অংশ



হ্যালো, আমি মিশা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

অবসর সময়ের বিভিন্ন কাজ নিয়ে কীভাবে কিছু বলতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—শখ বা অবসর সময়ের বিভিন্ন কাজ—বিষয়ক কিছু ইংরেজি শব্দ।
- **দ্বিতীয় অংশে আমরা** অবসর সময়ের বিভিন্ন কাজ নিয়ে ইংরেজিতে কিছু পড়ব।
- তৃতীয় অংশে আমরা শিখব—অবসর সময়ের বিভিন্ন কাজ নিয়ে ইংরেজিতে কীভাবে কিছু বলতে হয়।

### অনুশীলনী-এক

*শিমুলের বয়স ১৬ বছর। সে ঢাকায় থাকে। তার বিভিন্ন কাজের সময়সূচি নিচে দেখুন। বলুন তো, কখন তার অবসর সময় কাটে—সকালে? বিকেলে? কাজের দিনে? নাকি ছুটির দিনে? মনে রাখবেন,* ***অবসর সময় হলো সেই সময় যখন আপনি নিজের পছন্দমতো কিছু করেন।***

| | Sunday | Monday | Tuesday | Wednesday | Thursday | Friday | Saturday |
|---|---|---|---|---|---|---|---|
| Morning | school | school | school | school | school | dancing | going shopping |
| Afternoon | English coaching | Maths coaching | gossiping | Science coaching | playing games | playing cricket | cooking |
| Evening | reading | watching television | English coaching | reading | dancing | going shopping | listening to music |

### অনুশীলনী-দুই

*অনুশীলনী-এক-এর টেবিলটি দেখুন এবং নিচের বাক্যগুলো লক্ষ করুন।*

- On Sunday evening, Shimul likes reading.
- On Friday morning, Shimul likes dancing.
- On Saturday afternoon, Shimul likes cooking.

*অবসর সময়ে শিমুল আর কী কী করে? অনুশীলনী-এক-এর টেবিলটি দেখুন এবং শিমুলের অবসর সময়ের কাজগুলো নিচের শূন্যস্থানে লিখুন। প্রথমটি উদাহরণ হিসেবে দেওয়া হয়েছে।*

ক. On Saturday afternoon, Shimul likes cooking.
খ. On Saturday evening, Shimul likes ________.
গ. On Sunday evening, Shimul likes ________.
ঘ. On Monday evening, Shimul likes ________.
ঙ. On Tuesday afternoon, Shimul likes ________.
চ. On Thursday evening, Shimul likes ________.
ছ. On Friday afternoon, Shimul likes ________.
জ. On Friday evening, Shimul likes ________.

### অনুশীলনী-তিন

*অনুশীলনী-দুই-এর বাক্যগুলো লক্ষ করুন এবং নিজের অবসর সময় নিয়ে সে রকম কিছু বাক্য তৈরি করুন। অবসর সময়ে করা আপনার কাজগুলো আপনার একজন বন্ধুকে বলুন।*

মনে রাখবেন, শিমুলের ক্ষেত্রে আমরা বলি, **Shimul likes**, কিন্তু নিজের বেলায় আমরা বলি, **I like**। অর্থাৎ নিজেদের সম্পর্কে কথা বলার সময় **like** শব্দটির পরে **s** ব্যবহার করা হয় না। যেমন :

**On Friday afternoon, I like playing cricket.**

**উত্তর**
অনুশীলনী-দুই : খ-listening to music, গ-reading, ঘ-watching television, ঙ-gossiping, চ-dancing, ছ-playing cricket, জ-going shopping

# প্রয়োজনীয় ইংরেজি

## আপনার শখ কী? : তৃতীয় অংশ



হ্যালো, আমি মিশা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

অবসর সময়ের বিভিন্ন কাজ নিয়ে কীভাবে কিছু বলতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—শখ বা অবসর সময়ের বিভিন্ন কাজ—বিষয়ক কিছু ইংরেজি শব্দ।
- দ্বিতীয় অংশে আমরা অবসর সময়ের বিভিন্ন কাজ নিয়ে ইংরেজিতে কিছু পড়েছি।
- **তৃতীয় অংশে আমরা শিখব**—অবসর সময়ের বিভিন্ন কাজ নিয়ে ইংরেজিতে কীভাবে কিছু বলতে হয়।

### অনুশীলনী-এক

*চারজন ব্যক্তি অবসর সময়ে করা তাদের পছন্দের ও অপছন্দের বিভিন্ন কাজ নিয়ে এখানে কিছু কথা বলেছেন। নিচে সেগুলো পড়ুন। দেখুন তো, আপনার অবসর সময়ের কাজের সঙ্গে তাদের কোনো কাজ মিলে যায় কি না?*



Hi, my name is Sajid. I like playing the guitar, but I don't like cooking. I love listening to music, but I don't like reading.



Hello, my name is Esha. I love gossiping with my friends, but I hate playing cricket. I like shopping, but I don't like cooking.



Hello, my name is Maria. I love playing with my daughter, but I hate watching television. I love cooking, but I hate dancing.



Hi, my name is Saad. I love playing the piano, but I hate playing cricket. I like watching television, but I don't like playing games.

### অনুশীলনী-দুই

*অনুশীলনী-এক-এর বাক্যগুলো পড়ুন। এবার ডান দিকের বাক্যগুলো থেকে সত্য/মিথ্যা নির্ধারণ করুন। সত্য বাক্যটির পাশে* **T** (True) *লিখুন এবং মিথ্যা বাক্যটির পাশে* **F** (False) *লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

| | |
|---|---|
| ১. Sajid loves cooking. | [ **F** ] |
| ২. Maria loves playing cricket. | [ ] |
| ৩. Saad loves playing the piano. | [ ] |
| ৪. Esha likes gossiping with friends. | [ ] |

### অনুশীলনী-তিন

পছন্দের কোনো কাজ সম্পর্কে কিছু বলার সময় ইংরেজিতে আমরা বলি-

**I like + verb+ing**
**I like playing cricket.**

আবার অপছন্দের কোনো কাজ সম্পর্কে কিছু বলার সময় একইভাবে ইংরেজিতে আমরা বলি-

**I don't like + verb+ing**
**I don't like reading.**

কোনোকিছু করতে খুব ভালো লাগলে ইংরেজিতে আমরা এভাবে বাক্য গঠন করি-

**I love + verb+ing**
**I love gossiping with my friends.**

কোনোকিছু করতে খুব অপছন্দ করলে ইংরেজিতে আমরা এভাবে বাক্য গঠন করি-

**I hate + verb+ing**
**I hate dancing.**

### অনুশীলনী-চার

*এবার আপনার একজন বন্ধুকে তার পছন্দের ও অপছন্দের বিষয়গুলো সম্পর্কে জিজ্ঞাসা করুন। এ জন্য অনুশীলনী-এক থেকে সাহায্য নিন।*

**উত্তর**
অনুশীলনী-দুই : ২-F, ৩-T, ৪-T

# প্রয়োজনীয় ইংরেজি

## হরেক রকম খাবার : প্রথম অংশ



হ্যালো, আমি মিশা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

নানা রকম খাবার সম্পর্কে ইংরেজিতে কীভাবে কিছু বলতে হয়।

- **প্রথম অংশে আমরা শিখব**—বিভিন্ন খাবারের বর্ণনা কীভাবে দিতে হয়।
- দ্বিতীয় অংশে আমরা শিখব—নিজের পছন্দের খাবার সম্পর্কে কীভাবে কিছু বলতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—কোনো নতুন খাবার সম্পর্কে কীভাবে কিছু জিজ্ঞাসা করতে হয়।

### অনুশীলনী-এক

*নিচে আট রকম খাবারের ছবি দেওয়া আছে। বলুন তো, কোন খাবারের নাম কী? ছবির নিচে থাকা বিভিন্ন খাবারের নামের সঙ্গে সঠিক ছবিগুলো মিলিয়ে নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*





১. rosogolla ২. ______ ৩. ______





৪. ______ ৫. ______ ৬. ______




৭. ______ ৮. ______

| | |
|---|---|
| ক. rosogolla | ঙ. parata |
| খ. panta ilish | চ. rice |
| গ. tandoori chicken | ছ. dahl |
| ঘ. yoghurt | জ. beef bhuna |

### অনুশীলনী-দুই

*অনুশীলনী-এক-এর ছবিগুলো আবার লক্ষ করুন। এবার ডান দিকের* **adjectives** *(বিশেষণ)গুলো পড়ুন। বলুন তো, প্রতিটি খাবার সম্পর্কে কিছু বলার জন্য আপনি কোন* **adjective** *গুলো ব্যবহার করতে পারেন?*

**Adjectives (বিশেষণ)**

sweet (মিষ্টি)
spicy (মসলাদার)
delicious (মজাদার)
mild (হালকা)
creamy (নরম)
watery (টলটলে)
traditional (ঐতিহ্যবাহী)
modern (আধুনিক)
sour (টক)
disgusting (বাজে)

### অনুশীলনী-তিন

*অনুশীলনী-দুই-এর* **adjective***গুলো আবার দেখুন। এবার নিচের শব্দগুলো পড়ুন। প্রতিটি বিশেষণের সঙ্গে এর বিপরীত শব্দটি মিলিয়ে নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

| | |
|---|---|
| sweet → | watery |
| spicy | disgusting |
| delicious | sour |
| traditional | mild |
| creamy | modern |

### অনুশীলনী-চার

*আর কোনো দেশীয় খাবারের কথা কি আপনার মনে পড়ছে? সেগুলো কী? খাবারের নামগুলো আপনার বন্ধুর সঙ্গে চর্চা করুন। চর্চা করার সময় অনুশীলনী-দুই এবং অনুশীলনী-তিন-এর* **adjective***গুলো ব্যবহার করুন।*

**উত্তর**

অনুশীলনী-এক : ২-গ, ৩-চ, ৪-খ, ৫-জ, ৬-ঙ, ৭-ছ, ৮-ঘ

অনুশীলনী-তিন :spicy/mild, delicious/disgusting, traditional/modern, creamy/watery

# প্রয়োজনীয় ইংরেজি

## হরেক রকম খাবার : দ্বিতীয় অংশ



হ্যালো, আমি মিশা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

নানা রকম খাবার সম্পর্কে ইংরেজিতে কীভাবে কিছু বলতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—বিভিন্ন খাবারের বর্ণনা কীভাবে দিতে হয়।
- **দ্বিতীয় অংশে আমরা শিখব**—নিজের পছন্দের খাবার সম্পর্কে কীভাবে কিছু বলতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—কোনো নতুন খাবার সম্পর্কে কীভাবে কিছু জিজ্ঞাসা করতে হয়।

### অনুশীলনী-এক

*আপনার প্রিয় খাবার কী? নিচে তিনজন ব্যক্তি তাদের প্রিয় খাবার সম্পর্কে কিছু কথা বলেছেন। তাদের কথাগুলো পড়ে বলুন তো, তাদের পছন্দের খাবারগুলোর নাম কী? আপনার উত্তরগুলো নির্দিষ্ট শূন্যস্থানে লিখুন।*



১. **Sajid:** My favourite food is very bad for your teeth. If you have too much it will make you sick. It is very sweet. You can buy it from any sweet shop in Bangladesh, but the best ones come from Bikrampur. My favourite food is ____________.



২. **Ruby:** My favourite food is delicious and it is really easy to make. It is a yellow watery soup. You eat it with rice. It is not very spicy. Almost every Bengali family will eat this dish at least once a week. My favourite food is __________.



৩. **Moinul:** My favourite food is a traditional Bengali dish. It is made with fish and rice and you eat it with different bhortas. I like the dish because it is spicy. In Bangladesh we eat this dish to celebrate the Bengali New Year. My favourite food is __________.

### অনুশীলনী-দুই

*অনুশীলনী-এক-এর বাক্যগুলো আবার পড়ুন। এবার নিচের বাক্যগুলো থেকে সত্য/মিথ্যা নির্ধারণ করুন। সত্য বাক্যটির পাশে* **T** (True) *লিখুন এবং মিথ্যা বাক্যটির পাশে* **F** (False) *লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

| | |
|---|---|
| ১. Moinul likes traditional Bengali dishes. | [T] |
| ২. Sajid's favourite food is bad for your teeth. | [ ] |
| ৩. Ruby's favourite food is green. | [ ] |
| ৪. Moinul eats his favourite food at Boishakh. | [ ] |
| ৫. The best sweets come from Chittagong. | [ ] |

### অনুশীলনী-তিন

*আপনার প্রিয় খাবার কোনটি? চেষ্টা করে দেখুন তো, আপনার প্রিয় খাবার সম্পর্কে ইংরেজিতে কিছু বলতে পারেন কি না। প্রথমে আপনার একজন বন্ধুর সঙ্গে চর্চা করুন। তারপর এই বিষয়টি নিয়ে ইংরেজিতে কয়েকটি বাক্য লিখে ফেলুন। এ জন্য অনুশীলনী-এক ও অনুশীলনী-দুই থেকে সাহায্য নিন। লেখার সময় এই লেসনের প্রথম ও দ্বিতীয় অংশে শেখা খাবার–বিষয়ক* **adjective** *গুলো ব্যবহার করতে ভুলবেন না।*

**উত্তর**

অনুশীলনী-এক : ১-rosogolla, ২-dahl, ৩-panta ilish

অনুশীলনী-দুই : ২-T, ৩-F, ৪-T, ৫-F

# প্রয়োজনীয় ইংরেজি

## হরেক রকম খাবার : তৃতীয় অংশ



হ্যালো, আমি মিশা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

নানা রকম খাবার সম্পর্কে ইংরেজিতে কীভাবে কিছু বলতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—বিভিন্ন খাবারের বর্ণনা কীভাবে দিতে হয়।
- দ্বিতীয় অংশে আমরা শিখেছি—নিজের পছন্দের খাবার সম্পর্কে কীভাবে কিছু বলতে হয়।
- **তৃতীয় অংশে আমরা শিখব**—কোনো নতুন খাবার সম্পর্কে কীভাবে কিছু জিজ্ঞাসা করতে হয়।

---

### অনুশীলনী-এক

*নিচে জোসেফ ও সুমির মধ্যকার কথোপকথনটি পড়ুন। বলুন তো, তারা কী নিয়ে কথা বলছেন?*

**Joseph** : What is this?
**Shumi** : It is panta ilish. It is a traditional Bengali dish.
**Joseph** : Yum! It is delicious.
**Shumi** : I am glad you like it.
**Joseph** : And what is this?
**Shumi** : It is shutki.
**Joseph** : Yuk! It is disgusting. It is too spicy for me!



জোসেফ কি বাংলা খাবার পছন্দ করেন? আপনি কীভাবে তা বুঝতে পারবেন? কোনো খাবারের স্বাদ পছন্দ হলে ইংরেজিতে আমরা বলতে পারি **yum!** আবার খাবারের স্বাদ পছন্দ না হলে আমরা বলতে পারি **yuk!** ওপরের কথোপকথনটি আবার পড়ুন এবং **yum** ও **yuk** শব্দ দুটি চিহ্নিত করুন।

### অনুশীলনী-দুই

*অনুশীলনী-এক-এর কথোপকথনটি লক্ষ করুন।*

কোনো খাবার সম্পর্কে জানতে চাওয়ার সময় ইংরেজিতে আমরা বলি-

**What is this?**

এ ধরনের প্রশ্নের উত্তরে বলা হয়-

**It is + খাবারের নাম.**

*এ বিষয়ে অনুশীলনী-এক-এর বাক্য দুটি নিচে লক্ষ করুন।*

**Joseph:** What is this?
**Shumi:** It is panta ilish.

### অনুশীলনী-তিন

*এবার আপনি একজন বন্ধুকে নিয়ে অনুশীলনী-এক-এর কথোপকথনটি চর্চা করুন। চর্চা করার সময় জোসেফ ও সুমির চরিত্রগুলো নিজেদের মধ্যে পরিবর্তন করে নিন।*

### অনুশীলনী-চার

*নিচে খাবারের নামগুলো দেখুন। এবার অনুশীলনী-এক-এর পান্তা ইলিশের জায়গায় নিচের খাবারের নামগুলো ব্যবহার করুন এবং আপনার একজন বন্ধুর সঙ্গে কথোপকথনটি চর্চা করুন। এ বিষয়ে নিচে কিছু উদাহরণ দেওয়া হলো।*

- chicken korma
- khichuri
- shutki
- biriani

**Friend** : What is this?
**You** : It is chicken korma. It is a traditional Bengali dish.
**Friend** : Yum! It is delicious.
**You** : I am glad you like it.

# প্রয়োজনীয় ইংরেজি

## আজ আবহাওয়া কেমন? : প্রথম অংশ



হ্যালো, আমি মিশা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

আবহাওয়ার বিভিন্ন অবস্থা নিয়ে ইংরেজিতে কীভাবে কিছু বলতে হয়।

- **প্রথম অংশে আমরা শিখব**—আবহাওয়ার বর্তমান অবস্থা নিয়ে কীভাবে কিছু বলতে হয়।
- দ্বিতীয় অংশে আমরা শিখব—আবহাওয়ার ভবিষ্যৎ অবস্থা নিয়ে কীভাবে কিছু বলতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—আবহাওয়ার পূর্বাভাস কীভাবে পড়তে হয়।

### অনুশীলনী-এক

*নিচের ছবিটি লক্ষ করুন। ছবিতে একজন নারীকে দেখা যাচ্ছে। বলুন তো, তিনি কী করছেন?*




### অনুশীলনী-দুই

*আবহাওয়া—বিষয়ক নিচের ছবিগুলো লক্ষ করুন। ছবির ডান দিকে কিছু লেখা রয়েছে। ছবিগুলো লেখাগুলোর সঙ্গে মিলিয়ে নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*



| | |
|---|---|
| ১. | ক. cloudy (মেঘলা) |
| ২. | খ. sunny (রৌদ্রোজ্জ্বল) |
| ৩. | গ. stormy (ঝোড়ো) |
| ৪. | ঘ. rainy (বৃষ্টিবহুল) |
| ৫. | ঙ. snowy (তুষারময়) |

### অনুশীলনী-তিন

*মারিয়া ও বেলাল দুই বন্ধু। আবহাওয়ার বিষয়ে তারা কথা বলছেন। নিচে তাদের কথোপকথনটি পড়ুন। এবার আপনার একজন বন্ধুর সঙ্গে মারিয়া ও বেলালের সংলাপগুলো চর্চা করুন।*

**Maria** : What is the weather like in Chittagong, Belal?
**Belal** : It is sunny. What is the weather like in Sylhet, Maria?
**Maria** : It is windy.

আবহাওয়ার বিষয়ে কিছু জিজ্ঞাসা করার সময় ইংরেজিতে আমরা বলি-

**What is the weather like?**

এবং এ ধরনের প্রশ্নের উত্তরে ইংরেজিতে আমরা বলি-

**It is + adjective** (যেমন : cloudy বা sunny)

### অনুশীলনী-চার

*আপনি কি জানেন, বাংলাদেশের কোন অঞ্চলের আবহাওয়া কী রকম? এ বিষয়ে নিচের প্রশ্নগুলো লক্ষ করুন। প্রশ্নের উত্তরে* **adjective** *গুলো অসম্পূর্ণভাবে লেখা আছে। শূন্যস্থানগুলোতে সঠিক বর্ণ বসিয়ে উত্তরগুলো সম্পূর্ণ করুন। এ বিষয়ে অনুশীলনী-দুই থেকে সাহায্য নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

১. What is the weather like in Sylhet?
It is w i n d y.

২. What is the weather like in Chittagong?
It is s _ n _ y.

৩. What is the weather like in Rajshahi?
It is f _ _ g _.

৪. What is the weather like in Dhaka?
It is _ a i _ _.

৫. What is the weather like in Khulna?
It is _ t _ _ m _.

৬. What is the weather like in Barisal?
It is c _ _ _ _ y.

**উত্তর**

অনুশীলনী-এক : তিনি আবহাওয়ার খবর পড়ছেন।
অনুশীলনী-দুই : ২-ঘ, ৩-গ, ৪-ঙ, ৫-ক
অনুশীলনী-চার : ২-sunny, ৩-foggy, ৪-rainy, ৫-stormy, ৬-cloudy

# প্রয়োজনীয় ইংরেজি

## আজ আবহাওয়া কেমন? : দ্বিতীয় অংশ



হ্যালো, আমি মিশা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

আবহাওয়ার বিভিন্ন অবস্থা নিয়ে ইংরেজিতে কীভাবে কিছু বলতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—আবহাওয়ার বর্তমান অবস্থা নিয়ে কীভাবে কিছু বলতে হয়।
- **দ্বিতীয় অংশে আমরা শিখব**—আবহাওয়ার ভবিষ্যৎ অবস্থা নিয়ে কীভাবে কিছু বলতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—আবহাওয়ার পূর্বাভাস কীভাবে পড়তে হয়।

### অনুশীলনী-এক

*মোরশেদ ও বিলাস দুই বন্ধু। নিচে তাদের কথোপকথনটি পড়ুন। বলুন তো, তারা কিসের পরিকল্পনা করছেন?*



| | |
|---|---|
| **Morshed** | : I can't wait to go on holiday! |
| **Bilash** | : Me neither. I hope the weather is going to be good. |
| **Morshed** | : The weather report says it is going to be windy tomorrow, but on Wednesday and Thursday it is going to be sunny and hot. |
| **Bilash** | : Great. So, we can swim in the sea and sit on the beach. |

*মোরশেদ ও বিলাসের কথোপকথনের এই অংশটি লক্ষ করুন :*

**It is going to be windy tomorrow.**
**It is going to be sunny and hot.**

আবহাওয়ার ভবিষ্যৎ অবস্থা নিয়ে বা ভবিষ্যৎ কালে ঘটতে যাওয়া কোনো বিষয় নিয়ে কিছু বলার সময় ইংরেজিতে আমরা **going to** ব্যবহার করে থাকি। যেমন :

| **It is + going to be + adjective.** | | |
|---|---|---|
| **It is** | **going to be** | **sunny.** |

### অনুশীলনী-দুই

*নিচে উদাহরণ হিসেবে ঢাকা শহরের তিন দিনের আবহাওয়ার পূর্বাভাস দেওয়া হয়েছে। ছবিগুলো দেখে বলুন তো, আগামী তিন দিন ঢাকার আবহাওয়া কেমন থাকতে পারে? ছবির নিচের বাক্যগুলো দেখুন এবং শূন্যস্থানে সঠিক উত্তরগুলো লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

| | **weather** |
|---|---|
| **Sunday** |  |
| **Monday** |  |
| **Tuesday** |  |

১. On Sunday *it is going to be stormy*.
২. On Monday ____________________.
৩. On Tuesday ____________________.

### অনুশীলনী-তিন

*আগামী তিন দিন আপনার শহরের আবহাওয়া কেমন থাকবে? এ বিষয়ে আপনার একজন বন্ধুর সঙ্গে ইংরেজিতে কথা বলুন। আবহাওয়ার বিষয়ে কথা বলার সময় এই লেসন থেকে শেখা শব্দ ও বাক্যগুলো ব্যবহার করুন।*

**উত্তর**

অনুশীলনী-এক : তারা বেড়াতে যাওয়ার জন্য পরিকল্পনা করছেন।

অনুশীলনী-দুই : ২-it is going to be sunny. ৩-it is going to be cloudy.

# প্রয়োজনীয় ইংরেজি

## আজ আবহাওয়া কেমন? : তৃতীয় অংশ



হ্যালো, আমি মিশা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

আবহাওয়ার বিভিন্ন অবস্থা নিয়ে ইংরেজিতে কীভাবে কিছু বলতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—আবহাওয়ার বর্তমান অবস্থা নিয়ে কীভাবে কিছু বলতে হয়।
- দ্বিতীয় অংশে আমরা শিখেছি—আবহাওয়ার ভবিষ্যৎ অবস্থা নিয়ে কীভাবে কিছু বলতে হয়।
- **তৃতীয় অংশে আমরা শিখব**—আবহাওয়ার পূর্বাভাস কীভাবে পড়তে হয়।

### অনুশীলনী-এক

*নিচের ছকটি লক্ষ করুন। এই ছকে আবহাওয়া—বিষয়ক কিছু ছবি দেওয়া আছে এবং সেই ছবিসংক্রান্ত কিছু বাক্য লেখা আছে। এবার আপনি সঠিক* **noun** *এবং* **adjective** *ব্যবহার করে ছকের শূন্যস্থানগুলো পূরণ করুন।*

| | noun | adjective | |
|---|---|---|---|
| | sun | sunny | It is sunny./The sun is shining. |
| | ১. rain | rainy | It is raining. |
| | cloud | ২. ______ | It is cloudy. |
| | ৩. ______ | windy | It is windy./The wind is blowing. |
| | storm | stormy | It is stormy. |

### অনুশীলনী-দুই

*উদাহরণ হিসেবে যুক্তরাজ্যের লন্ডন ও যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের আবহাওয়ার পূর্বাভাস নিচে দেওয়া হলো। আবহাওয়া—বিষয়ক সংবাদগুলো পড়ুন এবং অনুমান করে বলুন তো, এই শহরগুলোতে এখন গ্রীষ্মকাল, নাকি শীতকাল? সংবাদগুলো পড়ার সময় ডান দিকের শব্দার্থের ছক থেকে সাহায্য নিন।*

**London:** Good evening. Welcome to the weather report. Tomorrow is going to be a hot day with temperatures of twenty-eight degrees. The sun is going to shine all morning and afternoon, but in the evening it is going to be cloudy with some rain. Evening temperatures will be eighteen degrees.

**New York:** Welcome to the weather report. If you are going to go out tomorrow, be ready for very cold weather. It is going to rain heavily. Also, a strong wind is going to blow from north to south, bringing the temperature down to ten degrees.

| | |
|---|---|
| weather report | আবহাওয়ার সংবাদ |
| during the day | দিনের বেলায় |
| rain heavily | ভারী বৃষ্টিপাত |
| strong wind | ঝোড়ো বাতাস |
| bringing the temperature down | তাপমাত্রা কমে যাওয়া |

### অনুশীলনী-তিন

*অনুশীলনী-দুই-এ আবহাওয়ার সংবাদগুলো আবার পড়ুন এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দিন।*

১. Is it going to be cloudy in London in the evening?
২. Is it going to rain in the morning in London?
৩. Is the sun going to shine in New York?
৪. What is the temperature in New York going to be?
৫. What is the evening temperature in London going to be?

### অনুশীলনী-চার

*আগামীকাল আপনার শহরের আবহাওয়া কেমন থাকবে? স্থানীয় পত্রিকায় আবহাওয়ার সংবাদগুলো দেখুন এবং এ বিষয়ে আপনার একজন বন্ধুর সঙ্গে ইংরেজিতে কথা বলুন। আবহাওয়ার বিষয়ে কথা বলার সময় এই লেসনে শেখা শব্দ ও বাক্যগুলো ব্যবহার করুন।*

**উত্তর**

অনুশীলনী-এক : ২-cloudy, ৩-wind
অনুশীলনী-দুই :লন্ডনে এখন গ্রীষ্ম কাল ও নিউ ইয়র্কে শীত কাল।
অনুশীলনী-তিন : ১-yes, ২-no, ৩-no, ৪-ten degrees, ৫-eighteen degrees

BBC জানালা
www.bbcjanala.com

প্রথম আলো
The Daily Prothom Alo

# প্রয়োজনীয় ইংরেজি

## আজ কত তারিখ? : প্রথম অংশ



হ্যালো, আমি মিশা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

বিভিন্ন দিন, তারিখ ও মাস নিয়ে কীভাবে কিছু বলতে হয়।

- **প্রথম অংশে আমরা** ইংরেজিতে ১ থেকে ৩১ পর্যন্ত সংখ্যাগুলো শিখব।
- দ্বিতীয় অংশে আমরা ইংরেজিতে বিভিন্ন মাস ও ঋতু সম্পর্কে জানব।
- তৃতীয় অংশে আমরা শিখব—কোনো তারিখ উল্লেখ করে কীভাবে কিছু বলতে হয়।

---

### অনুশীলনী-এক

*নিচের ছবিটি লক্ষ করুন। বলুন তো, ছবির দুজনের মধ্যে সম্পর্ক কী? ছবির নিচের কথোপকথনটি মনোযোগ দিয়ে পড়ুন।*



**Rana** : How many hours are there in a day?
**Nasima** : There are twenty-four hours in a day, my darling.
**Rana** : How many days are there in a week?
**Nasima** : Seven, my dear.
**Rana** : And how many days are there in a month?
**Nasima** : There are thirty days in September, April, June and November. All the other months have thirty-one, except February which has twenty-eight days.
**Rana** : And how many months are there in a year?
**Nasima** : Twelve, my darling.
**Rana** : And how old are you?
**Nasima** : You should never ask a woman her age!

### অনুশীলনী-দুই

*অনুশীলনী-এক-এর কথোপকথনটি আবার পড়ুন। বলুন তো, সেই কথোপকথনে কতগুলো সংখ্যা রয়েছে? সেই সংখ্যাগুলো খুঁজে বের করুন এবং সেগুলো নিচের শূন্যস্থানগুলোতে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

| | | | |
|---|---|---|---|
| 1 | one | 12 | ________ |
| 2 | two | 13 | thirteen |
| 3 | three | 19 | nineteen |
| 4 | four | 20 | twenty |
| 5 | five | 21 | twenty-one |
| 6 | six | 22 | twenty-two |
| 7 | seven | 24 | ________ |
| 8 | eight | 25 | twenty-five |
| 9 | nine | 28 | ________ |
| 10 | ten | 30 | ________ |
| 11 | eleven | 31 | ________ |

### অনুশীলনী-তিন

*অনুশীলনী-দুই-এর টেবিলটি লক্ষ করুন। এবার সেই টেবিলের সংখ্যাগুলো ঢেকে দিন। আপনি কি মনে করতে পারছেন, কীভাবে ১ থেকে ৩১ পর্যন্ত সংখ্যাগুলো ইংরেজিতে বলতে ও লিখতে হয়? এবার আপনার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে সংখ্যাগুলো বলে ও লিখে চর্চা করুন।*

**উত্তর**

অনুশীলনী-এক : রানা নাসিমার ছেলে।

অনুশীলনী-দুই : twelve, twenty-four, twenty-eight, thirty, thirty-one

BBC জানালা

www.bbcjanala.com

প্রথম আলো

The Daily Prothom Alo

# প্রয়োজনীয় ইংরেজি

## আজ কত তারিখ? : দ্বিতীয় অংশ



হ্যালো, আমি মিশা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

বিভিন্ন দিন, তারিখ ও মাস নিয়ে কীভাবে কিছু বলতে হয়।

- প্রথম অংশে আমরা ইংরেজিতে ১ থেকে ৩১ পর্যন্ত সংখ্যাগুলো শিখেছি।
- **দ্বিতীয় অংশে আমরা** ইংরেজিতে বিভিন্ন মাস ও ঋতু সম্পর্কে জানব।
- তৃতীয় অংশে আমরা শিখব—কোনো তারিখ উল্লেখ করে কীভাবে কিছু বলতে হয়।

### অনুশীলনী-এক

*নিচে বাংলাদেশের ছয়টি ঋতুর নাম ইংরেজিতে ও বাংলায় লেখা আছে। ঋতুর ইংরেজি নামগুলো বাংলা নামগুলোর সঙ্গে মিলিয়ে নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

| | | | |
|---|---|---|---|
| ১. | summer | ক. | বসন্তকাল |
| ২. | rainy season | খ. | শীতকাল |
| ৩. | autumn | গ. | গ্রীষ্মকাল |
| ৪. | late autumn | ঘ. | বর্ষাকাল |
| ৫. | winter | ঙ. | হেমন্তকাল |
| ৬. | spring | চ. | শরৎকাল |

মনে রাখবেন, ইংরেজিতে ঋতুর নাম লেখার সময় বড় হাতের অক্ষর ব্যবহৃত হয় না।

### অনুশীলনী-দুই

*নিচের বক্সে কয়েকটি ইংরেজি মাসের নাম দেওয়া আছে এবং বক্সের নিচে কয়েকটি ঋতুর নাম লেখা আছে। মাসের নামগুলোর সঙ্গে ঋতুর নামগুলো মিলিয়ে নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

| | | |
|---|---|---|
| March | October | ~~May~~ |
| June | September | December |

| | | |
|---|---|---|
| ১. summer | April | May |
| ২. rainy season | | July |
| ৩. autumn | August | |
| ৪. late autumn | | November |
| ৫. winter | | January |
| ৬. spring | February | |

### অনুশীলনী-তিন

*ইংরেজিতে তারিখ বলার সময় আমরা ক্রমিক সংখ্যা ব্যবহার করি। এই সংখ্যাগুলো ক্রমানুসারে থাকে। বিভিন্ন অংকবাচক সংখ্যার সমতুল্য ক্রমিক সংখ্যাগুলো নিচে লক্ষ করুন।*

*সমতুল্য ক্রমিক সংখ্যা*

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| 1st | first | 4th | fourth | 7th | seventh | 10th | tenth |
| 2nd | second | 5th | fifth | 8th | eighth | 11th | eleventh |
| 3rd | third | 6th | sixth | 9th | ninth | 12th | twelfth |

লক্ষ করুন, ইংরেজিতে তারিখ লেখার সময় সংখ্যাগুলোর ক্রম বোঝানোর জন্য অংকের সঙ্গে **st, nd, rd** এবং **th** ব্যবহার করা হয়।

### অনুশীলনী-চার

*এবার নিচের টেবিলটি লক্ষ করুন। সঠিক ক্রমিক সংখ্যা ব্যবহার করে নিচের শূন্যস্থানগুলো পূরণ করুন। এ জন্য* **st, nd, rd** *এবং* **th** *ব্যবহার করতে ভুলবেন না। লেখার সময় অনুশীলনী-তিন থেকে সাহায্য নিন।*

| | |
|---|---|
| 14th | fourteenth |
| ক. 17th | seventeenth |
| 20th | twentieth |
| 21st | twenty-first |
| খ.______ | twenty-second |
| 23rd | twenty-third |
| গ.______ | twenty-fourth |
| 30th | thirtieth |

**উত্তর**

অনুশীলনী-এক : ২-ঘ, ৩-চ, ৪-ঙ, ৫-খ, ৬-ক

অনুশীলনী-দুই : ২-June, ৩-September, ৪-October, ৫-December, ৬-March

অনুশীলনী-চার : খ-22nd, গ-24th

# প্রয়োজনীয় ইংরেজি

## আজ কত তারিখ? : তৃতীয় অংশ



হ্যালো, আমি মিশা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

বিভিন্ন দিন, তারিখ ও মাস নিয়ে কীভাবে কিছু বলতে হয়।

- প্রথম অংশে আমরা ইংরেজিতে ১ থেকে ৩১ পর্যন্ত সংখ্যাগুলো শিখেছি।
- দ্বিতীয় অংশে আমরা ইংরেজিতে বিভিন্ন মাস ও ঋতু সম্পর্কে জেনেছি।
- **তৃতীয় অংশে আমরা শিখব**—কোনো তারিখ উল্লেখ করে কীভাবে কিছু বলতে হয়।

---

### অনুশীলনী-এক

*নিচের কথোপকথনটি লক্ষ করুন। বলুন তো, ডেভিড ও আশিস এখানে কী নিয়ে কথা বলছেন?*



**David :** What is the date today?
**Ashish:** It is the seventeenth of August.
**David :** We need to book our holiday.
**Ashish:** When do you want to go?
**David :** I can go on the second of September.
**Ashish:** OK. I finish work on the first of September.
**David :** Great. Where do you want to go?
**Ashish:** I want to go to Cox's Bazar.
**David :** Cox's Bazar is too hot now. It is summer!
**Ashish:** OK. How about the tea gardens in Srimangal?
**David :** Yes. That is a good idea.
**Ashish:** We can go by bus.

### অনুশীলনী-দুই

*অনুশীলনী-এক-এর কথোপকথনটি আবার পড়ুন। এবার নিচের বাক্যগুলো থেকে সত্য/মিথ্যা নির্ধারণ করুন। সত্য বাক্যটির পাশে* **T** (True) *লিখুন এবং মিথ্যা বাক্যটির পাশে* **F** (False) *লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

১. Today's date is the twenty-first of January. [**F**]
২. David can go on the second of September. [ ]
৩. Ashish wants to go to Cox's Bazar. [ ]
৪. David wants to go to the tea gardens. [ ]
৫. They are going by train. [ ]

তারিখ জিজ্ঞাসা করার সময় ইংরেজিতে আমরা বলি-

**What is the date today?**

এবং এ ধরনের প্রশ্নের উত্তরে ইংরেজিতে আমরা বলি-

**It is the _______.**

*অনুশীলনী-এক-এর উদাহরণগুলো নিচে লক্ষ করুন।*

**David:** What is the date today?
**Ashish:** It is the seventeenth of August.

লক্ষ করুন, ইংরেজিতে তারিখ বলার সময় আমরা মাসের নামের আগে **of** ব্যবহার করি।

### অনুশীলনী-তিন

*অনুশীলনী-এক-এর কথোপকথনটি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করুন। চর্চা করার সময় ডেভিড ও আশিসের চরিত্রগুলো নিজেদের মধ্যে পরিবর্তন করে নিন। মাসের নামের আগে* **of** *বসাতে ভুলবেন না।*

### অনুশীলনী-চার

*এবার নিচে গুরুত্বপূর্ণ দিবসগুলো লক্ষ করুন। বলুন তো, দিবসগুলো কত তারিখে পালিত হয়? এ সম্পর্কে আপনার বন্ধুকে প্রশ্ন করুন এবং উত্তর দিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

• ~~Pohela Boishakh~~ • Christmas Day • New Year's Day

When is Pohela Boishakh?

It is on the fourteenth of April.

### অনুশীলনী-পাঁচ

*আপনার জীবনে কি আর কোনো বিশেষ দিন রয়েছে, যেমন: আপনার জন্মদিন? সেই তারিখটি আপনার বন্ধুকে বলুন। এবার আপনার বন্ধুকে তার জীবনের বিশেষ দিনগুলো সম্পর্কে প্রশ্ন করুন।*

**উত্তর**
অনুশীলনী-দুই : ২-T, ৩-T, ৪-T, ৫-F

# প্রয়োজনীয় ইংরেজি

## আপনি কি জানেন পোস্ট অফিস কোথায়? : প্রথম অংশ



হ্যালো, আমি মিশা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

বিভিন্ন স্থানের দিক—নির্দেশনা কীভাবে দিতে হয়।

- **প্রথম অংশে আমরা শিখব**—শহরের গুরুত্বপূর্ণ বিভিন্ন স্থাপনা ও জায়গার নাম।
- দ্বিতীয় অংশে আমরা শিখব—কোনো স্থানের অবস্থান কীভাবে বোঝাতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—কোনো স্থানের দিক—নির্দেশনা কীভাবে দিতে হয়।

---

### অনুশীলনী-এক

*নিচের ছকটি লক্ষ করুন। এখানে বাঁ-দিকে বিভিন্ন কাজের কথা উল্লেখ করা হয়েছে এবং ডান দিকে লেখা আছে কিছু স্থানের নাম। বিভিন্ন কাজের সঙ্গে স্থানের নামগুলো মিলিয়ে নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

| | |
|---|---|
| ১. buy some clothes (কাপড় কেনা) | ক. bank |
| ২. send some letters (চিঠি পাঠানো) | খ. shopping centre |
| ৩. buy some fish (মাছ কেনা) | গ. pharmacy |
| ৪. buy some medicine (ওষুধ কেনা) | ঘ. post office |
| ৫. take out some money (টাকা তোলা) | ঙ. market |

### অনুশীলনী-দুই

*ডান দিকে মারিয়া ও হান্নানের কথোপকথনটি পড়ুন। বলুন তো, হান্নান কি প্রথমবারের মতো মারিয়ার গ্রামে এসেছেন? আপনি কীভাবে তা বুঝতে পারবেন?*

**Hannan** : Excuse me, where can I buy some medicine?
**Maria** : At the pharmacy.
**Hannan** : And where can I send some letters?
**Maria** : At the post office.
**Hannan** : Thanks.

*মারিয়া ও হান্নানের কথোপকথনটি পড়ুন এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দিন।*

১. What does Hannan want to buy?

______________________

২. Where does Maria tell Hannan to go?

______________________

### অনুশীলনী-তিন

*এবার আপনার পালা। আপনার গ্রাম বা শহরের বিভিন্ন স্থান সম্পর্কে আমার প্রশ্নগুলোর উত্তর দিন।*

**Misha** : Where can I send some letters?
**You** : At the ______________________.
**Misha** : And where can I buy some fish?
**You** : At the ______________________.

**উত্তর**

অনুশীলনী-এক : ২-ঘ, ৩-ঙ, ৪-গ, ৫-ক

অনুশীলনী-দুই : ১-medicine, ২-the pharmacy

# প্রয়োজনীয় ইংরেজি

## আপনি কি জানেন পোস্ট অফিস কোথায়? : দ্বিতীয় অংশ



হ্যালো, আমি মিশা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

বিভিন্ন স্থানের দিক—নির্দেশনা কীভাবে দিতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—শহরের গুরুত্বপূর্ণ বিভিন্ন স্থাপনা ও জায়গার নাম।
- **দ্বিতীয় অংশে আমরা শিখব**—কোনো স্থানের অবস্থান কীভাবে বোঝাতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—কোনো স্থানের দিক—নির্দেশনা কীভাবে দিতে হয়।

### অনুশীলনী-এক

*বিভিন্ন ভবন ও স্থান— বিষয়ক নিচের লেখাগুলো লক্ষ করুন। বাঁ দিকের ইংরেজি শব্দগুলো ডান দিকের সঠিক বাংলা শব্দগুলোর সঙ্গে মিলিয়ে নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

| | |
|---|---|
| ১. on the corner | ক. পাশে |
| ২. at the traffic lights | খ. রাস্তার কোণায় |
| ৩. at the crossroads | গ. সামনে |
| ৪. in front of | ঘ. গোল চত্বরে |
| ৫. next to | ঙ. ট্রাফিক বাতিতে |

### অনুশীলনী-দুই

*বিভিন্ন স্থানের দিক— নির্দেশনা নিয়ে মারিয়া ও হান্নান কথা বলছেন। তাদের কথোপকথনটি পড়ুন।*

**Hannan** : Excuse me, where is the pharmacy?
**Maria** : It is on the corner.
**Hannan** : And where is the shop?
**Maria** : It is next to the park.

কোনো জায়গা, স্থাপনা বা জিনিসের অবস্থান সম্পর্কে জানার জন্য ইংরেজিতে আমরা বলি-

**Where is the** + ভবনের নাম?
**Excuse me, where is the pharmacy?**

এ ধরনের প্রশ্নের উত্তরে কোনোকিছুর অবস্থান বোঝানোর জন্য ইংরেজিতে আমরা বলি-

**It is** + স্থানের অবস্থান.
**It is on the corner.**

*এবার হান্নান ও মারিয়ার কথোপকথনটি আবার পড়ুন এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দিন।*

১. Where is the pharmacy? It is ____________.
২. Where is the shop? It is _________ the park.

### অনুশীলনী-তিন

*অনুশীলনী-এক-এর শব্দগুলো লক্ষ করুন এবং অনুশীলনী-দুই-এর কথোপকথনটি আপনার একজন বন্ধুর সঙ্গে চর্চা করুন। চর্চা করার সময় হান্নান ও মারিয়ার চরিত্রগুলো নিজেদের মধ্যে পরিবর্তন করে নিন।*

### অনুশীলনী-চার

*আপনার একজন বন্ধুকে জিজ্ঞাসা করুন তিনি কোথায় থাকেন। এবার নিচের ভবন বা স্থানের নামগুলো লক্ষ করুন। আপনার বন্ধুকে জিজ্ঞাসা করুন, তার এলাকায় এই ভবন বা স্থাপনাগুলো কোথায় অবস্থিত। নিচের শব্দগুলো ব্যবহার করে শূন্যস্থান পূরণ করুন এবং আপনার বন্ধুকে ইংরেজিতে প্রশ্ন করুন।*

- pharmacy
- bank
- post office
- mosque
- market
- university

Where is the ______________?

**উত্তর**

অনুশীলনী-এক : ২-ঙ, ৩-ঘ, ৪-গ, ৫-ক
অনুশীলনী-দুই : ১-on the corner, ২-next to

# প্রয়োজনীয় ইংরেজি

## আপনি কি জানেন পোস্ট অফিস কোথায়? : তৃতীয় অংশ



হ্যালো, আমি মিশা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

বিভিন্ন স্থানের দিক—নির্দেশনা কীভাবে দিতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—শহরের গুরুত্বপূর্ণ বিভিন্ন স্থাপনা ও জায়গার নাম।
- দ্বিতীয় অংশে আমরা শিখেছি—কোনো স্থানের অবস্থান কীভাবে বোঝাতে হয়।
- **তৃতীয় অংশে আমরা শিখব**—কোনো স্থানের দিক—নির্দেশনা কীভাবে দিতে হয়।

### অনুশীলনী-এক

*দিক—নির্দেশনা—বিষয়ক নিচের ছবিগুলো লক্ষ করুন। বাঁ দিকের শব্দগুলো ডান দিকের ছবিগুলোর সঙ্গে মিলিয়ে নিন।*

| | | | |
|---|---|---|---|
| ১. | go straight on | ক. |  |
| ২. | turn left | খ. |  |
| ৩. | turn right | গ. |  |

### অনুশীলনী-দুই

*বিভিন্ন স্থানের দিক—নির্দেশনা—বিষয়ক মারিয়া ও হান্নানের কথোপকথনটি পড়ুন।*



**Hannan** : Excuse me, can you help me, please?
**Maria** : Yes, of course.
**Hannan** : Where is the post office?
**Maria** : It is on the corner, next to the bank.
**Hannan** : Great, thanks! And where can I top up my phone?
**Maria** : There is a shop in front of the post office.
**Hannan** : And how can I get to the pharmacy?
**Maria** : Go straight on, turn left and then turn right.
**Hannan** : Is it far?
**Maria** : Yes, but you can take a rickshaw or a bus.

### অনুশীলনী-তিন

*অনুশীলনী-দুই-এর কথোপকথনটি আপনার একজন বন্ধুর সঙ্গে চর্চা করুন। চর্চা করার সময় মারিয়া ও হান্নানের চরিত্রগুলো নিজেদের মধ্যে পরিবর্তন করে নিন।*

কোনো স্থাপনা বা জায়গার অবস্থান সম্পর্কে জানার জন্য ইংরেজিতে আমরা বলি-

**Where is the** + ভবনের নাম?
**Excuse me, where is the pharmacy?**

এ ধরনের প্রশ্নের উত্তরে কোনো স্থানের দিক—নির্দেশনা দেওয়ার জন্য ইংরেজিতে আমরা বলি-

**It is** + স্থানের অবস্থান.
**It is next to the shop.**

কোনো স্থান বা স্থাপনার দিক—নির্দেশনা দেওয়ার সময় ইংরেজিতে আমরা বলি-

go straight on (সোজা যান)
turn left (বাঁয়ে যান)
turn right (ডানে যান)

*অনুশীলনী-দুই-এর কথোপকথন থেকে নেওয়া বাক্যগুলো নিচে লক্ষ করুন।*

**Hannan** : And where is the pharmacy?
**Maria** : Go straight on, turn left and then turn right.

**উত্তর**
অনুশীলনী-এক : ১-গ, ২-ক, ৩-খ

BBC জানালা
www.bbcjanala.com

প্রথম আলো
The Daily Prothom Alo

# প্রয়োজনীয় ইংরেজি

## আমরা কখন দেখা করব? : প্রথম অংশ



হ্যালো, আমি মিশা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

কাউকে কীভাবে সময় জিজ্ঞাসা করতে হয় এবং কীভাবে কারও সঙ্গে দেখা করার জন্য সময় নির্ধারণ করতে হয়।

- **প্রথম অংশে আমরা শিখব**—সময় সম্পর্কে কীভাবে কিছু জিজ্ঞাসা করতে হয় এবং কীভাবে সময় বলতে হয়।
- দ্বিতীয় অংশে আমরা শিখব—ঘুম থেকে ওঠার সময় নিয়ে কীভাবে কিছু বলতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—কারও সঙ্গে দেখা করার জন্য কীভাবে সময় নির্ধারণ করতে হয়।

### অনুশীলনী-এক

*নিচের ছবিটি লক্ষ করুন। ছবিতে একজন নারী ও একজন পুরুষকে দেখা যাচ্ছে। বলুন তো, তারা কী নিয়ে কথা বলছেন?*



### অনুশীলনী-দুই

*নিচে দেওয়া ঘড়ির ছবিগুলো লক্ষ করুন। ঘড়ির ডান দিকে কিছু সময় লেখা রয়েছে। ঘড়ির সময়গুলো ডান দিকের সঠিক সময়ের সঙ্গে মিলিয়ে নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

| | ঘড়ি | সময় |
|---|---|---|
| ১. |  | ক. ten o'clock দশটা |
| ২. |  | খ. half past eleven সাড়ে এগারটা |
| ৩. |  | গ. quarter to three পৌনে তিনটা |
| ৪. |  | ঘ. quarter past nine সোয়া নয়টা |
| ৫. |  | ঙ. twelve o'clock বারটা |

### অনুশীলনী-তিন

*অনুশীলনী-এক-এ আমরা দেখেছি দুজন মানুষ কথা বলছেন। নিচে তাদের কথোপকথনের কিছু অংশ দেওয়া হলো। দেখুন তো, তাদের কথোপকথন সম্পর্কে আপনার অনুমান সঠিক ছিল কি না। কথোপকথনটি আপনার একজন বন্ধুর সঙ্গে চর্চা করুন।*

| | |
|---|---|
| **Man** | : Excuse me, have you got the time? |
| **Woman** | : Yes, it is eleven o'clock. |
| **Man** | : Thank you very much. |
| **Woman** | : You are welcome. |

ঘড়িতে যখন সাতটা বাজে, তখন ইংরেজিতে আমরা বলতে পারি-
**seven o'clock** অথবা সংক্ষেপে বলি- **seven**

আবার যখন সকাল বা বিকেল পাঁচটা বাজে, তখন আমরা বলতে পারি-
**five in the morning/afternoon** অথবা **five am/pm**

সময় জিজ্ঞাসা করার সময় ইংরেজিতে আমরা বলি-
**Have you got the time?**

এবং এ ধরনের প্রশ্নের উত্তরে আমরা বলতে পারি-
**Yes, it is + সময়.**
**Yes, it is five pm.**
**Yes, it is five o'clock.**

### অনুশীলনী-চার

*নিচে কিছু সময়ের কথা উল্লেখ করা হয়েছে। এবার আপনার একজন বন্ধুকে জিজ্ঞাসা করুন, এখন কয়টা বাজে? নিচের সময়গুলো দেখে আপনার বন্ধু উত্তর দেবেন। এরপর আপনার বন্ধু আপনাকে সময় জিজ্ঞাসা করলে একইভাবে আপনি উত্তর দিন।*

- ten o'clock
- quarter to three
- quarter past nine
- half past eleven
- twenty past seven
- twenty to five

**উত্তর**
অনুশীলনী-এক : তারা সময় নিয়ে কথা বলছেন।
অনুশীলনী-দুই : ২-ঙ, ৩-ক, ৪-গ, ৫-ঘ

# প্রয়োজনীয় ইংরেজি

## আমরা কখন দেখা করব? : দ্বিতীয় অংশ



হ্যালো, আমি মিশা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

কাউকে কীভাবে সময় জিজ্ঞাসা করতে হয় এবং কীভাবে কারও সঙ্গে দেখা করার জন্য সময় নির্ধারণ করতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—সময় সম্পর্কে কীভাবে কিছু জিজ্ঞাসা করতে হয় এবং কীভাবে সময় বলতে হয়।
- **দ্বিতীয় অংশে আমরা শিখব**—ঘুম থেকে ওঠার সময় নিয়ে কীভাবে কিছু বলতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—কারও সঙ্গে দেখা করার জন্য কীভাবে সময় নির্ধারণ করতে হয়।

### অনুশীলনী-এক

*নিচের ছবিটি লক্ষ করুন। বলুন তো, ঘড়িতে এখন কয়টা বাজে?*



### অনুশীলনী-দুই

*নিচে তিনজন ব্যক্তি তাদের দৈনন্দিন কর্মসূচি নিয়ে কিছু কথা বলেছেন। তাদের কথাগুলো পড়ুন। বলুন তো, তারা সবাই কি কর্মজীবী?*



**Ismail, rickshaw puller**
I work as a rickshaw puller. I get up very early to take things from the market to the shops in the city centre. The market opens at five o'clock in the morning, so I get up at four o'clock.



**Arnob, call centre assistant**
I work in a call centre. I am lucky because my customers in London are six hours behind Dhaka, so I don't start work until two o'clock in the afternoon. Unfortunately, I don't finish work until midnight, so I get up very late at about eleven o'clock in the morning.



**Maya, businesswoman**
I am a businesswoman and I am the manager of a big telecom company. I get up at six o'clock in the morning and go to work at seven so I can avoid all the city traffic.

### অনুশীলনী-তিন

*অনুশীলনী-দুই-এর লেখাগুলো আবার পড়ুন। এবার নিচের প্রশ্নগুলোর উত্তর দিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

১. What time does the market open?
   It opens at five in the morning.
২. What time does Arnob start work?
   He starts work at ______________.
৩. What time does Arnob finish work?
   He finishes work ______________.
৪. What time does Maya get up?
   She ______________________________.
৫. What time does Maya go to work?
   ______________________________.

### অনুশীলনী-চার

*ইসমাইল, অর্ণব ও মায়ার কথাগুলো আপনি পড়েছেন। এবার আপনার কথা বলুন। আপনি দিনের কোন সময়ে কী করেন? নিচের প্রশ্নগুলো পড়ুন এবং এ ধরনের আরও কিছু প্রশ্ন নিজে নিজে তৈরি করুন এবং উত্তর দিন।*

What time do you get up? — I get up at ______.
What time do you start work? — I start work at ____.
What time do you finish work? — I finish work at ___.

**উত্তর**
অনুশীলনী-এক : ঘড়িতে এখন দশটা বেজে পঁচিশ মিনিট।
অনুশীলনী-দুই : তারা সবাই কর্মজীবী।
অনুশীলনী-তিন : ২-two o'clock in the afternoon; ৩-at midnight; ৪-gets up at six o'clock (in the morning); ৫-She goes to work at seven.

# প্রয়োজনীয় ইংরেজি

## আমরা কখন দেখা করব? : তৃতীয় অংশ



হ্যালো, আমি মিশা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

কাউকে কীভাবে সময় জিজ্ঞাসা করতে হয় এবং কীভাবে কারও সঙ্গে দেখা করার জন্য সময় নির্ধারণ করতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—সময় সম্পর্কে কীভাবে কিছু জিজ্ঞাসা করতে হয় এবং কীভাবে সময় বলতে হয়।
- দ্বিতীয় অংশে আমরা শিখেছি—ঘুম থেকে ওঠার সময় নিয়ে কীভাবে কিছু বলতে হয়।
- **তৃতীয় অংশে আমরা শিখব**—কারও সঙ্গে দেখা করার জন্য কীভাবে সময় নির্ধারণ করতে হয়।

## অনুশীলনী-এক

*টেলিফোনে তাসিফ ও সানি কথা বলছেন। তাদের কথোপকথনটি পড়ুন। অনুমান করে বলুন তো, তাদের সম্পর্ক কী?*





**Sunny :** Hello, Sunny speaking.
**Tasif :** Hi, Sunny. What time is our meeting today?
**Sunny :** It is at midday.
**Tasif :** That is too late!
**Sunny :** Shall we meet at eleven?
**Tasif :** Yes, that is fine.
**Sunny :** Where do you want to meet?
**Tasif :** Shall we meet at my office?
**Sunny :** Yes, that is fine.

## অনুশীলনী-দুই

*অনুশীলনী-এক-এর কথোপকথনটি আবার পড়ুন। এবার নিচের বাক্যগুলো থেকে সত্য/মিথ্যা নির্ধারণ করুন। সত্য বাক্যটির পাশে* **T** (True) *লিখুন এবং মিথ্যা বাক্যটির পাশে* **F** (False) *লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

| | |
|---|---|
| ১. Sunny and Tasif are meeting at midday. | [ F ] |
| ২. Tasif wants to meet in a restaurant. | [ ] |
| ৩. Sunny wants to meet at Tasif's office. | [ ] |

*অনুশীলনী-এক-এর কথোপকথনটি আবার দেখুন। সেখানে এমন দুটি বাক্য খুঁজে বের করুন যেগুলোতে* **shall** *শব্দটি আছে। সেই বাক্যগুলোর নিচে দাগ দিন।*

মনে রাখবেন, কোনো অনুষ্ঠান বা কার্যক্রমের সময় নির্ধারণের জন্য ইংরেজিতে আমরা **shall** শব্দটি ব্যবহার করি। যেমন :

**Shall we meet at eleven?**

**আমরা কি ১১টায় দেখা করতে পারি?**

এ ধরনের বাক্যগুলোতে **shall** শব্দটি **I** বা **we**-এর সঙ্গে ব্যবহার করা হয়। যেমন :

**Shall + I/we + verb**
**Shall we meet at eleven?**

## অনুশীলনী-তিন

*এবার নিচের পাঁচটি বাক্য পড়ুন। যে বাক্যটি সঠিক তার পাশে টিক চিহ্ন দিন এবং ভুল বাক্যগুলো শুদ্ধ করে লিখুন। প্রথম উত্তর দুটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

১. Shall I make a cup of tea? ✓
২. Shall I to call the doctor? ×
   <u>Shall I call the doctor?</u>
৩. Shall we meet at the post office?
৪. Shall you go for a walk?
৫. Shall we take a taxi?

## অনুশীলনী-চার

*এবার দেখা করা, কোনো অনুষ্ঠান আয়োজন করা বা বাইরে বেড়াতে যাওয়ার জন্য আপনার একজন বন্ধুর সঙ্গে সময় নির্ধারণ করুন এবং এ বিষয়ে ইংরেজিতে কথা বলুন। বাক্যগুলো তৈরির সময় এই লেসন থেকে শেখা নিয়মগুলো অনুসরণ করুন।*

**উত্তর**
অনুশীলনী-দুই : ২-F, ৩-T
অনুশীলনী তিন : ৩-✓, ৪-× Shall we go for a walk?, ৫-✓

# কর্মক্ষেত্রে ব্যবহৃত ইংরেজি

## আপনি কি আজকের মিটিংয়ে আসছেন? : প্রথম অংশ



হ্যালো, আমি জ্যান। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

কোনো মিটিংয়ের জন্য কীভাবে সময় নির্ধারণ করতে হয়।

- **প্রথম অংশে আমরা শিখব**—অফিসে ব্যবহৃত হয় এমন কিছু ইংরেজি শব্দ।
- দ্বিতীয় অংশে আমরা শিখব—কোনো মিটিংয়ের জন্য কীভাবে সময় নির্ধারণ করতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—কোনো মিটিংয়ের সময় নিয়ে কীভাবে কিছু বলতে হয়।

### অনুশীলনী-এক

*নিচের ছবিগুলো লক্ষ করুন। ছবির দুজন নারী ঢাকার একটি বেসরকারি প্রতিষ্ঠানে চাকরি করেন। সারা দেশে রয়েছে অসংখ্য বেসরকারি প্রতিষ্ঠান। আপনি কি কোনো বেসরকারি প্রতিষ্ঠানের নাম জানেন? সেই প্রতিষ্ঠানে কী ধরনের কাজ হয়?*



নুসরাত



শিরিন

*নিচে নুসরাত ও শিরিনের কাজ সম্পর্কে লেখা বাক্যগুলো পড়ুন।*

Shireen and Nusrat work for an NGO. Shireen is in charge of an education programme, helping to improve teaching in schools. Nusrat is the receptionist. She answers the phone and takes messages. Shireen often goes to Khulna to visit schools and talk to teachers and students. She also writes reports and has meetings to discuss the schools. She likes the work because it is interesting, but she is always very busy.

### অনুশীলনী-তিন

*নিচের শব্দগুলো লক্ষ করুন। অনুশীলনী-দুই-এর কোনো শব্দ কি এখানে খুঁজে পাচ্ছেন? বাঁ দিকের ইংরেজি শব্দগুলো ডান দিকের বাংলা শব্দগুলোর সঙ্গে মিলিয়ে নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

| | |
|---|---|
| ১. education programme → গ | ক. তথ্য/বার্তা |
| ২. in charge of | খ. আকর্ষণীয় |
| ৩. to visit | গ. শিক্ষা কার্যক্রম |
| ৪. interesting | ঘ. আলোচনা করতে |
| ৫. to discuss | ঙ. দায়িত্বপ্রাপ্ত |
| ৬. messages | চ. পরিদর্শন করতে |
| ৭. receptionist | ছ. অভ্যর্থনাকারী |

### অনুশীলনী-চার

*অনুশীলনী-দুই-এর বাক্যগুলো আবার পড়ুন। এবার নিচের প্রশ্নগুলো লক্ষ করুন এবং সঠিক উত্তরের পাশে টিক চিহ্ন দিন।*

১. Shireen is in charge of
   ক. an education programme.
   খ. a health programme.

২. Nusrat is
   ক. a teacher.
   খ. a receptionist.

৩. Shireen goes to Khulna to visit
   ক. schools.
   খ. hospitals.

৪. Shireen writes
   ক. books.
   খ. reports.

### অনুশীলনী-পাঁচ

*অনুশীলনী-দুই-এ আপনি নুসরাত ও শিরিনের কাজ সম্পর্কে জেনেছেন। এবার তাদের কাজ সম্পর্কে নিচের প্রশ্নগুলো পড়ুন এবং শূন্যস্থানগুলো পূরণ করুন।*

১. Nusrat is a receptionist. She answers the phone and ____________.
২. Shireen is in charge of ____________.
৩. Shireen goes to Khulna to ____________.
৪. In Khulna, she talks to ____________

### উত্তর

অনুশীলনী-তিন : ২-ঙ, ৩-চ, ৪-খ, ৫-ঘ, ৬-ক, ৭-ছ
অনুশীলনী-চার : ১-ক, ২-খ, ৩-ক, ৪-খ
অনুশীলনী-পাঁচ : ১-takes messages, ২-an education programme, ৩-visit schools, ৪-teachers and students

# কর্মক্ষেত্রে ব্যবহৃত ইংরেজি

## আপনি কি আজকের মিটিংয়ে আসছেন? : দ্বিতীয় অংশ



হ্যালো, আমি জ্যান। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

কোনো মিটিংয়ের জন্য কীভাবে সময় নির্ধারণ করতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—অফিসে ব্যবহৃত হয় এমন কিছু ইংরেজি শব্দ।
- **দ্বিতীয় অংশে আমরা শিখব**—কোনো মিটিংয়ের জন্য কীভাবে সময় নির্ধারণ করতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—কোনো মিটিংয়ের সময় নিয়ে কীভাবে কিছু বলতে হয়।

---

### অনুশীলনী-এক

*নিচের ছবিগুলো লক্ষ করুন। ছবিতে দেখা যাচ্ছে, একটি বইয়ের দোকানের মালিক জনাব তারিকের সঙ্গে নুসরাত টেলিফোনে কথা বলছেন। বলুন তো, তারা কী নিয়ে কথা বলছেন?*



নুসরাত



তারিক

### অনুশীলনী-দুই

*ধানমন্ডির একটি বেসরকারি প্রতিষ্ঠানে জনাব তারিকের আজ একটি মিটিং আছে। তিনি সেই প্রতিষ্ঠানে ফোন করেছেন। বেসরকারি প্রতিষ্ঠানের অভ্যর্থনাকারী নুসরাত তার সঙ্গে ফোনে কথা বলছেন। নিচে তাদের কথোপকথনটি পড়ুন।*

**Mr Tarique** : Hello, Nusrat. This is Abdul Tarique. I am sorry, I cannot come to the meeting this afternoon. I have a fever.
**Nusrat** : Oh, I am sorry you are sick.
**Mr Tarique** : Can we have the meeting next week? I can come on Monday at three o'clock.
**Nusrat** : I will check and phone you later.
**Mr Tarique** : Thank you.

### অনুশীলনী-তিন

*এবার ডান দিকের বাক্যগুলো থেকে সত্য/মিথ্যা নির্ধারণ করুন। সত্য বাক্যটির পাশে* **T** (True) *লিখুন এবং মিথ্যা বাক্যটির পাশে* **F** (False) *লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

১. Mr Tarique can come to the meeting this afternoon. [ **F** ]
২. Mr Tarique has a headache. [ ]
৩. Mr Tarique can come on Tuesday at three o'clock. [ ]
৪. Nusrat will check and phone Mr Tarique later. [ ]

**লক্ষ করুন :**

১. কারও সঙ্গে ফোনে কথা বলার সময় ইংরেজিতে আমরা বলি-
**Hello. This is Abdul Tarique.**
আমরা কখনোই বলি না- **I am Abdul Tarique.**

২. পূর্বে নির্ধারিত কোনো মিটিংয়ে উপস্থিত থাকতে না পারলে, সে বিষয়ে আগেই জানিয়ে দেওয়ার জন্য ইংরেজিতে আমরা বলি-
**I am (I'm) sorry, I cannot (I can't) come to the meeting.**

৩. অনুশীলনী-দুই-এ নুসরাত বলেছেন-
**I will check and phone you later.**
অর্থাৎ কোনো কাজের জন্য কেউ অনুরোধ জানালে ইংরেজিতে আমরা বলতে পারি-
**I'll** (I will) **phone you later.**
কাউকে বা কোনো বিষয়ে প্রতিশ্রুতি দেওয়ার সময় আমরা **will** শব্দটি ব্যবহার করে থাকি। যেমন :
**I will finish the work today.**
**I will phone you tomorrow.**

### অনুশীলনী-চার

*অনুশীলনী-দুই-এর কথোপকথনটি লক্ষ করুন এবং আপনার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে কথোপকথনের বাক্যগুলো চর্চা করুন। চর্চা করার সময় জনাব তারিক ও নুসরাতের চরিত্রগুলো নিজেদের মধ্যে পরিবর্তন করে নিন।*

**উত্তর**
অনুশীলনী-তিন : ২-F, ৩-F, ৪-T

# কর্মক্ষেত্রে ব্যবহৃত ইংরেজি

## আপনি কি আজকের মিটিংয়ে আসছেন? : তৃতীয় অংশ



হ্যালো, আমি জ্যান। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

কোনো মিটিংয়ের জন্য কীভাবে সময় নির্ধারণ করতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—অফিসে ব্যবহৃত হয় এমন কিছু ইংরেজি শব্দ।
- দ্বিতীয় অংশে আমরা শিখেছি—কোনো মিটিংয়ের জন্য কীভাবে সময় নির্ধারণ করতে হয়।
- **তৃতীয় অংশে আমরা শিখব**—কোনো মিটিংয়ের সময় নিয়ে কীভাবে কিছু বলতে হয়।

### অনুশীলনী-এক

*আপনার নিশ্চয়ই নুসরাত ও শিরিনের কথা মনে আছে? তারা দুজনই ধানমন্ডির একটি বেসরকারি প্রতিষ্ঠানে চাকরি করেন। সেই প্রতিষ্ঠানটি শিশুশিক্ষা নিয়ে কাজ করে থাকে। বইয়ের দোকানের মালিক জনাব তারিকের সঙ্গে আজ বিকেলে শিরিনের একটি মিটিং হওয়ার কথা। সে বিষয়ে নুসরাত ও শিরিনের মধ্যকার কথোপকথনটি নিচে পড়ুন।*



তারিক



নুসরাত



শিরিন

**Shireen** : Is Mr Tarique coming to the meeting?
**Nusrat** : No, he cannot come this afternoon. He asked if we can meet on Monday afternoon at three o'clock next week.
**Shireen** : No problem. I am free on Monday.
**Nusrat** : OK. I will phone Mr Tarique.
**Shireen** : Good. Thank you.

### অনুশীলনী-দুই

*এবার ডান দিকের বাক্যগুলো থেকে সত্য/মিথ্যা নির্ধারণ করুন। সত্য বাক্যটির পাশে* **T** (True) *লিখুন এবং মিথ্যা বাক্যটির পাশে* **F** (False) *লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

১. Shireen and Nusrat work for a computer company. [ **F** ]
২. Mr Tarique will come to a meeting this afternoon. [ ]
৩. Nusrat will phone Mr Tarique. [ ]
৪. Shireen is free on Monday. [ ]

### অনুশীলনী-তিন

*নিচের বাক্যগুলো লক্ষ করুন। বাক্যগুলোতে কিছু শূন্যস্থান রয়েছে। এবার বাক্যগুলোর ওপরে দেখুন বিভিন্ন শব্দের একটি তালিকা রয়েছে। সেখান থেকে সঠিক শব্দগুলো বেছে নিন এবং সেগুলো দিয়ে নিচের শূন্যস্থানগুলো পূরণ করুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

| | |
|---|---|
| ক. next week | ঘ. free |
| খ. phone | ঙ. ~~cannot come~~ |
| গ. this afternoon | |

১. Mr Tarique *cannot come* to the meeting________.
২. He wants to meet ____________________.
৩. Nusrat will ____________ Mr Tarique.
৪. Shireen is ________________ on Monday.

### অনুশীলনী-চার

*আপনার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে অনুশীলনী-এক-এর কথোপকথনটি আবার পড়ুন এবং বাক্যগুলো দুজনে মিলে চর্চা করুন।*

**উত্তর**
অনুশীলনী-দুই : ২-F, ৩-T, ৪-T
অনুশীলনী-তিন : ১-গ, ২-ক, ৩-খ, ৪-ঘ

# কর্মক্ষেত্রে ব্যবহৃত ইংরেজি

## আপনি কি জরুরি কাগজগুলো পেয়েছেন? : প্রথম অংশ



হ্যালো, আমি জ্যান। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

অফিসের বিভিন্ন কাজ সম্পর্কে ইংরেজিতে কীভাবে কিছু বলতে হয়।

- **প্রথম অংশে আমরা শিখব**—অতীত ও বর্তমান সময়ে করা কোনো কাজ নিয়ে ইংরেজিতে কীভাবে কিছু বলতে হয়।
- দ্বিতীয় অংশে আমরা শিখব—কোনো কাজের বিষয়ে ইংরেজিতে কীভাবে কিছু জিজ্ঞাসা করতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—কোনো কাজে ভুল করে ফেললে ইংরেজিতে কীভাবে সে জন্য দুঃখ প্রকাশ করতে হয়।

---

### অনুশীলনী-এক

*নিচের ছবিটি লক্ষ করুন। এ ধরনের ছবি আপনি নিশ্চয়ই শহরের বিভিন্ন রাস্তার পাশে ও সংবাদপত্রে দেখেছেন? অনুমান করে বলুন তো, এই ছবিগুলো কী কারণে ব্যবহার করা হয়?*




### অনুশীলনী-দুই

*ফাতিমা ঢাকার একটি বিজ্ঞাপনী সংস্থায় চাকরি করেন। বিজ্ঞাপনী সংস্থা বিভিন্ন প্রতিষ্ঠানের পণ্য বিক্রি বা প্রচারের জন্য বিজ্ঞাপন তৈরি করে থাকে; যেমনটি আপনি অনুশীলনী-এক-এর ছবিতে দেখছেন। একটি বিজ্ঞাপনী সংস্থায় ফাতিমার কাজ সম্পর্কে নিচের লেখাগুলো পড়ুন।*

Fatima <u>works</u> for an advertising agency. She started her job one month ago. Before that, she studied Art at university. She talks to companies and sends them information. She enjoys the job and likes meeting people. She sends drawings to companies by courier.



### অনুশীলনী-তিন

*অনুশীলনী-দুই-এর বাক্যগুলো আবার পড়ুন। এবার ডান দিকের বাক্যগুলো থেকে সত্য/মিথ্যা নির্ধারণ করুন। সত্য বাক্যটির পাশে* **T** (True) *লিখুন এবং মিথ্যা বাক্যটির পাশে* **F** (False) *লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

| | |
|---|---|
| ১. Fatima started her job one month ago. | [ T ] |
| ২. At college, Fatima studied Maths. | [ ] |
| ৩. Fatima likes meeting people. | [ ] |
| ৪. Fatima sends drawings to companies by courier. | [ ] |

### অনুশীলনী-চার

অনুশীলনী-দুই-এর বাক্যগুলো আবার পড়ুন। সেই বাক্যগুলোতে বর্তমান কাল বোঝাতে কিছু **verb**-এর শেষে **s** ব্যবহার করা হয়েছে। শব্দগুলো খুঁজে বের করুন এবং সেগুলোর নিচে দাগ দিন। সেখানে **works** শব্দটি উদাহরণ হিসেবে চিহ্নিত করা হয়েছে।

মনে রাখবেন, যেসব কাজ বা ঘটনা সব সময় ঘটে ও যেসব ঘটনা চিরন্তন সত্য, সেসব বিষয়ে কিছু বলার সময় আমরা **present tense** (বর্তমান কাল) ব্যবহার করে থাকি। আবার কারও কাজ নিয়ে কিছু বলার সময়ও আমরা **present tense** ব্যবহার করতে পারি। যেমন :**She works in an advertising agency.**

এবার এই বাক্যটি লক্ষ করুন-

**Fatima started her job one month ago.**

এখানে অতীতের একটি ঘটনা বোঝানোর জন্য **start verb**-এর **past simple tense** ব্যবহার করা হয়েছে এবং সময় (time) বোঝাতে লেখা হয়েছে **one month** (এক মাস) ও **ago** (পূর্বে)।

### অনুশীলনী-পাঁচ

*অনুশীলনী-দুই-এর বাক্যগুলো আবার পড়ুন এবং নিচের শূন্যস্থানগুলো পূরণ করুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

ক. Fatima ___works___ for an advertising agency.
খ. Fatima ______________ her job one month ago.
গ. She ______________ meeting people.
ঘ. She ______________ the job.

**উত্তর**

অনুশীলনী-তিন : ২-F, ৩-T, ৪-T
অনুশীলনী-পাঁচ : খ-started, গ-likes, ঘ-enjoys

# কর্মক্ষেত্রে ব্যবহৃত ইংরেজি

## আপনি কি জরুরি কাগজগুলো পেয়েছেন? : দ্বিতীয় অংশ



হ্যালো, আমি জ্যান। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

অফিসের বিভিন্ন কাজ সম্পর্কে ইংরেজিতে কীভাবে কিছু বলতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—অতীত ও বর্তমান সময়ে করা কোনো কাজ নিয়ে ইংরেজিতে কীভাবে কিছু বলতে হয়।
- **দ্বিতীয় অংশে আমরা শিখব**—কোনো কাজের বিষয়ে ইংরেজিতে কীভাবে কিছু জিজ্ঞাসা করতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—কোনো কাজে ভুল করে ফেললে ইংরেজিতে কীভাবে সে জন্য দুঃখ প্রকাশ করতে হয়।

---

### অনুশীলনী-এক

*ফাতিমা একটি বিজ্ঞাপনী সংস্থায় নতুন চাকরি পেয়েছেন। তিনি প্রতিষ্ঠানটির ডিজাইন বিভাগের সঙ্গে কাজ করেন এবং কাজ শেষে জরুরি কাগজপত্র বা বিজ্ঞাপনগুলো গ্রাহকদের কাছে পাঠিয়ে দেন। তেমনই একজন গ্রাহক, একটি হোটেলের অফিস ম্যানেজার হাসান। কিছু জরুরি কাগজের বিষয়ে জনাব হাসান টেলিফোনে ফাতিমার সঙ্গে কথা বলছেন। নিচে তাদের কথোপকথনটি পড়ুন।*



ফাতিমা



হাসান

**Fatima** : Hello, Mr Hasan. Did you receive the important papers?
**Hasan** : No, I did not. When did you send them?
**Fatima** : I sent the papers on Sunday.
**Hasan** : But today is Wednesday. Where are the papers?
**Fatima** : I am sorry. I will check.

### অনুশীলনী-দুই

*অনুশীলনী-এক-এর কথোপকথনটি আবার পড়ুন। এবার নিচের বাক্যগুলো থেকে সত্য/মিথ্যা নির্ধারণ করুন। সত্য বাক্যটির পাশে* **T** (True) *লিখুন এবং মিথ্যা বাক্যটির পাশে* **F** (False) *লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

| | |
|---|---|
| ১. Mr Hasan has the papers. | [ **F** ] |
| ২. Fatima received the papers on Sunday. | [ ] |
| ৩. The papers are important. | [ ] |
| ৪. Fatima says she is sorry. | [ ] |

### অনুশীলনী-তিন

অনুশীলনী-এক-এর কথোপকথনটি লক্ষ করুন। ফাতিমা বলেছেন-

**Did you receive the important papers?**

উত্তরে হাসান বলেছেন-

**No, I did not (didn't).**

অতীত কালের কোনো কাজ সম্পর্কে প্রশ্ন করার সময় আমরা সাহায্যকারী **verb did** ব্যবহার করে থাকি। আবার কোনো প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দেওয়ার সময়ও আমরা **did** ব্যবহার করতে পারি। যেমন- **Yes. I did** অথবা **No, I did not** বা **No, I didn't (did not)**।

*এবার আপনার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে* **did** *শব্দটি ব্যবহার করে নিচের প্রশ্নগুলো চর্চা করুন এবং সম্ভাব্য উত্তরগুলো বেছে নিন।*

১. Did you finish the work this morning?
Yes, I did. / No, I did not (didn't).
২. Did you send the letter yesterday?
Yes, I did. / No, I did not (didn't).
৩. Did you phone the hotel?
Yes, I did. / No, I did not (didn't).
৪. Did you watch television last night?
Yes, I did. / No, I did not (didn't).
৫. Did you receive my message?
Yes, I did. / No, I did not (didn't).

### অনুশীলনী-চার

*এবার আপনার বন্ধুকে সঙ্গে নিয়ে* **did** *শব্দটি ব্যবহার করে কিছু প্রশ্ন তৈরি করুন এবং উত্তর দিন। এ জন্য অনুশীলনী-তিন থেকে সাহায্য নিন।*

**উত্তর**
অনুশীলনী-দুই : ২-F, ৩-T, ৪-T

# কর্মক্ষেত্রে ব্যবহৃত ইংরেজি

## আপনি কি জরুরি কাগজগুলো পেয়েছেন? : তৃতীয় অংশ



হ্যালো, আমি জ্যান। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

অফিসের বিভিন্ন কাজ সম্পর্কে ইংরেজিতে কীভাবে কিছু বলতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—অতীত ও বর্তমান সময়ে করা কোনো কাজ নিয়ে ইংরেজিতে কীভাবে কিছু বলতে হয়।
- দ্বিতীয় অংশে আমরা শিখেছি—কোনো কাজের বিষয়ে ইংরেজিতে কীভাবে কিছু জিজ্ঞাসা করতে হয়।
- **তৃতীয় অংশে আমরা শিখব**—কোনো কাজে ভুল করে ফেললে ইংরেজিতে কীভাবে সে জন্য দুঃখ প্রকাশ করতে হয়।

### অনুশীলনী-এক

ফাতিমা একটি বিজ্ঞাপনী সংস্থায় চাকরি করেন। তিনি বিভিন্ন প্রতিষ্ঠানের সঙ্গে নিয়মিত যোগাযোগ করেন, তাদের প্রয়োজন অনুযায়ী বিভিন্ন বিজ্ঞাপন তৈরির জন্য ডিজাইন বিভাগের সঙ্গে কাজ করেন এবং সেই বিজ্ঞাপনগুলো সময়মতো তাদের কাছে পাঠিয়ে দেন।

ফাতিমা একটি কুরিয়ার সার্ভিসের মাধ্যমে একটি হোটেলের কর্মকর্তা হাসানের কাছে জরুরি কিছু কাগজ পাঠিয়েছিলেন। কিন্তু সেগুলো জনাব হাসানের কাছে পৌঁছায়নি।

*নিচের ছবিটি দেখে অনুমান করে বলুন তো, পরবর্তী সময়ে কী ঘটেছিল?*



কুরিয়ার সার্ভিস কর্মকর্তা



ফাতিমা

### অনুশীলনী-দুই

*তারপর কী ঘটল তা জানার জন্য নিচের লেখাটি পড়ুন।*

Fatima was upset. She phoned the courier and asked them about the papers. They said they delivered them on Monday and the guard at the hotel received them. Fatima told Mr Hasan at the hotel and he talked to the guard. Mr Hasan found the papers in his office. The guard received the papers but forgot to tell him. Mr Hasan phoned Fatima and said sorry. Fatima was happy. She thought the papers were lost!

### অনুশীলনী-তিন

*অনুশীলনী-দুই-এর লেখাগুলো আবার পড়ুন। এবার নিচের বাক্যগুলো থেকে সত্য/মিথ্যা নির্ধারণ করুন। সত্য বাক্যটির পাশে* **T** (True) *লিখুন এবং মিথ্যা বাক্যটির পাশে* **F** (False) *লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

| | |
|---|---|
| ১. Fatima asked the courier about the papers. | [ T ] |
| ২. The courier did not deliver the papers. | [ ] |
| ৩. Fatima found the papers in her office. | [ ] |
| ৪. The guard forgot to tell Mr Hasan. | [ ] |
| ৫. Mr Hasan said sorry to Fatima. | [ ] |

### অনুশীলনী-চার

জরুরি কাগজগুলো খুঁজে পাওয়ার পর হাসান ফাতিমাকে ফোন করে তাকে **দুঃখিত** বলেছেন। কোনো কাজ নিয়ে ভুল বোঝাবুঝি হলে বা কোনো কাজে ভুল হয়ে গেলে **sorry** (দুঃখিত) বলা উচিত। যেমন :

**Sorry, I am (I'm) late.**

**I am (I'm) sorry, I made a mistake.**

(এখানে **I'm** হলো **I am** এর সংক্ষিপ্ত রূপ)।

*এবার আপনার একজন বন্ধুর সঙ্গে* **I'm sorry** *এই কথাটি ব্যবহার করে কিছু বাক্য চর্চা করুন। যেমন :*

**I am (I'm) sorry, I forgot to send the letter.**

এই কথার উত্তরে আপনার বন্ধু খুব স্বাভাবিকভাবে বলতে পারেন-

**That is OK.**

**উত্তর**

অনুশীলনী-তিন : ২-F, ৩-F, ৪-T, ৫-T

# কর্মক্ষেত্রে ব্যবহৃত ইংরেজি

## আমি কি কিছু নমুনা দেখতে পারি? : প্রথম অংশ



হ্যালো, আমি মিশা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

পোশাক ক্রয়-বিক্রয় প্রতিষ্ঠানে কী ধরনের কাজ হয় এবং এ ধরনের প্রতিষ্ঠানে ইংরেজিতে কীভাবে কথা বলতে হয়।

- **প্রথম অংশে আমরা শিখব—please ও thank you** শব্দগুলো বিনয়ের সঙ্গে কীভাবে ব্যবহার করতে হয়।
- দ্বিতীয় অংশে আমরা ফ্যাশন শিল্পের বিভিন্ন কাজ নিয়ে কিছু লেখা পড়ব।
- তৃতীয় অংশে আমরা শিখব—কাউকে অনুরোধ করার সময় **can** শব্দটি কীভাবে ব্যবহার করতে হয়।

### অনুশীলনী-এক

*নিচে বাঁ দিকের ইংরেজি শব্দগুলো ডান দিকের বাংলা শব্দগুলোর সঙ্গে মিলিয়ে নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

| | | | |
|---|---|---|---|
| ১. | Please | ক. | আপনাকে ধন্যবাদ। |
| ২. | Thanks. | খ. | আপনাকে স্বাগতম। |
| ৩. | Thank you. | গ. | অনুগ্রহ করে |
| ৪. | Of course. | ঘ. | অবশ্যই। |
| ৫. | You are welcome. | ঙ. | ধন্যবাদ। |

### অনুশীলনী-দুই

*নিচে রফিক ও সুমনের মধ্যকার কথোপকথনটি পড়ুন। মনোযোগ দিয়ে লক্ষ করুন তো, তারা দুজন কি একে অপরের সঙ্গে বিনীতভাবে কথা বলছেন? আপনি সেটি কীভাবে বুঝতে পারবেন?*





**Rafik :** Good morning, I ordered some materials. Can I see some samples from my order, please?
**Sumon:** Yes, of course. Please come with me to the warehouse.
**Rafik :** Thank you.
**Sumon:** You are welcome.

কাউকে অনুরোধ করার সময় অবশ্যই বিনয় দেখানো উচিত। ইংরেজিতে বহুভাবে বিনয় প্রকাশ করা যায়। কিন্তু সবচেয়ে সহজ উপায় হলো, অনুরোধ করার সময় **please** ও **thank you** শব্দগুলো ব্যবহার করা।

মনে রাখবেন, অনুরোধ জানানোর সময় **please** শব্দটি বাক্যের শুরুতে বা শেষে ব্যবহার করা যায়।

### অনুশীলনী-তিন

*অনুশীলনী-দুই-এর কথোপকথনটি আবার পড়ুন। সেই কথোপকথনে বিনীত ভাব প্রকাশ করার জন্য কিছু ইংরেজি শব্দ ব্যবহার করা হয়েছে। শব্দগুলো খুঁজে বের করুন এবং সেগুলোর নিচে দাগ দিন। প্রথমটি উদাহরণ হিসেবে চিহ্নিত করা হয়েছে।*

### অনুশীলনী-চার

*এবার আপনি একজন বন্ধুকে সঙ্গে নিয়ে অনুশীলনী-দুই-এর কথোপকথনটি চর্চা করুন। আপনার বন্ধুর সঙ্গে চর্চা করার সময় কথোপকথনের চরিত্রগুলো নিজেদের মধ্যে পরিবর্তন করে নিন।*

### অনুশীলনী-পাঁচ

*আপনার বন্ধুকে সঙ্গে নিয়ে নিচের কথোপকথনটি বারবার চর্চা করুন। আপনার বন্ধুর সঙ্গে কথোপকথনটি চর্চা করার সময়* **please** *ও* **thank you** *বলতে ভুলবেন না। এ ক্ষেত্রে আপনারা অনুশীলনী-দুই থেকে সাহায্য নিতে পারেন।*

**You** : Can I have some tea, please?
**Friend** : Yes, of course.
**You** : Thanks.
**Friend** : You are welcome.

**উত্তর**
অনুশীলনী-এক : ২-ঙ, ৩-ক, ৪-ঘ, ৫-খ
অনুশীলনী-তিন : of course, please, Thank you, You are welcome.

# কর্মক্ষেত্রে ব্যবহৃত ইংরেজি

## আমি কি কিছু নমুনা দেখতে পারি? : দ্বিতীয় অংশ



হ্যালো, আমি মিশা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

পোশাক ক্রয়-বিক্রয় প্রতিষ্ঠানে কী ধরনের কাজ হয় এবং এ ধরনের প্রতিষ্ঠানে ইংরেজিতে কীভাবে কথা বলতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—**please** ও **thank you** শব্দগুলো বিনয়ের সঙ্গে কীভাবে ব্যবহার করতে হয়।
- **দ্বিতীয় অংশে আমরা** ফ্যাশন শিল্পের বিভিন্ন কাজ নিয়ে কিছু লেখা পড়ব।
- তৃতীয় অংশে আমরা শিখব—কাউকে অনুরোধ করার সময় **can** শব্দটি কীভাবে ব্যবহার করতে হয়।

### অনুশীলনী-এক

*নিচের ছবিটি লক্ষ করুন। এখানে বিভিন্ন বস্তু দেখা যাচ্ছে। এসব বস্তু ব্যবহার করে আতিউর তার কাজ করেন। বলুন তো, আতিউর কী ধরনের কাজ করেন?*



### অনুশীলনী-দুই

*আতিউর একজন ফ্যাশন ডিজাইনার। এবার আতিউরের কাজ সম্পর্কে জানতে নিচের লেখাগুলো পড়ুন। বলুন তো, ফ্যাশন ডিজাইনের কাজ করতে আতিউর পছন্দ করেন কি না?*

Hi, my name is Atiur. I am a fashion designer. I am lucky because I work with all the big companies. Fashion is changing all the time and people want different things, so it is my job to create new styles, new colours and new materials. I think about lots of things, for example, the weather. I make clothes which are warmer in the winter. My job is very interesting. My favourite thing is to mix western and Bengali fashions. The results are incredible.

### অনুশীলনী-তিন

*এবার নিচের বাক্যগুলো থেকে সত্য/মিথ্যা নির্ধারণ করুন। সত্য বাক্যটির পাশে* **T** (True) *লিখুন এবং মিথ্যা বাক্যটির পাশে* **F** (False) *লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

| | |
|---|---|
| ১. Atiur is a fashion designer. | [ **T** ] |
| ২. Fashion never changes. | [ ] |
| ৩. Atiur creates different styles, colours and materials. | [ ] |
| ৪. The weather does not influence fashion. | [ ] |
| ৫. Atiur's job is boring. | [ ] |
| ৬. Atiur likes mixing western and Bengali fashion. | [ ] |

### অনুশীলনী-চার

*ধরুন, আপনি একটি কোম্পানিতে চাকরি করেন। সেখানে নিয়মিতভাবে গ্রাহকদের চাহিদা অনুযায়ী কাজ করার জন্য আপনি কী কী করতে পারেন? এ বিষয়ে আপনার বন্ধুর সঙ্গে ইংরেজিতে কথা বলুন।*

### অনুশীলনী-পাঁচ

*এবার আপনার কাজ নিয়ে ইংরেজিতে কিছু বাক্য লিখুন। এ জন্য আপনি অনুশীলনী-দুই থেকে সাহায্য নিন।*

**উত্তর**

অনুশীলনী-এক : আতিউর একজন ফ্যাশন ডিজাইনার।

অনুশীলনী-তিন : ২-F, ৩-T, ৪-F, ৫-F, ৬-T

BBC জানালা
www.bbcjanala.com
প্রথম আলো
The Daily Prothom Alo

# কর্মক্ষেত্রে ব্যবহৃত ইংরেজি

## আমি কি কিছু নমুনা দেখতে পারি? : তৃতীয় অংশ



হ্যালো, আমি মিশা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

পোশাক ক্রয়-বিক্রয় প্রতিষ্ঠানে কী ধরনের কাজ হয় এবং এ ধরনের প্রতিষ্ঠানে ইংরেজিতে কীভাবে কথা বলতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—**please** ও **thank you** শব্দগুলো বিনয়ের সঙ্গে কীভাবে ব্যবহার করতে হয়।
- দ্বিতীয় অংশে আমরা ফ্যাশন শিল্পের বিভিন্ন কাজ নিয়ে কিছু লেখা পড়েছি।
- **তৃতীয় অংশে আমরা শিখব**—কাউকে অনুরোধ করার সময় **can** শব্দটি কীভাবে ব্যবহার করতে হয়।

---

### অনুশীলনী-এক

*নিচে রফিক ও সুমনের মধ্যকার কথোপকথনটি পড়ুন। বলুন তো, তাদের মধ্যে কে ক্রেতা এবং কে বিক্রেতা? আপনি কীভাবে সেটি বুঝতে পারবেন?*



| | | |
|---|---|---|
| **Rafik** | : | Good morning. I ordered some clothes two weeks ago. |
| **Sumon** | : | Of course. Can I see your receipt? Thank you, sir. Yes, the clothes arrived yesterday. |
| **Rafik** | : | Can I see some samples from my order, please? |
| **Sumon** | : | Yes, of course. Please come with me to the warehouse. |
| **Rafik** | : | Can we go tomorrow instead, please? I am busy today. |
| **Sumon** | : | No problem, sir. See you tomorrow. |
| **Rafik** | : | Thanks. Goodbye. |
| **Sumon** | : | Goodbye, sir. |

### অনুশীলনী-দুই

*এবার আপনার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে অনুশীলনী-এক-এর কথোপকথনটি চর্চা করুন। আপনার বন্ধুর সঙ্গে চর্চা করার সময় কথোপকথনের চরিত্রগুলো নিজেদের মধ্যে পরিবর্তন করে নিন।*

*বিনয়ের সঙ্গে কোনো ব্যক্তিকে অনুরোধ করার সময় আমরা* **can** *শব্দটি ব্যবহার করে তাকে প্রশ্ন করে থাকি। অনুশীলনী-এক-এর বাক্যগুলো ডান দিকে লক্ষ করুন।*

**Can I see your receipt?**

**Can I see some samples from my order, please?**

### অনুশীলনী-তিন

*অনুশীলনী-এক এর কথোপকথনটি আবার পড়ুন। সেখানে এমন বাক্যগুলো খুঁজে বের করুন যেখানে* **can** *শব্দটি ব্যবহার করে অনুরোধ করা হয়েছে ।*

লক্ষ করুন, **can** শব্দটি ব্যবহার করে অনুরোধ করার সময় নিচের নিয়মে বাক্য গঠন করা হয়-

**Can I + verb?**
**Can I see your receipt, please?**

*শুধু* **can** *শব্দটি ব্যবহার করে কাউকে অনুরোধ করা হলে সেই বাক্যটি অশোভন শোনায়। এ জন্য অনুরোধের সময়* **can** *শব্দটি ব্যবহার করে কোনো বাক্য গঠন করলে বাক্যের শেষে অবশ্যই* **please** *শব্দটিও ব্যবহার করতে হবে।*

### অনুশীলনী-চার

*নিচের বাক্যগুলো পড়ুন। এখানে সঠিক বাক্যগুলোর ডানপাশে টিক চিহ্ন দিন এবং ভুল বাক্যগুলো চিহ্নিত করে তার নিচে সঠিক বাক্যগুলো লিখুন। প্রথম উত্তর দুটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

১. Can I have a cup of tea, please? ✓
২. I see can your passport, please? ✗
   Can I see your passport, please?
৩. Can I buy some flowers?
৪. I can pay in cash?
৫. Can I make an order, please?

**উত্তর**
অনুশীলনী-চার : ৩-✓, ৪-✗ Can I pay in cash?, ৫-✓

# প্রয়োজনীয় ইংরেজি

## এই জিনিসটির দাম কত? : প্রথম অংশ



হ্যালো, আমি মিশা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

বিভিন্ন বিদেশি মুদ্রার নাম এবং ভালো দামে কিছু কেনার কৌশল।

- **প্রথম অংশে আমরা শিখব**—বিভিন্ন বিদেশি মুদ্রার নাম এবং কোনোকিছুর দাম কীভাবে জিজ্ঞাসা করতে হয়।
- দ্বিতীয় অংশে আমরা শিখব—কোনো বিশেষণের সঙ্গে **very** শব্দটি কীভাবে ব্যবহার করতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—আলোচনার মাধ্যমে ভালো দামে কীভাবে কিছু কিনতে হয়।

### অনুশীলনী-এক

*নিচে বাঁ দিকে বিভিন্ন মুদ্রার প্রতীক বা চিহ্ন দেওয়া আছে এবং ডান দিকে আছে কিছু মুদ্রার নাম। বলুন তো, কোন মুদ্রাটি কোন দেশে ব্যবহার করা হয়? মুদ্রার প্রতীকগুলো মুদ্রার সঠিক নামের সঙ্গে মিলিয়ে নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

| | |
|---|---|
| ১. € | ক. taka |
| ২. ¥ | খ. yen |
| ৩. £ | গ. dollar |
| ৪. $ | ঘ. pound sterling |
| ৫. ৳ | ঙ. euro |

### অনুশীলনী-দুই

*নাসিম একটি দোকানে কিছু কিনতে গিয়েছেন। ডান দিকে সেই দোকানের দোকানি আশিকের সঙ্গে নাসিমের কথোপকথনটি পড়ুন। তারপর আপনার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে এই কথোপকথনের সংলাপগুলো চর্চা করুন।*



| | | |
|---|---|---|
| **Nasim** | : | How much does this cost? |
| **Ashik** | : | It costs 100 taka. |
| **Nasim** | : | How much do these cost? |
| **Ashik** | : | They cost 300 taka. |

লক্ষ করুন, কোনোকিছুর মূল্য জিজ্ঞাসা করার সময় ইংরেজিতে আমরা বলি-

**How much does this cost?**

এ ধরনের প্রশ্নের উত্তরে ইংরেজিতে আমরা বলি-

**It costs + মূল্য.**

আবার একাধিক জিনিস, যেমন- jeans বা shoes-এর মূল্য জিজ্ঞাসা করার সময় ইংরেজিতে আমরা বলি-

**How much do these cost?**

এবং এ ধরনের প্রশ্নের উত্তরে ইংরেজিতে আমরা বলি-

**They cost + মূল্য.**

### অনুশীলনী-তিন

*এবার আপনার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে চর্চা করুন। আপনারা যেসব জিনিস পরে আছেন, সেগুলোর মূল্য একে অন্যকে ইংরেজিতে জিজ্ঞাসা করুন এবং উত্তর দিন। কথোপকথনের সময় অনুশীলনী-দুই থেকে সাহায্য নিন।*

**উত্তর**

অনুশীলনী-এক : ২-খ, ৩-ঘ, ৪-গ, ৫-ক

# প্রয়োজনীয় ইংরেজি

## এই জিনিসটির দাম কত? : দ্বিতীয় অংশ



হ্যালো, আমি মিশা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

বিভিন্ন বিদেশি মুদ্রার নাম এবং ভালো দামে কিছু কেনার কৌশল।

- প্রথম অংশে আমরা শিখেছি—বিভিন্ন বিদেশি মুদ্রার নাম এবং কোনোকিছুর দাম কীভাবে জিজ্ঞাসা করতে হয়।
- **দ্বিতীয় অংশে আমরা শিখব**—কোনো বিশেষণের সঙ্গে **very** শব্দটি কীভাবে ব্যবহার করতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—আলোচনার মাধ্যমে ভালো দামে কীভাবে কিছু কিনতে হয়।

### অনুশীলনী-এক

*নাসিম কিছু প্রয়োজনীয় জিনিস কেনার জন্য একটি দোকানে গিয়েছেন। তিনি দোকানিকে জিনিসগুলোর দাম জিজ্ঞাসা করছেন। বলুন তো, দাম শোনার পর তিনি কী ভাবছেন?*



### অনুশীলনী-দুই

*এবার সেই দোকানের বিক্রয় প্রতিনিধি আশিকের সঙ্গে তার কথোপকথনটি নিচে লক্ষ করুন।*

| | | |
|---|---|---|
| **Nasim** | : | How much does this cost? |
| **Ashik** | : | It costs 1000 taka. |
| **Nasim** | : | That is very expensive.<br>And how much do these cost? |
| **Ashik** | : | They cost 50 taka. |
| **Nasim** | : | Really? That is very cheap. |

কোনোকিছুর মূল্য বেশি হলে ইংরেজিতে আমরা বলি-

**very expensive** (খুব দামি)

কোনোকিছুর দাম বেশি বা কম বোঝাতে ইংরেজিতে বিশেষণের আগে **very** শব্দটি ব্যবহার করা হয়। কখনোই **much** ব্যবহার করা হয় না। নিচের উদাহরণগুলো মনোযোগ দিয়ে লক্ষ করুন।

**That is <u>very expensive</u>.** (সঠিক)
**That is <u>very cheap</u>.** (সঠিক)
**That is <u>too much expensive</u>.** (সঠিক নয়)

লক্ষ করুন, জিনিসটির মূল্য **অনেক বেশি** বোঝাতে এখানে **expensive** বিশেষণের আগে **very** শব্দটি ব্যবহার করা হয়েছে। এভাবে কোনোকিছুর ক্ষেত্রে **খুব**, **অধিক**, **অতিরিক্ত** প্রভৃতি বোঝাতে ইংরেজিতে আমরা কোনো বিশেষণের আগে **very** শব্দটি ব্যবহার করে থাকি। যেমন :

**The weather is very hot.**

**Moni is a very good student.**

### অনুশীলনী-তিন

*নিচের বাক্যগুলো পড়ুন। এখানে যে বাক্যগুলো সঠিক, সেগুলোর পাশে টিক চিহ্ন দিন। যে বাক্যগুলো ভুল সেগুলো চিহ্নিত করুন এবং তার নিচে বাক্যটি শুদ্ধ করে লিখুন।*

১. This is expensive very. ✗
*This is very expensive.*
২. The woman is very beautiful. ✓
৩. The children are very noisy.
৪. This material is cheap very.
৫. This shirt is too much big.
৬. The traffic is very bad today.

**উত্তর**
অনুশীলনী-তিন : ৩-✓, ৪-✗ This material is very cheap, ৫-✗ This shirt is very big, ৬-✓

BBC জানালা

www.bbcjanala.com

প্রথম আলো

The Daily Prothom Alo

# প্রয়োজনীয় ইংরেজি

## এই জিনিসটির দাম কত? : তৃতীয় অংশ



হ্যালো, আমি মিশা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

বিভিন্ন বিদেশি মুদ্রার নাম এবং ভালো দামে কিছু কেনার কৌশল।

- প্রথম অংশে আমরা শিখেছি—বিভিন্ন বিদেশি মুদ্রার নাম এবং কোনোকিছুর দাম কীভাবে জিজ্ঞাসা করতে হয়।
- দ্বিতীয় অংশে আমরা শিখেছি—কোনো বিশেষণের সঙ্গে **very** শব্দটি কীভাবে ব্যবহার করতে হয়।
- **তৃতীয় অংশে আমরা শিখব**—আলোচনার মাধ্যমে ভালো দামে কীভাবে কিছু কিনতে হয়।

### অনুশীলনী-এক

*নিচের ছবিটি লক্ষ করুন। বলুন তো, ছবির দুজন ব্যক্তি কী নিয়ে কথা বলছেন এবং তাদের পরিচয় কী?*



### অনুশীলনী-দুই

*অনুশীলনী-এক-এ আপনি দুজন ব্যক্তিকে দেখেছেন। নিচে তাদের কথোপকথনটি পড়ুন। দেখুন তো, তাদের পরিচয় সম্পর্কে আপনার অনুমান সঠিক ছিল কি না।*

**Nasim** : How much does this material cost?
**Ashik** : It costs 500 taka per yard.
**Nasim** : That is very expensive.
**Ashik** : You can have a 5% discount.
**Nasim** : That is still too expensive. How about a 20% discount? I can buy in bulk.
**Ashik** : Is a 10% discount OK?
**Nasim** : It is still too expensive. How about a 15% discount? I can pay in cash.
**Ashik** : Very well, sir. You can have a 15% discount, but you have to buy in bulk and pay in cash.
**Nasim** : Great. I will take it.

লক্ষ করুন, বিক্রেতা আশিক এই কথোপকথনের এক পর্যায়ে ক্রেতা নাসিমকে নির্দিষ্ট পণ্যের জন্য কিছুটা ছাড় দিয়েছেন। কিন্তু ছাড় পাওয়ার পরে নাসিম বললেন, জিনিসটির দাম তবুও অনেক বেশি। **তবুও** শব্দটিকে এখানে ইংরেজিতে **still** বলা হয়েছে। নাসিম বলেছেন-

**That is <u>still</u> too expensive.**

### অনুশীলনী-তিন

*আপনার একজন বন্ধুর সঙ্গে অনুশীলন-দুই-এর কথোপকথনটি চর্চা করুন। চর্চা করার সময় ক্রেতা ও বিক্রেতার চরিত্রগুলো নিজেদের মধ্যে পরিবর্তন করে নিন।*

### অনুশীলনী-চার

*অনুশীলনী-দুই-এর দুটি বাক্য নিচে লক্ষ করুন। দেখুন তো, ভালো দামে জিনিসটি কেনার জন্য নাসিম কোন দুটি বিষয় নিয়ে কথা বলেছেন?*

**Nasim** : That is still too expensive. How about a 20% discount? **I can buy in bulk.**

**Nasim** : It is still too expensive. How about a 15% discount? **I can pay in cash.**

### অনুশীলনী-পাঁচ

*এবার আপনার একজন বন্ধুর সঙ্গে অনুশীলনী-দুই-এর কথোপকথনটি চর্চা করুন। চর্চা করার সময়* **I can buy in bulk.** *ও* **I can pay in cash.** *-এই কথাগুলো ব্যবহার করতে ভুলবেন না।*

**উত্তর**
অনুশীলনী-এক : ছবির দুজন ব্যক্তি একটি পণ্য কেনা নিয়ে কথা বলছেন। তাদের একজন ক্রেতা ও অন্যজন বিক্রেতা।

# প্রয়োজনীয় ইংরেজি

## আপনি কী করেন? : প্রথম অংশ



হ্যালো, আমি জ্যান। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

ব্যাংক ও বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানে কী ধরনের কাজ হয় এবং ঋণ দেওয়ার জন্য এই প্রতিষ্ঠানগুলো কীভাবে কাজ করে।

- **প্রথম অংশে আমরা** ব্যাংকের একজন ঋণ কর্মকর্তার বিভিন্ন কাজ সম্পর্কে জানব।
- দ্বিতীয় অংশে আমরা ব্যাংকের একজন ঋণ কর্মকর্তার একটি সাক্ষাৎকার পড়ব।
- তৃতীয় অংশে আমরা একজন ব্যক্তি সম্পর্কে জানব, যিনি সম্প্রতি একটি ব্যাংক থেকে ঋণ পেয়েছেন।

### অনুশীলনী-এক

*ওপরের ছবিগুলো লক্ষ করুন। অনুমান করে বলুন তো, একটি ব্যাংক ও সিএনজিচালিত একটি অটোরিকশার মধ্যে কী ধরনের সম্পর্ক থাকতে পারে?*



Sabrina works in a bank. She is a credit officer. Customers come and ask her for a loan to rent a shop or to buy a CNG. First, they fill in an application form. Then Sabrina listens to their story.

She starts work at nine o'clock and she interviews customers in the morning. In the afternoon she talks to her team and to the manager. Sometimes they agree to give the loan. Sometimes they refuse. Then people are angry or upset. Sabrina does not like refusing customers.

### অনুশীলনী-দুই

*নিচে কিছু শব্দ ও বাক্যাংশ দেওয়া আছে। এবার অনুশীলনী-এক-এর বাক্যগুলো আবার পড়ুন। দেখুন তো, সেখানে নিচের শব্দ ও বাক্যাংশগুলো খুঁজে পাচ্ছেন কি না? এবার বাঁ দিকের ইংরেজি শব্দ ও বাক্যাংশগুলো ডান দিকের সঠিক বাংলা শব্দগুলোর সঙ্গে মিলিয়ে নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

| | |
|---|---|
| ১. a loan | ক. সাক্ষাৎকার নেওয়া |
| ২. a business | খ. হতাশ |
| ৩. listen to | গ. ঋণ |
| ৪. interview | ঘ. শোনা |
| ৫. angry | ঙ. আলোচনা করা |
| ৬. upset | চ. ব্যবসা |
| ৭. ask for | ছ. চাওয়া |
| ৮. discuss | জ. রাগ করা |

### অনুশীলনী-তিন

*ডান দিকে সাবরিনার পেশা সম্পর্কে কিছু অসম্পূর্ণ বাক্য লেখা আছে। প্রতিটি বাক্য সম্পূর্ণ করার জন্য দুটি করে সম্ভাব্য উত্তর আছে। সঠিক উত্তরগুলো বাছাই করে টিক চিহ্ন দিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

১. Sabrina works in a (shop / bank ✓).
২. She is a (credit officer / police officer).
৩. People (ask / tell) her for a loan.
৪. Sabrina (talks / listens) to their story.
৫. Sabrina interviews customers in the (morning / afternoon).

### অনুশীলনী-চার

সময়—বিষয়ক একটি লেসনে আমরা শিখেছিলাম, ইংরেজিতে **morning, afternoon** ও **evening**-এর বিভিন্ন সময় নিয়ে কিছু বলার ক্ষেত্রে সময়ের আগে **in** ব্যবহৃত হয়। যেমন- **in the morning, in the evening** ইত্যাদি। কিন্তু নির্দিষ্ট কোনো সময় নিয়ে কিছু বলার ক্ষেত্রে সময়ের আগে **at** ব্যবহৃত হয়। যেমন : **at three o'clock, at lunchtime, at midday, at night** ইত্যাদি।

অনুশীলনী-এক-এর বাক্যগুলো মনোযোগ সহকারে আবার পড়ুন এবং যেসব বাক্যে **in** ও **at** ব্যবহার করা হয়েছে, সেগুলোর নিচে দাগ দিন। এবার সঠিক **preposition** ব্যবহার করে নিচের শূন্যস্থানগুলো পূরণ করুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

| | |
|---|---|
| ১. _in_ the morning | ২. ____ the afternoon |
| ৩. ____ nine o'clock | ৪. ____ the evening |
| ৫. ____ lunchtime | ৬. ____ dinner time |

### অনুশীলনী-পাঁচ

*আপনার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে চর্চা করুন। চর্চা করার সময় সাবরিনার কাজ নিয়ে আলোচনা করুন। এ ক্ষেত্রে আপনি অনুশীলনী-এক থেকে সাহায্য নিতে পারেন।*

**উত্তর**

অনুশীলনী-দুই : ২-চ, ৩-ঘ, ৪-ক, ৫-জ, ৬-খ, ৭-ছ, ৮-ঙ
অনুশীলনী-তিন : ২-credit officer, ৩-ask, ৪-listens, ৫- morning
অনুশীলনী-চার : ২-in, ৩-at, ৪-in, ৫-at, ৬-at

# প্রয়োজনীয় ইংরেজি

## আপনি কী করেন? : দ্বিতীয় অংশ



হ্যালো, আমি জ্যান। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

**এই লেসনে আপনি শিখবেন :**

ব্যাংক ও বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানে কী ধরনের কাজ হয় এবং ঋণ দেওয়ার জন্য এই প্রতিষ্ঠানগুলো কীভাবে কাজ করে।

- প্রথম অংশে আমরা ব্যাংকের একজন ঋণ কর্মকর্তার বিভিন্ন কাজ সম্পর্কে জেনেছি।
- **দ্বিতীয় অংশে আমরা** ব্যাংকের একজন ঋণ কর্মকর্তার একটি সাক্ষাৎকার পড়ব।
- তৃতীয় অংশে আমরা একজন ব্যক্তি সম্পর্কে জানব, যিনি সম্প্রতি একটি ব্যাংক থেকে ঋণ পেয়েছেন।



সাবরিনা একটি ব্যাংকের ঋণ কর্মকর্তা। যেসব গ্রাহক কোনো ব্যবসা শুরু করার জন্য ব্যাংক থেকে ঋণ নিতে চান, সাবরিনা তাদের সাক্ষাৎকার গ্রহণ করেন। ঋণ দেওয়ার আগে তিনি গ্রাহকদের আবেদনপত্র প্রস্তুত করেন এবং এ বিষয়ে ব্যবস্থাপনা বিভাগের কাছে তথ্য দেন।

### অনুশীলনী-এক

ওয়ালিদ একজন সাংবাদিক। সম্প্রতি তিনি সাবরিনার একটি সাক্ষাৎকার নিয়েছেন। নিচে তাদের কথোপকথনটি পড়ুন।



**Walid** : Thank you for talking to me. What do you do?
**Sabrina** : I work in a bank. I am a credit officer.
**Walid** : Can you tell me about your work, please?
**Sabrina** : I receive applications for loans.
**Walid** : Do you enjoy your job?
**Sabrina** : I enjoy talking to customers, but I do not like refusing customers.
**Walid** : What qualifications do you have for this job?
**Sabrina** : I have a degree in Economics and three years' experience in the bank.
**Walid** : Thank you. It was nice talking to you.

### অনুশীলনী-দুই

*নিচে কিছু শব্দ দেওয়া আছে। বাঁ দিকের ইংরেজি শব্দগুলো ডান দিকের সঠিক বাংলা শব্দগুলোর সঙ্গে মিলিয়ে নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

| | |
|---|---|
| ১. applications | ক. যোগ্যতা |
| ২. qualifications | খ. অভিজ্ঞতা |
| ৩. Economics | গ. আবেদনপত্র |
| ৪. experience | ঘ. অর্থনীতি |

### অনুশীলনী-তিন

*অনুশীলনী-এক-এর কথোপকথনটি আবার পড়ুন। এবার নিচের বাক্যগুলো লক্ষ করুন। প্রতিটি বাক্যের মধ্যে ব্র্যাকেটে কিছু শব্দ দেওয়া আছে। ব্র্যাকেট থেকে সঠিক শব্দটি নিয়ে বাক্যগুলো সম্পূর্ণ করুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

১. It was nice (talk/talking ✓) to you.
২. What (do/are) you do?
৩. I work (in/on) a bank.
৪. (Do/Are) you enjoy your job?

### অনুশীলনী-চার

লক্ষ করুন, আমরা যখন কোনো ব্যক্তির কাজ, পেশা বা চাকরি সম্পর্কে জানতে চাই, তখন ইংরেজিতে আমরা বলি-

**What do you do?**

*এই বাক্যটি আপনার পরিবারের সদস্যদের এবং আপনার বন্ধুদের সঙ্গে চর্চা করুন। নিজের ও অন্যদের কাজ সম্পর্কে জিজ্ঞাসা করুন এবং উত্তর দিন।*

**What do you do? I am a/an ______________.**

**can** শব্দটি ব্যবহার করে কাউকে অনুরোধ করার সময় বাক্যের শেষে আমরা **please** শব্দটি ব্যবহার করে থাকি। যেমন :

**Can you tell me about your job, please?**

**Can you help me, please?**

**উত্তর**
অনুশীলনী-দুই : ২-ক, ৩-ঘ, ৪-খ
অনুশীলনী-তিন :২-do, ৩-in, ৪-Do

# প্রয়োজনীয় ইংরেজি

## আপনি কী করেন? : তৃতীয় অংশ



হ্যালো, আমি জ্যান। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

**এই লেসনে আপনি শিখবেন :**

ব্যাংক ও বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানে কী ধরনের কাজ হয় এবং ঋণ দেওয়ার জন্য এই প্রতিষ্ঠানগুলো কীভাবে কাজ করে।

- প্রথম অংশে আমরা ব্যাংকের একজন ঋণ কর্মকর্তার বিভিন্ন কাজ সম্পর্কে জেনেছি।
- দ্বিতীয় অংশে আমরা ব্যাংকের একজন ঋণ কর্মকর্তার একটি সাক্ষাৎকার পড়েছি।
- **তৃতীয় অংশে আমরা** একজন ব্যক্তি সম্পর্কে জানব, যিনি সম্প্রতি একটি ব্যাংক থেকে ঋণ পেয়েছেন।

### অনুশীলনী-এক



*ছবিটি লক্ষ করুন। ছবিতে আপনি সিএনজিচালিত একটি অটোরিকশা ও এর চালক জনাব আহম্মদকে দেখতে পাচ্ছেন। অনুমান করে বলুন তো, আহম্মদ কেন এত আনন্দিত?*

### অনুশীলনী-দুই

*এবার নিচের লেখাগুলো পড়ুন এবং দেখুন তো, চালক আহম্মদের খুশি হওয়ার কারণ নিয়ে আপনি যা অনুমান করেছিলেন, তা সঠিক ছিল কি না?*

Ahmed is a CNG driver. He rented a CNG for five years. He went to the bank last month and asked for a loan to buy a CNG. He received the loan and bought one.

He is going to pay back the loan in three years. Today, he is going to give his brothers and sisters a ride in his new CNG. They are very happy and they are going to buy sweets for him.

Yesterday someone asked him "What do you do?" He said "I drive my CNG." He is very proud.

### অনুশীলনী-তিন

*নিচের শব্দ ও বাক্যাংশগুলো লক্ষ করুন। বাঁ দিকের ইংরেজি শব্দ ও বাক্যাংশগুলো ডান দিকের সঠিক বাংলা শব্দগুলোর সঙ্গে মিলিয়ে নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

| | |
|---|---|
| ১. rent → খ | ক. কেনার জন্য (কিনেছিল) |
| ২. pay back | খ. ভাড়া দেওয়া |
| ৩. buy (bought) | গ. গর্বিত |
| ৪. give a ride in | ঘ. ঋণ পরিশোধ করা |
| ৫. proud | ঙ. চড়ানো বা চড়তে দেওয়া |

### অনুশীলনী-চার

*অনুশীলনী-দুই-এর বাক্যগুলো আবার পড়ুন। এবার নিচের বাক্যগুলো থেকে সত্য/ মিথ্যা নির্ধারণ করুন। সত্য বাক্যটির পাশে* **T** (True) *লিখুন এবং মিথ্যা বাক্যটির পাশে* **F** (False) *লিখুন।*

| | |
|---|---|
| ১. Ahmed is a bus driver. | [ **F** ] |
| ২. He went to the bank and asked for a loan. | [ ] |
| ৩. He rented a CNG for ten years. | [ ] |
| ৪. He did not receive the loan. | [ ] |
| ৫. He is very proud. | [ ] |

### অনুশীলনী-পাঁচ

লক্ষ করুন, ভবিষ্যতের কোনো কাজের পরিকল্পনা নিয়ে কিছু বলার সময় ইংরেজিতে আমরা এভাবে বাক্য গঠন করি-

**going to + verb**

He is **going to pay back the loan.**

একইভাবে ভবিষ্যতে করতে যাওয়া কোনো কাজের ক্ষেত্রেও আমরা একই নিয়মে বাক্য গঠন করতে পারি। যেমন :

Tomorrow I am **going to buy** a sari.

*এবার আপনি ভবিষ্যতের কিছু কাজ সম্পর্কে কিছু বাক্য তৈরি করুন। বাক্যগুলো তৈরি করার সময়* **going to** *ব্যবহার করে নিচের শূন্যস্থানগুলো পূরণ করুন।*

ক. Tomorrow I ______________________.
খ. Tonight I ______________________.
গ. Next week I ______________________.

*এবার সম্পূর্ণ বাক্যগুলো আপনার বন্ধুর সঙ্গে চর্চা করুন। এভাবে আপনি আরও কিছু বাক্য তৈরি করুন।*

**উত্তর**

অনুশীলনী-তিন : ২-ঘ, ৩-ক, ৪-ঙ, ৫-গ
অনশীলনী-চার : ২-T, ৩-F, ৪-F, ৫-T

# প্রয়োজনীয় ইংরেজি

## আপনি কোথায় কাজ করেন? : প্রথম অংশ



হ্যালো, আমি জ্যান। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

## এই লেসনে আপনি শিখবেন :

একটি বিমান পরিবহন সংস্থার বিভিন্ন কাজ সম্পর্কে কীভাবে কিছু বলতে হয়।

- **প্রথম অংশে আমরা** একজন বিমানচালকের বিভিন্ন কাজ সম্পর্কে জানব।
- দ্বিতীয় অংশে আমরা একজন বিমানচালকের একটি সাক্ষাৎকার পড়ব।
- তৃতীয় অংশে আমরা বিমানের কেবিনে সেবা প্রদানকারী একজন কর্মীর কাজ সম্পর্কে জানব।

### অনুশীলনী-এক

*নিচের ছকটি লক্ষ করুন। এখানে বাঁ দিকে বিভিন্ন পেশাজীবীর নাম ও ডান দিকে তাদের কিছু কাজের বর্ণনা দেওয়া আছে। বিভিন্ন পেশার নামগুলো সঠিক কাজগুলোর সঙ্গে মিলিয়ে নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

| | |
|---|---|
| ১. A lawyer | ক. flies aeroplanes. |
| ২. A pilot | খ. helps a doctor in hospital. |
| ৩. A doctor | গ. gives people advice about the law. |
| ৪. A nurse | ঘ. makes sick people better. |
| ৫. A policeman | ঙ. helps to prevent crime. |

### অনুশীলনী-দুই

*একজন বিমানচালকের বিভিন্ন কাজ সম্পর্কে নিচের লেখাটি পড়ুন।*



This is Captain Alamgir. He is a pilot and he works for an international airline. He flies passengers to different cities in Bangladesh on domestic flights. He also flies to Dubai, Kathmandu and London on international flights. To get a licence to fly, he got good marks in Maths and Physics at HSC and then studied in a flying academy. Before he started his job, he had 200 hours of flying experience.

### অনুশীলনী-তিন

*এবার ডান দিকের শব্দগুলো লক্ষ করুন। সেখানে বাঁ দিকের ইংরেজি শব্দগুলো ডানদিকের সঠিক বাংলা শব্দগুলোর সঙ্গে মিলিয়ে নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

| | |
|---|---|
| ১. international flight | ক. শহর |
| ২. passenger | খ. আন্তর্জাতিক বিমান পরিবহন |
| ৩. city | গ. অভ্যন্তরীণ বিমান পরিবহন |
| ৪. domestic flight | ঘ. অভিজ্ঞতা |
| ৫. fly | ঙ. যাত্রী |
| ৬. experience | চ. ওড়া/উড্ডয়ন |

### অনুশীলনী-চার

*নিচের বাক্যগুলো লক্ষ করুন। এবার এই বাক্যগুলো থেকে সত্য/মিথ্যা নির্ধারণ করুন। সত্য বাক্যের পাশে* **T** (True) *লিখুন এবং মিথ্যা বাক্যের পাশে* **F** (False) *লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

| | |
|---|---|
| ১. Captain Alamgir is a pilot. | [ T ] |
| ২. Captain Alamgir works for an airline. | [ ] |
| ৩. He flies to London on domestic flights. | [ ] |
| ৪. He got good marks in Maths and Physics. | [ ] |
| ৫. He studied in a flying academy. | [ ] |

### অনুশীলনী-পাঁচ

*একজন বন্ধুকে সঙ্গে নিয়ে অনুশীলনী-দুই-এর বাক্যগুলো আবার পড়ুন। এবার নিচের বাক্যগুলো লক্ষ করুন। প্রতিটি বাক্যে কিছু শূন্যস্থান রয়েছে। সঠিক শব্দ ব্যবহার করে নিচের শূন্যস্থানগুলো পূরণ করুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

১. Captain Alamgir works for *an international airline*.
২. He flies to different cities in Bangladesh on ______.
৩. He flies to London on ______.
৪. He studied in a ______.

**উত্তর**

অনুশীলনী-এক : ২-ক, ৩-ঘ, ৪-খ, ৫-ঙ
অনুশীলনী-তিন : ২-ঙ, ৩-ক, ৪-গ, ৫-চ, ৬-ঘ
অনুশীলনী-চার : ২-T, ৩-F, ৪-T, ৫-T
অনুশীলনী-পাঁচ : ২-domestic flights, ৩-international flights, ৪-flying academy

BBC জানালা
www.bbcjanala.com

প্রথম আলো
The Daily Prothom Alo

# প্রয়োজনীয় ইংরেজি

## আপনি কোথায় কাজ করেন? : দ্বিতীয় অংশ



হ্যালো, আমি জ্যান। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

একটি বিমান পরিবহন সংস্থার বিভিন্ন কাজ সম্পর্কে কীভাবে কিছু বলতে হয়।

- প্রথম অংশে আমরা একজন বিমানচালকের বিভিন্ন কাজ সম্পর্কে জেনেছি।
- **দ্বিতীয় অংশে আমরা** একজন বিমানচালকের একটি সাক্ষাৎকার পড়ব।
- তৃতীয় অংশে আমরা বিমানের কেবিনে সেবা প্রদানকারী একজন কর্মীর কাজ সম্পর্কে জানব।

### অনুশীলনী-এক

*এই লেসনের প্রথম অংশের ক্যাপ্টেন আলমগীরের কথা আপনার নিশ্চয়ই মনে আছে? সম্প্রতি সাংবাদিক ওয়ালিদ ক্যাপ্টেন আলমগীরের একটি সাক্ষাৎকার নিয়েছেন। নিচে তাদের কথোপকথনটি পড়ুন।*



**Walid** : Good afternoon. Thank you for talking to me. Who do you work for?
**Alamgir** : I work for an international airline.
**Walid** : What do you do?
**Alamgir** : I am a pilot.
**Walid** : Do you enjoy your job?
**Alamgir** : I love my job, but it is sometimes stressful.
**Walid** : Do you always fly to cities in Bangladesh?
**Alamgir** : No, I often fly to Dubai.
**Walid** : What time do you start work?
**Alamgir** : I usually start work two hours before the flight.

### অনুশীলনী-দুই

*নিচের প্রশ্নবোধক বাক্যগুলো লক্ষ করুন। প্রতিটি বাক্যে শব্দগুলো এলোমেলোভাবে দেওয়া আছে এবং প্রতিটি বাক্যের পাশে একটি করে শূন্যস্থান আছে। শব্দগুলো সঠিকভাবে সাজান এবং সঠিক বাক্যগুলো ডান দিকের শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

| | |
|---|---|
| ১. do What do you? | What do you do? |
| ২. your enjoy you job Do? | ________ |
| ৩. do work you Where? | ________ |
| ৪. work time you What start do? | ________ |

যদি কোনো ঘটনা প্রায়ই, সচরাচর, সব সময় বা বারবার ঘটে, তবে ইংরেজিতে সেই ঘটনা নিয়ে কিছু বলার সময় আমরা **often, sometimes, always, usually** এই শব্দগুলো ব্যবহার করে থাকি। বাক্যে কোথায় এই শব্দগুলো বসে, তা মনোযোগ দিয়ে লক্ষ করুন। নিচের এই বাক্যগুলোতে এই শব্দগুলো বসেছে **verb** বা ক্রিয়াপদের আগে :

**I often go shopping.**
**I usually have dinner at seven pm.**

### অনুশীলনী-তিন

*এবার অনুশীলনী-দুই-এর শব্দগুলো ব্যবহার করে নিচের শূন্যস্থানগুলো পূরণ করুন।*

ক. I ________ get up at seven o'clock.
খ. I ________ have lunch at one o'clock.
গ. I ________ watch television in the evenings.
ঘ. I ____________ do my homework.

*এই বাক্যগুলো ব্যবহার করে একজন বন্ধুর সঙ্গে আপনার দৈনন্দিন কাজ সম্পর্কে কথা বলুন।*

**উত্তর**
অনুশীলনী দুই : ২-Do you enjoy your job?; ৩- Where do you work?; ৪-What time do you start work?

BBC জানালা
www.bbcjanala.com
প্রথম আলো
The Daily Prothom Alo

# প্রয়োজনীয় ইংরেজি

## আপনি কোথায় কাজ করেন? : তৃতীয় অংশ



হ্যালো, আমি জ্যান। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

## এই লেসনে আপনি শিখবেন :

একটি বিমান পরিবহন সংস্থার বিভিন্ন কাজ সম্পর্কে কীভাবে কিছু বলতে হয়।

- প্রথম অংশে আমরা একজন বিমানচালকের বিভিন্ন কাজ সম্পর্কে জেনেছি।
- দ্বিতীয় অংশে আমরা একজন বিমানচালকের একটি সাক্ষাৎকার পড়েছি।
- **তৃতীয় অংশে আমরা** বিমানের কেবিনে সেবা প্রদানকারী একজন কর্মীর কাজ সম্পর্কে জানব।

### অনুশীলনী-এক



*ক্যাপ্টেন আলমগীর একটি আন্তর্জাতিক বিমান পরিবহন সংস্থার বিমানচালক। তিনি একটি দলের সঙ্গে কাজ করেন। সেই দলের একজন সদস্য খুশি। খুশির ছবি দেখে অনুমান করে বলুন তো, খুশি কী কাজ করেন?*

### অনুশীলনী-দুই

*খুশি বিমানের একজন কর্মী। তাকে কেবিন ক্রু বলা হয়। তিনি বিমানের যাত্রীদের খাবার, পানীয় পরিবেশনের পাশাপাশি আরাম ও নিরাপত্তার বিষয়টি দেখাশোনা করেন।*

কামাল নামের একজন ব্যক্তি বিমানে করে দুবাই যাচ্ছেন। নিচে কামাল ও খুশির কথোপকথনটি পড়ুন।

**Khushi** : Please fasten your seatbelt, sir.
**Kamal** : Yes, OK. Can I smoke?
**Khushi** : Sorry, sir. There is no smoking on this flight and please switch off your mobile phone.
**Kamal** : OK.
**Khushi** : Would you like a drink?
**Kamal** : Yes. Can I have a soft drink, please?
**Khushi** : Here is a landing card. Please fill it in before we land in Dubai. You will need your personal details and your passport number.
**Kamal** : It is in my bag in the overhead locker.
**Khushi** : Don't worry. I will get it for you.

### অনুশীলনী-তিন

*নিচের শব্দগুলো লক্ষ করুন। এখানে যে শব্দগুলো আপনার কাছে নতুন সেগুলো বারবার পড়ুন এবং চর্চা করুন।*

| | |
|---|---|
| fasten | বাঁধা |
| personal details | ব্যক্তিগত তথ্যসমূহ |
| switch off | বন্ধ করা |
| smoke | ধূমপান করা |
| landing card | অবতরণপত্র |
| fill in | পূরণ করা |
| overhead locker | যাত্রীর মাথার ওপরে মালপত্র রাখার জায়গা |
| land | অবতরণ করা |
| don't worry | চিন্তা করবেন না |

কারও কোনো কিছু প্রয়োজন আছে কি না সে বিষয়ে জানার জন্য **Do you want?** -এই শব্দগুলো ব্যবহার করা যায়। কিন্তু কিছুটা বিনয়ের সঙ্গে এ ধরনের প্রশ্ন করার সময় ইংরেজিতে আমরা **Would you like** -এই শব্দগুলো ব্যবহার করি। যেমন- **Would you like a drink?** অর্থাৎ আপনি কি অনুগ্রহ করে কিছু পান করবেন?

আবার **get** শব্দটির অনেকগুলো অর্থ রয়েছে। এখানে কোনোকিছু আনা বা কাউকে কিছু দেওয়া বোঝাতে **get** ব্যবহার করা হয়েছে। যেমন—**I will get it for you**। অর্থাৎ আমি আপনাকে এটি এনে দিচ্ছি। এখানে **get** শব্দটির অর্থ হলো **এনে দেওয়া**।

### অনুশীলনী-চার

*এবার আপনার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে অনুশীলনী-দুই-এর সংলাপগুলো চর্চা করুন। একজন খুশির সংলাপগুলো বলুন এবং অন্যজন কামালের সংলাপগুলো বলুন। এভাবে একজন কেবিন ক্রু ও একজন যাত্রীর মধ্যকার কথোপকথনটি আপনারা চর্চা করুন।*

# প্রয়োজনীয় ইংরেজি

## আমি কি অতিরিক্ত শিফটে কাজ করতে পারি? : প্রথম অংশ



হ্যালো, আমি মিশা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

বিভিন্ন চাকরিতে অতিরিক্ত শিফটে কাজের জন্য কীভাবে অনুমতি চাইতে হয়।

- **প্রথম অংশে আমরা** বিভিন্ন ধরনের পেশা সম্পর্কে জানব।
- দ্বিতীয় অংশে আমরা শিখব—নিজের কাজ সম্পর্কে কীভাবে কিছু বলতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—অতিরিক্ত শিফটে কাজের জন্য কীভাবে অনুমতি চাইতে হয়।

### অনুশীলনী-এক

*নিচে বিভিন্ন পেশাজীবীর ছবিগুলো দেখুন। ছবির নিচে কয়েকটি পেশার নাম লেখা আছে। সেই নামগুলো পেশাজীবীদের সঠিক ছবির সঙ্গে মিলিয়ে নিন এবং আপনার উত্তরটি ছবির নিচের শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

ক. a teacher    খ. a factory worker
গ. a taxi driver    ঘ. ~~a doctor~~




১. a doctor    ২. ________




৩. ________    ৪. ________

বাংলাদেশে যারা চাকরি করেন তাদের সাধারণত **service holders** (চাকরিজীবী) বলা হয়ে থাকে। কিন্তু বাংলাদেশ সম্পর্কে যারা খুব একটা জানেন না, বিশেষ করে ইংরেজি ভাষাভাষীদের কাছে এই শব্দটি ভিন্ন মানে তৈরি করে। ইংরেজিতে বিভিন্ন পেশা বা কাজকে সাধারণত চারটি ক্ষেত্রে ভাগ করা হয়। যেমন :

| | |
|---|---|
| the public sector | সরকারি ক্ষেত্র |
| the private sector | বেসরকারি ক্ষেত্র |
| the voluntary sector | স্বেচ্ছাশ্রম—নির্ভর ক্ষেত্র |
| the military | সামরিক ক্ষেত্র |

### অনুশীলনী-দুই

*নিচে কয়েকজন পেশাজীবী সম্পর্কে কিছু বাক্য লেখা আছে। আপনি অনুমান করে বলুন তো, তাদের মধ্যে কে সরকারি ক্ষেত্রে ও কে বেসরকারি ক্ষেত্রে কাজ করেন? সঠিক উত্তরটি নিচের শূন্যস্থানগুলোতে লিখুন। প্রথম উত্তর দুটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।*

১. Moni is a teacher in a primary school.
She works in the public sector.
২. Kamal is a taxi driver.
He works in ________.
৩. Dilara is a garments factory worker.
She ________.
৪. Romana works in a government hospital.
________.
৫. Fahad is a soldier.
________.

**উত্তর**
অনুশীলনী এক : ২-ক, ৩-গ, ৪-খ
অনুশীলনী দুই :২-the private sector. ৩-works in the private sector. ৪-She works in the public sector. ৫-He works in the military.

# প্রয়োজনীয় ইংরেজি

## আমি কি অতিরিক্ত শিফটে কাজ করতে পারি? : দ্বিতীয় অংশ



হ্যালো, আমি মিশা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন, তবে শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

বিভিন্ন চাকরিতে অতিরিক্ত শিফটে কাজের জন্য কীভাবে অনুমতি চাইতে হয়।

- প্রথম অংশে আমরা বিভিন্ন পেশা সম্পর্কে জেনেছি।
- **দ্বিতীয় অংশে আমরা শিখব**—নিজের কাজ সম্পর্কে কীভাবে কিছু বলতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—অতিরিক্ত শিফটে কাজের জন্য কীভাবে অনুমতি চাইতে হয়।

---

### অনুশীলনী-এক

*নিচে কামাল ও রোমানার ছবি দুটি দেখুন। অনুমান করে বলুন তো, তারা কী কী কাজ করেন? অথবা তাদের পেশা কী?*




Kamal




Romana

